# উত্তরণ

বার্ষিক পত্রিকা - ২০১৭

## খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়

খাতড়া :: বাঁকুড়া

**NAAC Accredited B+ (2nd Cycle)**





**SISTER NIVEDITA**

(28/10/1867 - 13/10/1911)

*She was a social worker, teacher and author. In act she was inspired from her father and college teachers that service to mankind is the true service to God.*

**OUR TRIBUTE TO SISTER NIVEDITA ON HER 150TH BIRTH ANNIVERSARY**

राष्ट्रीय मूल्यांकन एवं प्रत्यायन परिषद

NATIONAL ASSESSMENT AND ACCREDITATION COUNCIL

An Autonomous Institution of the University Grants Commission

# Certificate of Accreditation

The Executive Committee of the
National Assessment and Accreditation Council
on the recommendation of the duly appointed
Peer Team is pleased to declare the
Khatra Adibasi Mahavidyalaya
Khatra, Dist. Bankura, affiliated to University of Burdwan, West Bengal as
Accredited
with CGPA of 2.54 on seven point scale
at B+ grade
valid up to November 04, 2021

Date : November 03, 2016

Director

---

খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়

# উত্তরণ

## বার্ষিক পত্রিকা-২০১৭

৩২তম সংখ্যা

প্রকাশনায় : ছাত্রসংসদ (২০১৬-১৭)
খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়

সম্পাদনায় : অসীম হাঁসদা

সহ-সম্পাদনায় : অভিক রজক

উপদেষ্টায় : ড. পার্থসারথি হাতি, অধ্যাপক মুচিরাম সরেন, অধ্যাপক তুহিন মজুমদার, ড. বিশ্বজিৎ পাত্র, অধ্যাপক বিশ্বনাথ মহাপাত্র ও অধ্যাপক মানস ঘোষ

সহযোগিতায় : বিধান মণ্ডল, অনুপম বিন, সঞ্জীব নন্দ, শ্রীকান্ত বাউরী, সদানন্দ মণ্ডল, নারায়ণ সরেন

পরিচালনায় : ছাত্রসংসদ (২০১৬-১৭)

মুদ্রণে : মিলন অফসেট, খাতড়া

## COLLEGE GOVERNING BODY ( 2015 - 2018)

| Portfolio | Name |
|---|---|
| President, (S.D.O., Khatra) | Mr. Tanay Deb Sarkar (W.B.C.S.), Exe: |
| Secretary (Teachar-in-Charge) | Dr. Parthasarothi Hati |
| Govt. Nominee | Mr. Shyamal Kumar Sarkar |
| University Nominee | Dr. Paresh Chowdhury |
| University Nominee | Dr. Binapani Ghosh |
| University Nominee | Dr. Joydeb Mandal |
| Teacher Representative | Prof. Aloke Bhowmik |
| Teacher Representative | Prof. Sreerupa Bhattacharjee |
| Teacher Representative | Dr. Swarup Kr. Maji |
| Non-teaching Representative | Mr. Debasish Dey |
| Non-teaching Representative | Mr. Bhajan Ch. Dan |

## *Faculty Members*

Teacher-in-charge : Dr. Parthasarothi Hati

Bursar : Dr. Md. Asif Ikbal

### Dept. of Bengali

1. Dr. Parthasarothi Hati, Asstt. Professor, M.A., Ph.D
2. Mr. Manas Ghosh, Asstt. Professor, M.A., Pursuing Ph.D (C.U.)
3. Mr. Amalendu Mandal, Govt. Approved Part-Time Teacher, M.A. Pursuing Ph.D (B.K.U.)
4. Dr. Biswajit Patra, Govt. Approved Part-Time Teacher, M.A., Ph.D.
5. Mr. Anupam Batabyal, Govt. Approved Part-Time Teacher, M.A.

### Dept. of English

1. Mr. Tuhin Majumdar, Asstt. Professor, M.A., Pursuing Ph.D. (B.U.)
2. Mr. Ujjawal Biswas, Asstt. Professor, M.A., Pursuing Ph.D. (N.I.T., Durgapur)
3. Mr. Biswanath Mahapatra, Govt. Approved Part-Time Teacher, M.A., M.Phil, B.Ed., NET Qualified, Pursuing Ph.D. (B.U.)
4. Mr. Krishna Layek, Guest Teacher, M.A., NET Qualified.
5. Mr. Bimalendu Mukherjee, Guest Teacher, M.A., B.LIS

### Dept. of Sanskrit

1. Mr. Haradhan Garai, Asstt. Professor, M.A., Pursuing Ph.D. (R.K.M.V., Belur Math)
2. Mr. Amiya Kr. Satpati, Asstt. Professor, M.A., Pursuing Ph.D. (R.K.M.V., Belur Math)
3. Lt. Tapan Kr. Patra, Govt. Approved Part-Time Teacher, M.A.
4. Ms. Sanchaita Banerjee, Govt. Approved Part-Time Teacher, M.A.
5. Ms. Biva Sinha Babu, Govt. Approved Part-Time Teacher M.A.

### Dept. of Santali

1. Mr. Muchiram Soren, Asstt. Professor, M.A.
2. Mr. Srikanta Majhi, Govt. Approved Part-Time Teacher, M.A., NET. Qualified
3. Mr. Dilip Baskey, Govt. Approved Part-Time Teacher, M.A., NET. Qualified
4. Mr. Doman Hansda, Govt. Approved Part-Time Teacher, M.A.. NET. Qualified

### Dept. of History

1. Mr. Aloke Bhowmik, Asstt. Professor, M.A., Pursuing Ph.D. (B.U.)
2. Ms. Sreerupa Bhattacharjee, Asstt. Professor, M.A., Pursuing Ph.D. (B.K.U.)
3. Mr. Shyam Sundar Dutta, Govt. Approved Part-Time Teacher, M.A..
4. Mr. Sujit Kumar Ghosh, Govt. Approved Part-Time Teacher, M.A.

## Dept. of Pol. Science

1. Two Full Time posts to be filled up
2. Mr. Gurudas Mondal, Guest-Teacher. M.A.

## Dept. of Philosophy

1. Ms. Kalpita Nandi, Asstt. Professor, M.A., M.Phil (On Lien)
2. Mr. Chandan Barman, Asstt. Professor, M.A.
3. Mr. Mrinal Kanti Mahato, Guest Teacher, M.A. (Double)
4. Ms. Tuhina Dey, Guest Teacher, M.A.
5. Ms. Sheuli Banerjee, Guest Teacher, M.A.

## Dept. of Economics

1. Mr. Syam Sundar Sen, Associate Professor, M.A. (Visiting Prof.)
2. Mr. Samir Kumar Pal, Associate Professor, M.A. M.Phil (Visiting Prof.)

## Dept. of Commerce

1. Mr. Kalyankanti Dutta, Asstt. Professor, M.Com., M.Phil
2. Mr. Raktim Bhanu Shit, Govt. Approved Part-Time Teacher, M.Com, I.C.W.A. (Inter)
3. One Full Time post to be filled up

## Dept. of Physical Education

1. One Full Time post to be filled up
2. Mr. Manojit Mandal, Govt. Approved Whole Time Contractual Teacher, M.P. Ed.
3. Mr. Kousik Mallick, Guest Teacher, M.P. Ed.

## Dept. of Geography

1. Mr. Giridhari Chand, Guest Teacher, M.A.
2. Mr. Saikat Chatterjee, Guest Teacher, M.A.

## Dept. of Music

1. Mrs. Sangita Sarkar (Dey), Guest Teacher, M.Music

## Dept. of Mathematics

1. Dr. Md. Asif Ikbal, Asstt. Professor, M.Sc, M.Ed., Ph.D
2. Mr. Madhab Nandi, Guest Teacher, M.Sc.
3. Mr. Sumanta Hazra, Guest Teacher, M.Sc.
4. Mr. Sandip Deria, Guest Teacher, M.Sc.

## Dept. of Chemistry

1. Dr. Swarup Kumar Maji, Asstt. Professor, M.Sc, Ph.D
2. Mr. Parimal Konar, Guest Teacher, M.Sc.
3. Mr. Saroj Modak, Guest Teacher, M.Sc.
4. Mr. Soumen Rakshit, Guest Teacher, M.Sc.

## Dept. of Physics

1. Dr. Siddhartha Sinha, Asstt. Professor, M.Sc., Ph.D
2. Mr. Sumanta Garai, Guest Teacher, M.Sc.
3. Ms. Minakshi Mandal, Guest Teacher, M.Sc.

## Dept. of Education

1. Mr. Akinchan Pal, Guest Teacher, M.A.

## Library

1. Mr. Hirak Roychaudhuri, Librarian, M.A. (English), M.Lis.

## N.S.S. Programme Officers

Unit -1 : Dr. Siddhartha Sinha
Unit - 2 : Mr. Amalendu Mandal
Unit -3 : Mr. Raktimbhanu Shit

## N.C.C. Officer

1. Lieutenant Tapan Patra

## Non-Teaching Staff

| | | |
|---|---|---|
| 1. | Sri Sukdeb Sahana | Head Clerk |
| 2. | Sri Bhajan Ch. Das | Accountant |
| 3. | Sri Ujjwal Bhattacharya | Cashier |
| 4. | Sri Debasis De | Clerk |
| 5. | To be filled up. | Library Clerk |
| 6. | Sri Sibabrata Dutta | Clerk |
| 7. | Sri Padmalochan Mandal | Eletrician-cum Care-taker |
| 8. | Sri Prasanta Kr. Mandal | Clerk |
| 9. | To be filled up. | Night Guard |
| 10. | To be filled up. | Attendant |
| 11. | To be filled up. | Peon |
| 12. | Sri Madhu Saren | Library Peon |
| 13. | Sri Anilbaran Sardar | Lab.Attendt. |
| 14. | Sri Sri Bharat Giri | Sweeper |
| 15. | To be filled up | Lab.Attendt. |
| 16. | Sri Madhusudan Singha | Peon |
| 17. | Sri Ajay Kumar Mahato | Guard |
| 18. | Smt Sipra Patra | Lady Attendant |
| 19. | Sri Paritosh Singha | Guard |
| 20. | Sri Palash Singha | Library Asstt. |
| 21. | Sri Nandalal Rajak | Clerk (U.G.C. Marged Scheme) |
| 22. | Sri Amit Kumar Pati | Security Guard Cum Office Astt. |
| 23. | Sri Baidyanath Hansda | Security Guard Cum Library Astt. |
| 24. | Sri Debdas Saren | Care Taker (Building & Lab.) |
| 25. | Uttam Bauri | Guard |

## N.S.S. Programme Officers

Unit -1 : **Dr. Siddhartha Sinha**

Unit - 2 : **Mr. Amalendu Mandal**

Unit -3 : **Mr. Raktimbhanu Shit**

## N.C.C. Officer

**Lieutenant Tapan Patra**

# Students' Council 2016-2017

| | |
|---|---|
| i) Vice President | Malay Mallick |
| ii) General Secretary | Milan Bauri |
| iii) Assistant General Secretary | Rahul Mahata |
| iv) Secretaries of the different section | |
| a) Cultural Secretary | Asit Mahata |
| Asstt. Secretary | Chandan Kuman Mandal |
| b) Games and Athletics Secretary | Santu Roy |
| Asstt. Game and Athletics Secretary | Anil Mandi |
| c) Magazine and Literature Secretary | Asim Hansda |
| Asstt. Magazine and Literature Secretary | Avik Rajak |
| d) Bignayan Parishad Secretary | Sohali Chatterjee |
| Asstt. Bignayan Parishad Secretary | Suroj Karmakar |
| e) Sudents Welfare and Social Service | Archana Soren |
| Asstt. Sudents Welfare and Social Service | Kajal Mallick |
| f) Common-room Secretaries | |
| i) Boys | Sukamal Mallick |
| Asstt. Sec. (Boys) | Rajib Mallick |
| ii) Girls | Priyanka Pal |
| Asstt. Sec. (Girls) | Sima Kumari |

# শুরু কথা

টাপুর টুপুর বৃষ্টি-ফোঁটাতেই নদেয় বান আসে। এ তো আমাদের জানা কথা। এর মধ্যে যেটা ভাবনার বাইরে থেকে যায়, তা হল, ফোঁটা থেকে ফোঁটায় ঝরা বৃষ্টি বন্যার অনুষঙ্গ তৈরি করতে পারে। কোনটা সাহিত্যের বিচারে উতরে গেল, কোনটার বা কাব্যমূল্য নিতান্ত নগণ্য এই বিচার নিশ্চয় চলতে পারে, যদি তার প্রকাশ ঘটে। মহাবিদ্যালয়ের বর্ষজীবী পত্রিকা 'উত্তরণ' সেই প্রকাশ মাধ্যম। প্রকাশিত সব রচনা যে উৎকৃষ্টমানের তা আমরা দাবি করি না। প্রকাশের ব্যাকুলতা, আনন্দ ও অতৃপ্তি যে পরবর্তী দিনে ভালো লেখার জন্ম দেবে, সে আশা রাখি। লেখার মধ্য দিয়ে সাহিত্য ও সংস্কৃতি মনস্কতার অনুপ্রবেশ ঘটে হৃদয়ে। সূক্ষ্ম চিত্তবৃত্তির বিকাশ ঘটে, মনুষ্যত্বের উদ্বোধনে যা জরুরী। যুগের সংকটকালে যে 'উত্তরণ' বত্রিশতম জন্মের প্রয়াস নিয়েছে - তার মধ্য দিয়ে যদি দেশ-কাল-সমাজের উপরিতল থেকে একটু ভিতরে ঢোকার চেষ্টা করে আমাদের সবুজ কলম, তাহে কার ক্ষতি! কিংবা বাঁকের মুখে দাঁড়িয়ে তরুণ প্রজন্ম সামনে হাঁটার জন্য যদি পিছন ফিরে দেখতে চায় প্রেম-সংঘাতের ইতিচিত্র, আর তারই দু'একটা উপলব্ধির অঙ্কুর যদি মনোরসে জারিত হয়ে, শব্দ প্রতিমায় পাতা মেলে, তাহে বা কার ক্ষতি! বরং তরুণ-তরুণীদের আবেগ, অনুভব, উপলব্ধির স্বর গুলো শোনা যাবে। শোনা যাবে পুঁথিগত চর্চার বাইরে আর এক অন্য কণ্ঠ, কারোর বা অনন্য কণ্ঠ। মহাবিদ্যালয় থেকে প্রকাশিত 'উত্তরণ' পত্রিকা এই বিচিত্র ধ্বনিময় স্বরগম-এর সংগ্রাহক ও সংবাহক। আসলে এই 'উত্তরণ' পত্রিকার সব লেখাই মনোভূমিতে ফলিত সোনা, কালো কালো অক্ষরের বিন্যাসে সাদা মনের ফসল। কারোর কারোর লেখা হয়তো - ছাপার অক্ষরে এই প্রথম। এই প্রথম ছাপানো লেখার গন্ধ কাউকে উত্তরণের সিঁড়িতো দিতেই পারে। কিম্বা তৈরি করে দিতে পারে সমঝদার পাঠক। 'উত্তরণ' পত্রিকা আমাদের আগামী দিনের লেখক-পাঠকের এক প্রকৃত কর্ষণভূমি হয়ে উঠবে আশা রাখি।

ড. পার্থসারথি হাটি
ভারপ্রাপ্ত অধ্যাপক

# From the Desk of the Teacher-in-Charge

We take great pleasure in announcing the publication of the 32th issue of our annual college magazine 'UTTARAN'. Apart from syllabus oriented learning, 'Uttaran' has been playing an indispensable role as a platform of evolving the written form of thoughts of those who have been studying in this educational institution to cultivate their intellectual faculties. Post-puja vacation, the students yearn to get hold of a copy of 'Uttaran' which contains writings of skilled as well as unskilled hands in English or vernaculars like Santhali and Bengali. Apart from 'Uttaran', various departments regularly publish Wall Magazines of their own viz., 'Dhanshish' by Dept. of Bengali, 'Muse' by Dept. of English and 'Pratibimbo', by the Dept. of Philosophy. The Students Union of our college had been shouldering the responsibility of the publication of 'Uttaran' every year.

In recent times we have brought about a remarkable development in education and infrastructural facilities, and if this rate of developmental work is sustained in the coming years and we can certainly satisfy the founders of this College and contribute to the upliftment of this neglected and under developed region.

One of the most noteworthy factors that hinder progress is the lack of Full-Time Teachers in all departments, vacant sanctioned posts of Assistant Professors, Librarian, Office staff and Principal. In this context, the Governing Body deserves accolades for appointing Casual Staff and Guest Lecturers to replenish the paucity of Full Time Staff. But early three years, i.e., in the year 2015,2016 & 2017 our various departments had been filled up by new 11 teachers as full time teaching staffs and one as full time librarian.

In recent past, with financial assistance received from the State Government, UGC & MP-LAD fund (Bankura), additional classrooms, examination hall, hostel, boundary wall and water reservoir have been built to cater to the need and demand of the Students and staff. It is pertinent to mention that we have received a UGC grant to construct a two-storied Girls' Hostel; and PWD Bankura has been entrusted with the task of constructing the same. The Girls' Hostel building has already been furnished. After few months this hostel will be ready for use. We have already started Chemistry hons. and Education in General Course. Our next aim is to start Geography Hons.

Very recently, considering the immediate urgency of the college for infrastructural

development, efforts are being taken for construction of the First Floor of the Achary Bhavan, extension of the Central Library Building, IQAC Room and completion o the Gymnasium and Museum and their constructions have alreday been started. In th field of education, introduction of Honours course in Geography is also our nex target. We hope that our students can benefit from these schemes from the comin academic session and from this year our college is under the Bankura Universit though the running 2nd year and 3rd year are still under the University of Burdwan From 2017 our college has been following the new CBCS system under Bankura University with semester pattern.

Apart from the traditional form of education, efforts are being taken by the Teaching and Non-Teaching employees in the overall development of each student through activities like the NCC and the NSS such that they leave the college not just as erudite scholars but also as responsible citizens of this country. The Job-Oriented training programme namely 'Coaching Classes for Entry into services' sponsored by UGC is organised to cater to the need of the educated and unemployed youth. The tireless endeavour and sincerity of the Teachers and other Staff members of our college in the interest of holistic development is really commendable. Three students from our college have already been placed in T.C.S. through T.C.S training programme and interview.

To conclude, I express my heartfelt gratitude and reverence to those who extended their helping hands in setting up of this institution and for its development thereafter. I congratulate the existing members of the Governing Body who are also playing constructive and affirmative role in all respects. I also extend my warm welcome to those who desire to participate in the total development of our college. Finally, I convey my good wishes to the Teachers, Non-Teaching Staff members, students and the Students' Union of this institution, specifically for the remarkable achievement of getting B+ grade in our Second Cycle NAAC accreditation.

**Dr. Parthosarathi Hati**

Teacher-in- Charge

Khatra Adibasi Mahavidyala

# সাধারণ সম্পাদকের প্রতিবেদন

বর্তমান ছাত্র সংসদের ঘটনাবহুল ও আন্দোলন-মুখর একটি বছরের সমাপ্তি ঘটতে চলেছে। শত প্ররোচনা সত্ত্বেও, সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে আমরা অগ্রসর হতে চেয়েছি। সফল না ব্যর্থ -- সে বিচারের ভার আপনাদের হাতে।

যদিও বলা যায় ছাত্র সংগঠন এবং ট্রেড ইউনিয়নের আন্দোলনের মধ্যে পার্থক্য আছে। যদিও এখানে সম্পর্কটা মালিক শ্রমিক নয়, তবুও আমাদের বারে বারে আন্দোলনে যেতে হয়েছে, আমাদের আন্দোলন ছিল শিক্ষার দাবি নিয়ে। সেগুলি হল, যেমন ভর্তির দাবীতে আসন বাড়ানোর জন্য আমরা আসন সংখ্যা বাড়িয়েছি ও পছন্দ মত বিষয় নিয়ে পড়ার সুযোগ ও আরো অর্নাসের বিষয় নিয়ে এসেছি, যেমন - অঙ্কে অনার্স, ফিলোজফি অনার্স ও পাসে ভূগোল ও মিউজিক নিয়ে এসেছি এই আন্দোলনের মাধ্যমে। আমাদের সবচেয়ে বৃহত্তর আন্দোলন হল, আমরা অনার্স বিভাগে পড়ার জন্য যে সেল্ফ ফিনান্স ফি লাগত সেটা বন্ধ করেছি ও আমরা ক্লাস রুমের সংখ্যা বাড়য়েছি এই আন্দোলনের মাধ্যমে। আমাদের নতুন হোস্টেল বিল্ডিং কাজ চালু করেছি, জেনারেটার রুম (২০KV দুটি জেনারেটারের জন্য), ভূগোলের ল্যাব, ও আরোও উন্নয়নমুলক কাজ করেছি।

আমরা আগেই বলেছি এটা ট্রেড ইউনিয়ন আন্দোলন নয়, ধর্মঘটে ক্ষতি হবে ছাত্র-ছাত্রীদের তবুও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে এসব করতে হয়েছে। তাতে আমাদের আন্দোলনে সমস্ত কাজ সাফল্যমণ্ডিত হয়েছে।

কিন্তু বিস্ময়জনক ও দুর্ভাগ্যের বিষয় হচ্ছে কেউ কেউ এই উন্নয়নমূলক কাজ সহ্য করতে পারছে না ও মহাবিদ্যালয়ের এই সুনামমূলক কাজ কারো কারো ভালো লাগছে না। বিগত বছরে আমরা দেখেছি শহরে বিকৃত সংস্কৃতির অবক্ষয়ী ভাবধারার প্রসার ঘটিয়ে আমাদের শান্ত ও সুস্থ শিক্ষার অঙ্গটিতে কুলষিত করার ব্যর্থ প্রচেষ্টা চালিয়েছে। একদিকে কলেজ কর্তৃপক্ষ ও ছাত্র সংসদ যখন শুভবুদ্ধি-সম্পন্ন ব্যক্তিদের নিয়ে সৃষ্টির উম্মাদনায় ব্যস্ত, তখন দেখছি কেউ কেউ চাইছেন ধ্বংস, ভাঙচুরে ব্যস্ত। এঁরা নিজেদের শুধরে নিন, নতুবা বিচ্ছিন্ন থাকুন সমাজ থেকে।

সামনে অনেক পথ বাকি। সেই পথে ফুলের বিছানা পাতা নেই জানি। কিন্তু জানি আপনারা আছেন। এই দুখিনি বাঁকুড়ার প্রাণোচ্ছল ও সম্ভাবনাময় ছাত্র সমাজ আপনাদের নিয়ে সফলতার সিঁড়ি বেয়ে সাফল্যের চূড়ান্ত শিখরে যাবেই। আর জয় হবে শুভবুদ্ধির।

জয়হিন্দ্

বন্দেমাতরম্

জাতীয়তাবাদী অভিনন্দ সহ -

**শ্রী মিলন বাউরী**

সাধারণ সম্পাদক

খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়

ছাত্রসংসদ ২০১৬-১৭

# পত্রিকা সম্পাদকের প্রতিবেদন

খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়ের পত্রিকা সম্পাদক হিসাবে লেখনী ধারণা করার আগে মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যাপক মহাশয়, সমস্ত অধ্যাপক-অধ্যাপিকাবৃন্দ ও গ্রন্থাগার গ্রন্থাগারীবৃন্দ এবং সকল শিক্ষাকর্মীদের আমার প্রণাম জানাই। কৃতজ্ঞতা জানাই তৃণমূল ছাত্র সংসদের প্রতিটি সদস্যদের।

প্রতি বছর আমাদের খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়ের 'উত্তরণ' পত্রিকা প্রকাশ করা হয়। এতে ছাত্রছাত্রীদের তাদের নিজস্ব চিন্তা, ভাবধারা, জীবনী, মানসিকতা মূল্যবোধ 'উত্তরণ' পত্রিকায় প্রকাশ পায়। সব থেকে লজ্জাজনক বিষয় হল আমাদের মতো ছাত্রছাত্রীরা তারা আন্দোলন নিমুগ তারা আন্দোলন করতে ভয় পায়। ছাত্র-সমাজের সবচেয়ে বড়ো গুরুত্ব বিষয় হল ছাত্র আন্দোলন। আন্দোলনকে সামনে রেখে আমাদেরকে সামনের দিকে পথচলা শুরু করতে হবে। তাই ছাত্র সমাজ ও যারা দীর্ঘদিন ধরে কলেজ রাজনীতি করে চলেছে তাদেরকে বলবো তোমরা কলেজে ভর্তি হয়েছে শুধু পড়াশোনা করার জন্য নয়, পড়াশোনার সাথেও কিছু ভালো কাজ করতে হয়। বর্তমান সমাজে বা পরিস্থিতিতে দুটো কাজ না সমানভাবে করলে আমরা এক পাও চলতে পারবো না। ছাত্র-সংগঠন তাদের সঠিক কাজে কখনো মাথা নিচু করতে জানে না। আমরা জানি সঠিক পথে চললে শিক্ষা প্রতিষ্ঠানে প্রচুর বাধা বিপত্তি আসতে পারে। বাধা বিপত্তি থাকা সত্বেও তবুও আমরা বারে বারে প্রতিবাদ করতে বাধ্য হয়েছি কলেজের উন্নয়নের জন্য। আমাদের আন্দোলন ছিল শিক্ষার দাবী নিয়ে, ভর্তির দাবীতে আসন বাড়ানোর জন্য বিশেষ করে সাঁওতালী অনার্সের আসন বাড়ানো হয়েছে ও বিভিন্ন বিষয়ের আসন সংখ্যা বাড়ানো হয়েছে। ইউ.জি.সি.'র অনুদান ও মহাবিদ্যালয়ের তহবিল থেকে যৌথভাবে শ্রেণিকক্ষ ও আদিবাসী মহাপুরুষের নামে পণ্ডিত রঘুনাথ মুর্মু একটা হল ও আদিবাসী কবি সাঁধুরামচাঁদ মুর্মুর নামে একটা কেন্দ্রীয় গ্রন্থাগার হয়েছে। ছেলেদের ও মেয়েদের জন্য আলাদা আলাদা কমন রুম হয়েছে। সাইকেল স্ট্যান্ড ও ছেলেদের শৌচাগার নির্মাণের কাজ হয়েছে। ছাত্রছাত্রীদের কাছে শিক্ষাকে আরও আকর্ষণীয় ও গ্রহণযোগ্য করে তোলার জন্য প্রতিটি বিভাগে শুরু হয়েছে আধুনীকিকরণের জন্য কাজ। গ্রন্থাগারে আরও উন্নত পরিষেবা দিতে আমরা বদ্ধপরিকর। শারীরশিক্ষা বিভাগটি সমৃদ্ধ হয়েছে বিভিন্ন আধুনিক আথলেটিক্স উপকরণে। বিশুদ্ধ পানীয় জলের পরিষেবা ব্যবস্থা করা হয়েছে। সবচেয়ে বড় গুরুত্বপূর্ণ কাজ হল আমরা বহু আন্দোলন করে কলেজের বাউন্ডারীতে পাঁচিলের নির্মাণ কাজ হয়েছে ও লেডিজ হোস্টেল চালু করতে পেরেছি ও আরো উন্নয়নমূলক কাজ করেছি যেমন আমরা বহু লড়াই করে বহু আন্দোলন করে আমাদের আদিবাসী মহাকবি সাধুরামচাঁদ মুর্মুর নামে মূর্তি স্থাপনের জন্য কাজ চলছে। আমাদের আন্দোলনে সমস্ত কাজ সাফল্যমণ্ডিত হয়েছে। তাই প্রতিবাদের হাতিয়ার হিসাবে কলেজ পত্রিকা 'উত্তরণ' হয়ে উঠুক সন্ত্রাস ও অত্যাচরের বিরুদ্ধে ছাত্র-সমাজের এক প্রতিবাদী দলিল। আমি ছাত্রছাত্রীদেরকে বলব তোমরা যে উদ্দেশ্য নিয়ে কলেজে ভর্তি হয়েছো সেই উদ্দেশ্য তোমাদের যেন পরিপূর্ণ, সফল হয় ঈশ্বরের কাছে এটাই আমি কামনা করি।

সঠিক পথে চললে শিক্ষা প্রাঙ্গণে প্রচুর বাধা বিপত্তি তোমাদের সামনে আসতে পারে। তাই আমি বলবো, সেগুলিকে উপেক্ষা করে তোমাদেরকে এগিয়ে যেতে হবে। সবশেষে বলি পত্রিকা সম্পাদনের কাজটি অত্যন্ত দুরূহ। কারণ সীমিত সংখ্যক পাতায় সীমিত সংখ্যক লেখাকেই স্থান দেওয়া যায়। তাই যাদের লেখা দিতে পারিনি তাদের কাছে আমি দুঃখ প্রকাশ করছি। আমরা সহৃদয় সহকর্মীদের সহযোগিতায়, শ্রদ্ধাস্পদ অধ্যাপক, অধ্যাপিকাদের ভরসায় এই কাজটি সম্পাদন করেছি।

পত্রিকাটি পড়ে পাঠকবৃন্দ আনন্দিত হলে সেই সাফল্য অধ্যাপকমণ্ডলি, শিক্ষাকর্মী ও ছাত্র-ছাত্রীদের প্রাপ্য।

জয় হিন্দ, বন্দেমাতরম্
জাতীয়তাবাদী অভিনন্দন সহ -
**অসীম হাঁসদা**
পত্রিকা সম্পাদক

# এই সংখ্যায় যারা লিখেছেন

## সাধারণ বিভাগ

**কবিতা ঃ** বুবাই সিংহসর্দ্দার, বিধান মণ্ডল, অসীম গরাই, প্রদীপ ঘোষ, মহাদেব হাঁসদা, কৌশিক পাত্র, মোরতুবা খাতুন, সীমা ঘোষ, নাসরিনা খাতুন, অরুণ মণ্ডল, রাখী কর্মকার, লক্ষ্মী মর্দন্যা, সুমন ঘোষ, অসিত মাহাত, সুজিত মাহাত, লক্ষ্মী মণ্ডল, অনিমা বাউরী, বিদ্যুৎ ঘোষ, শান্তনু হালদার, প্রিয়াঙ্কা রায়, বুবাই পণ্ডিত, শিবু সাহু, তারা দাস, উত্তম পাত্র, অনিতা মাহাত, নিশা দত্ত, প্রশান্ত ঘোষ, শ্রীকান্ত গরাই, ঠাকুরদাস হাঁসদা, সমৎ পাল, অনুপম পাত্র, কৃষ্ণা মণ্ডল, সৌরভ লায়েক, কৌশিক রজক, নিবারণ দাস, ডোনা মল্লিক, প্রসেনজিৎ মণ্ডল, মীনা প্রামাণিক, অমিত ধীবর, মামণি রজক, তিলোত্তমা ধীবর, মহাদেব হাঁসদা, পূর্ণিমা ধীবর, সঞ্জীব দত্ত, অরিন্দম মোদক, সুস্মিতা ঘোষাল, সুজন বাউরী, সুজয় মণ্ডল, বকুল মিশ্র, শচীন বাউরী, তমাল ব্যানার্জী, অনুপম বিদ, তনুশ্রী দাশগুপ্ত, তুষার মুর্ম্মু, সুজয় মণ্ডল, ঝুমা ভুঁইয়া, রাজু ঘোষ, অদ্বৈত্য ঘোষ, গৌরাঙ্গ মাঝি, শচীন রজক, শ্রী করুণা সিং সর্দ্দার, সুদীপ বাউরী, প্রিয়া মণ্ডল, রিনা দাস, রাজকুমার ঘোষ

**English :** Biswarup Patra, Amit Dhibar

**গল্প ঃ**

দেবাশীষ দে, সুজিত দাস, প্রহ্লাদ রায়, শিখা সূত্রধর, অনিতা দাস, সুভদ্রা গোস্বামী, অনুপ দুলে,

**নিবন্ধ ঃ** বিশ্বনাথ মহাপাত্র, অনিমা বাউরী, বিপ্লব সিংহমহাপাত্র, মিলন বাউরী, সৌরভ মণ্ডল, পূজা মল্লিক, সুজাতা বরাট

**হাস্যকৌতুক ঃ** গিরিধারী চন্দ

**ছোটো নাটক ঃ** মাধবচন্দ্র সরেন

## সাঁওতালি বিভাগ

**কবিতা**

সর্বেশ্বর মান্ডি, সঞ্জয় মুর্ম্মু, সুকুমার মুরমু, অমিত হেম্ব্রম (জয়), সঞ্জয় হেম্ব্রম, বিনোদ মাড্ডি, জবারানী কিস্কু, রবিলোচন মুরমু, দীপিকা মুর্ম্মু, রবিলোচন মুরমু, বাকুর দাস হাঁসদা, শুকলাল সরেন, এস হাঁসদা, বঙ্গা দাস হাঁসদা, কবিতা হেম্ব্রম, মাঁই অষ্টমী, মাধব চন্দ্র সরেন, মার্শাল মান্ডি, অষ্টমী হেম্ব্রম, সাধুরাম চাঁদ মুরমু, নারায়ণ সরেণ, বিক্রম মান্ডি, সিমন্ত হাঁসদা

**নিবন্ধ**

সুকুমার মুরমু, অনলিয়াঁ সঞ্জয় মুরমু, সাগেন টুডু ধার বায়ার

সাধারণ বিভাগ

কবিতা



# একাকী জীবন

বুবাই সিংহসর্দ্দার
(বিদায় বর্ষ, দর্শন বিভাগ)

তুমি যেমন চাও, যেভাবে চাও,
সেভাবে কখনোই তোমাকে কেউ
ভালোবাসবে না...
তোমার খুব প্রিয়
ফুল দিয়ে সাজানো বাগান বানিয়ে
কেউ তোমার জন্য অপেক্ষা করবে
না...
পক্ষিরাজ ঘোড়ায় চড়ে রাজকুমার
সেজে কেউ তোমার জন্য ছুটে আসবে
না...
ডানাকাটা পরী হয়ে কেউ তোমাকে
নিয়ে উড়বেও না!!
সবকিছু তোমার কল্পনার মত হবে
না...
তোমাকে এটা মেনে নিতে হবে...
প্রতি সন্ধ্যায় মুঠোভরা জোনাকি
হাতে নিয়ে নদীর তীরে যে মানুষটা
তোমার কল্পনায় তোমার জন্য
অপেক্ষা
করে,
সে মানুষটা বাস্তবে কোথাও
নেই!!
আকাশে মেঘের ভাঁজ থেকে খুঁজে
খুঁজে তারাগুলো এনে তোমার হাতে
এনে দেয়া মানুষটাকে
তুমি কখনোই পাবে না...
ওটা কল্পনা...ওটা গল্প...
গল্পের মত কেউ তোমাকে
ভালোবাসবে না...
কল্পনার মত কেউ তোমাকে চাইবে
না!!
তার চেয়ে বরং নিজেকে
ভালোবাসো...
যতটা ভালোবাসো, তার চেয়ে একটু
বেশিই ভালোবাসো...
নিজের মত করে নিজের সুখগুলোকে
নিজেই সাজাও...
অন্যের ভালোবাসার জন্য অপেক্ষা
করলে ফলাফলটা অনেক তিক্ত হবে!!
নিজেকে এতটা বেশি ভালোবাসা,
যেন তোমার অন্যের ভালোবাসার জন্য
অপেক্ষা করতে না হয়...
একশো তারা দিয়ে নিজের আকাশটা
নিজের এমনভাবে সাজিয়ে ফেলো
যেন অন্য কেউ এক মুঠো তারা নিয়ে
না এলেও তোমার আকাশটা পূর্ণ
থাকে!!
তোমার বুকের ভেতরের আঁধার
ঘরটায়
সহস্র মোমবাতি জ্বেলে ফেলো...
অন্য কেউ মোমবাতি নিয়ে এলে ঘরটা
আরো বেশি আলোকিত হবে শুধু...
আর কেউ না এলেও সমস্যা নেই...
তোমার জন্য তুমি আছো...
তোমার আকাশ, তোমার তারা,
তোমার জোনাকি -
সব আছে...ওটুকুই যথেষ্ট...
ওটুকুই!!

# স্বপ্ন

বিধান মণ্ডল (বিদায় বর্ষ)

আমি হয়তো কোনোদিন কারো বুকে
জাগাতে পারিনি ভালোবাসা,
ঢালতে পারিনি কোনো বন্ধুত্বের
শিকড়ের একটু জল -
ফোটাতে পারিনি কারো একটিও
আবেগের ফুল
আমি তাই অন্যের বন্ধু বলেছি;
আমার হয়তো কোনো প্রেমিকা
ছিলো না,
বন্ধু ছিলো না,
ঘরবাড়ি, বংশপরিচয় কিছু ছিলো না।
আমি ভাসমান শ্যাওলা ছিলাম,
শুধু স্বপ্ন ছিলাম।
কারো প্রেমিকাকে গোপন বুকের
মধ্যে
নিজের প্রেমিকা ভেবে,
কারো সুখকে এভাবে বুকের মধ্যে
নিজের অনন্ত সুখ ভেবে,
আমি আজো বেঁচে আছি স্বপ্ন মানুষ।
তোমাদের সকলের উষ্ণ ভালোবাসা,
তোমাদের সকল প্রেম
আমি সারি সারি চারাগাছের মতন
আমার বুকে রোপন করেছি,
একাকী সেই প্রেমের শিকড়ে আমি
ঢেলেছি অজস্র জলধারা।
সকলের বুকের মধ্যেই একেকজন
নারী
আছে, প্রেম আছে, নিসর্গ-সৌন্দর্য
আছে,
অশ্রুবিন্দু আছে আমি সেই অশ্রু, প্রেম,
নারী ও স্বপ্নের
জন্যে দীর্ঘ রাত্রি একা জেগে আছি;
সকলের বুকের মধ্যে যেসব শহরতলী
আছে,
সমুদ্র বন্দর আছে
সাঁকো ও সুড়ঙ্গ আছে, ঘরবাড়ি
আছে
একেকটি প্রেমিকা আছে, প্রিয় বন্ধু
আছে,
ভালোবাসার প্রিয় মুখ আছে
সকলের বুকের মধে স্বপ্নের
সমুদ্রপোত
আছে,
অপার্থিব ডালপালা আছে
আমি সেই প্রেম, সেই ভালোবাসা,
সেই স্বপ্ন
সেই রূপকথার
জীবন্ত মানুষ হয়ে আছি,
তোমাদের প্রেম হয়ে আছি,
তোমাদের প্রেম হয়ে আছি,
তোমাদের স্বপ্নের মধ্যে ভালোবাসা
হয়ে আছি
আমি হয়ে আছি সেই রূপকথার
স্বপ্ন মানুষ।

''যে দেশে যে জাতি নারীকে শ্রদ্ধা করে না সে জাতি বড়ো হতে পারে না।''
- স্বামী বিবেকানন্দ।

# আগামীর দিন

অসীম গরাই (তৃতীয় বর্ষ, দর্শন বিভাগ)

আজ বসে বসে ভাবছি ভবিষ্যতের ধেয়ে আসা
সেই দিনগুলির কথা।
যখন তোদের জীবনে চলবে বাস্তবের ও সমাজের
নিয়মে আবদ্ধ ইঁদুর দৌড়।
তখন সবাই তো ব্যস্ত থাকবি
আপন আপন সংসারের ব্যস্ততায়।
থাকবি আপন আপন স্বামী-স্ত্রীর
অদৃশ্য ডোরে বাঁধা।
তখন কি মনে পড়বে আমায়?
কিংবা আমার সাথে কাটানো কখনো কাঁঠাল তলা,
কখনো ক্যান্টিন কোনের কলেজের এই দিন গুলো?
নাকি আসতে আসতে মলিন হয়ে থাকে? আর মলিন হয়ে
যাবে রাজুর দোকানের ফুচকা কিংবা ঝালমুড়ির স্বাদ,
কিছুটা সময়ের সাথে আর কিছুটা সংসারের চাপে,
তখন কি মনে থাকবে, এখনের ঘুম থেকে উঠেই
Group-এ এসে গালি দিয়ে Good Morning বলার কথা??
তখন কেউ ব্যস্ত থাকবে স্বামীর অফিসে যাওয়ার আগে
খাবার তৈরির কাজে অথবা অফিসে যাওয়ার জন্য নিজেকে তৈরির কাজে।
তখন কোনোদিন যদি মোবাইল ঘাটতে ঘাটতে
উদ্ভাসিত হয় এখানকার দিনের তোলা ছবিগুলো,
চোখ দিয়ে কি গড়াবে দু-এক ফোঁটা অশ্রু?
এখনকার মৃত দিনগুলোর উদ্দেশ্যে।

''সময় খুব বড় চিকিৎসক।''
- ডিজরেলী।

# চাই মন তোমাকে

প্রদীপ ঘোষ (বিদায়ী বর্ষ, দর্শন বিভাগ)

আমার প্রেম তোমাকে পারিনি বোঝাতে
তাই কেঁদে মরি পূর্ণ সবুজ বসন্তে
সাদা ফুল ফুটে আছে গাছে কোকিলের ডাক ঘন ঘন
শুধু আমি এক সুরহারা পাখি, ভাঙা বীণার মত
যদি এতবার এসে ডাকো কান পেতে থাকি দুয়ারে।
দুঃস্বপ্নে জল শুকিয়ে যায়, ব্যর্থ প্রেমের মতো নীরবে
শুকনো নদী সাঁতার কেটে পার হতে চায় ব্যর্থ চেষ্টায়
এমন দুঃস্বপ্নের মানে খুঁজি ভয়ে হৃদয় শুকিয়ে যায়
তোমাকে বোঝাতে পারিনি প্রেম দেখাতে পারিনি হৃদয়
তাই আকাশে বাতাস জাগে এত ব্যাকুলতা মনে ভয়
তাই মেঘ ভরা এত কান্না লুকিয়ে আছে ঝড়ের অপেক্ষায়
আমাদের গায়ে ব্যাথা লুকিয়ে আছে শুধু নদীর অপেক্ষায়
আমি আছি শুধু তোমাকে দেখার অপেক্ষায়,
তারপর হয়তো আসবে শুধুই নীরবতা
বাসি হয়ে যাবে আমার কবিতা
হয়তো ঝড় উঠবেই নদী বয়ে আসবেই
তুমি থাকবে সেদিন যেদিন তোমাকে কাঁদাইবে
আমার ভালোবাসা তোমাকে খুঁজবে, তোমাকে চাইবে
তুমি কাছে আসবে আমার প্রেমের নিঃশ্বাস হয়ে বইবে।

''লক্ষ্য সামনে রেখে কাজ করাই বুদ্ধিমানের কাজ'' - জন ডিউই।

# পাঁচ নম্বর

মহাদেব হাঁসদা

নেতাজী ছাত্রাবাসে,
অধ্যায়ন করি দ্বিতীয় বর্ষে।
পাঁচ নম্বরে থাকি আমরা,
রুমটা পেয়ে ধন্য মোরা।
গল্প-খেলা-পড়াশুনা,
মাঝে মাঝে গান বাজনা,।
মনীষীদের বিখ্যাত বাণী,
রুমটা তাই খুবই দামী।
মনীষীদের বাণীগুলি,
আমরা সবাই মেনে চলি।
থাকি সবাই আদিবাসী,
হোস্টেলটাকে ভালোবাসি।
বছরটা গেল দেখে দেখে,
হোস্টেল নিয়ম বজায় রেখে।

# অজানা কবিতা

কৌশিক পাত্র (প্রথম বর্ষ, পাস)

আমি নিভৃতে কাঁদি একাকী
কাঞ্চন বিবাগী
মনের নিঃসীম অন্ধকারে তুমি ধ্রুবতারা
আমি দিশেহারা -
তোমার পথে পথিক আমি,
ক্ষমাপ্রার্থী-অন্ধপ্রেমী,
ছিঁড়ে যায় বুক ব্যথার জটাজালে
ক্ষমা দাও এই প্রেমের কাঙালে।
তুমি কাঞ্চন সুধা -
দুর্বিসহ মোর প্রেম-ক্ষুধা,
আজ আমি সর্বত্যাগী -
আমি কাঞ্চনবিবাগী,
ব্যর্থ এ প্রয়াস
ব্যর্থ তোমার আশ্বাস,
আকাশ ভরা তারা
দেখে সর্বহারা।
মাটির পৃথিবী -
শুধু তোমার প্রতিচ্ছবি,
তবু ভুলি না তোমারে
মরণ শয়ানে,
চাই না গোলাপ শয্যা,
ক্ষয়শীল অস্থিমজ্জা।
চারিদিকে প্রেমের পরিহাস
আর আমার দীর্ঘশ্বাস -
দূরে সরে যায় স্বপ্ন রঙীন
মন উদাসীন
তুমি মরীচিকা
মনের আকাশ জুড়ে কুজ্ঝটিকা
আজও কেঁদে ওঠে প্রাণ
তুমি অম্লান,
জীবন ভরা ট্র্যাজেডি
তুমি আমার মেলোডি।

# স্বাধীনতা

মোরতুবা খাতুন
(তৃতীয় বর্ষ, বাংলা বিভাগ)

মেয়ে বলে বন্ধ ঘরে
থাকতে আমি চাই না।
এই পৃথিবী এত সুন্দর
দেখতে আমি পাই না।
বন্ধ ঘরে রাখে আমায়
পাখির মতো খাঁচায়
মেয়ে হয়ে দোষ কি আমার
ভাবি মনে একাই।
জানালা ধারে বসে আমি
সখিকে ডাকি কাছে আর না
দুঃখ যে সে আমার কাছে
কভু আসতে চায় না।
স্বপ্ন দেখি মাঠের ধারে
খেলছি সবুজ ঘাসে,
মিথ্যা হল সেই সব স্বপ্ন
পেলাম না কভু কাছে
দুঃখ হয় ভেবে মনে
করা কিছু যায় না।
মেয়ে বলে বন্ধ ঘরে
থাকতে আমি চাই না।

# মেয়েদের আচরণ

আমাদের দেশে আছে সেই মেয়ে কত,
চাইলে তারা আরো ভালো হত।
ফোনের দোকানে বা মনহরি দোকানে,
দিন-রাত দেখা যায় সেখানে।
কাজে অলস কথায় হবে বাহাদুর,
'আমি সব পারি' এই বলে মনে ভাজে সুর।
সিনেমা, গান, ঘুরতে ওরা খুব ভালোবাসে,
বিপদের সময় ওরা ঠিক প্ল্যান করি আসে।
অনেক রকম স্টাইলে ওরা চুল বাঁধে,
একেবারে ফিটফাট পড়ার ব্যাগ থাকে এক কাঁধে।
ওরা যত সময় নেয় একটা পড়া তৈরি করতে,
তার থেকে বেশি সময় নেয় আয়নায় নিজেকে সাজাতে।
বিপদে নিজেকে বাঁচাতে ওরা অনেক চেষ্টা করে,
শেষ পর্যন্ত ধরা পড়লে বলে পালারে পালারে।
তাড়াতাড়ি সব কাজ আগে করে ভাবে পরে,
বুকের পাটা দেখিয়ে বলে 'দেখি আজ কী করে'।
বিপদে নিজেকে বাঁচাতে ওরা বড় সচেতন,
অঘটন হলে, ভাবে ওখান থেকে পালাবো কখন।

# নারী

সীমা ঘোষ (প্রথম বর্ষ, সংস্কৃত অনার্স)

মানুষ কেন বলে মোদের. . .
নারীর নিজস্ব নাই কিছু।
আমি তো দেখি জগৎ চলে
নারীর পিছু পিছু।।
বাপের ঘরে লক্ষ্মী আমি. . .
স্বামীর ঘরে অন্নপূর্ণা।
ছেলের ঘরে জননী আমি
আমি ছাড়া সংসার অসম্পূর্ণা।
আমার থেকে আপন করতে
আর কি কেউ পারে?
বাপের ঘরকে ছেড়ে এসেও
পরকে বাঁধি ঘরে।
ভারতমাতা সেও নারী
নারী জগদ্ধাত্রী।
নারী হল এ জগতের
সবার জন্মদাত্রী।

# ভালোবাসি

নাসরিনা খাতুন (প্রথম বর্ষ)

ভালোবাসি ভালোবাসি ভালোবাসি
শুনে সবাই দিলো হাসি,
অবাক হয়ে চেয়ে দেখি আমি তাদের দিকে!
এতে হাসার আছে কী?
যিনি আমাদের বিশ্বকবি
কবি রবীন্দ্রনাথ ঠাকুর,
ছোটো বড়ো গল্প আর কবিতা লিখেছেন,
লিখেছেন অনেক নাটক -
স্নেহ দিয়ে ভালোবেসেছেন
আমাদেরই গ্রামবাংলার শহর।
খেত ভরা ধান আর পুকুর ভরা জল
দুরের পাড়ে বসত কত সারি সারি বক, -
সেইসব দৃশ্যগুলি দেখতেন তিনি চেয়ে
তাই আবার ফিরে আসতে চেয়েছেন
আমাদের সেই দেশে,
কবির মনের রঙিন যত ইচ্ছেগুলো
লাগত আমার ভালো
তাই আমি স্নেহ ভালোবাসা দিয়ে
বেসেছি কবিকে ভালো
ভালোবাসি ভালোবাসি ভালোবাসি।

# ভালোবাসার শেষ কথা

অরুণ মণ্ডল (দ্বিতীয় বর্ষ)

টুপ টুপ খসে পড়ে
তারিখের পাতা
বারোটি মাস নিয়ে
যেন স্মৃতি গাঁথা।
মনে পড়ে যায় যেন
পুরানো সব কথা।
কত হাসি কত কথা
চলে গেছে আগে
দিনগুলি পেরিয়ে যায়
তুমি তো রয়ে যাও নীরবে।
বলতে কি পারো না কিছু
তুমি যে আমাকে,
আমি তো পারি না জানো
তুমি কি তা বোঝো না,
মনে কি পড়ে না তোমায়
আমার মনের কথা।
আজ কেন আমায় তুমি
করে দিলে একা।
আমার মনে পড়ে শুধু
তোমার মনের কথা
তবু কি করে জানাবো আমি
আমার মনের কথা।
সুখে থাকো ভালো থেকো
আমি তোমার ভালোবাসা।

# জীবনের পথে ফেলে আসা দিন

রাখী কর্মকার (দ্বিতীয় বর্ষ, পাস)

কখনো কখনো মন থমকে দাঁড়ায়
একবার আবারো পিছন ফিরে তাকায়
আঙুলের ফাঁকে আঙুল ধরে রাখা
সেই তুমিটা আজ আর নেই
কত রাত আমি কেঁদেছি বুকের গভীরে
কষ্ট নিয়ে। শূন্যতায় ডুবে গেছি আমি
আমাকে তুমি ফিরিয়ে নাও।
তুমি কেন বোঝ না তোমাকে ছাড়া আমি অসহায়।
আমার সবটুকু ভালোবাসা তোমায় ঘিরে।
আমার অপরাধ ছিল যতটুকু তোমার কাছে
তুমি ক্ষমা করে দিও আমায়।
যতবার ভেবেছি ভুলে যাবো আরো বেশি
মনে পড়ে যায়।
ফিরে আসা সেই সব দিন গুলো
ভুলে যেতে আমি পারি না, তুমি কেন বোঝ না ?
সব ভুলে আবারো চেষ্টা করি
এগিয়ে যায়
কারণ
জীবনের দুলর্ভ পথে কেও থাকে না সাথে
একা একাই চলতে হয়।

# কবি সুকান্ত স্মরণে

লক্ষ্মী মর্দ্দন্যা
(প্রথম বর্ষ, সংস্কৃত বিভাগ)

হে দুর্দান্ত কবি সুকান্ত
ভুলিনি তোমার ন্যায়।
শোষণ বাঞ্চনার বিরুদ্ধে
ভুলিনি তোমার সংগ্রাম
জোতদার মহাজনে
শোষণের নগ্ন ইতিহাস
তোমার শোনিত কলম
নির্ভয়ে করেছে তার প্রকাশ।
তুমি অপরিণত বয়সে
কোথায় পেলে এত ভাষা?
যা দেখে শোষিত মানুষ
করেছিল কত আশা
কিন্তু নিষ্ঠুর বিধাতা
কি নির্মম বিধান
অকালেতে দিতে হল
তোমার অমূল্য প্রাণ
আমি আর কোনদিন
পাব না তোমার দেখা
চির 'অমর' রবে শুধু
তোমার ঐ রক্তাক্ত লেখা।

# বন্ধু

সুমন ঘোষ
(তৃতীয় বর্ষ, ইতিহাস সাম্মানিক)

তুমি আমার জীবন সাথী,
বন্ধু তোমায় ভালবাসি।
আমার মনের মাঝে তুমি,
জীবন পথে লক্ষ্য তুমি,
সবার মাঝে আছো তুমি।
দুখের মাঝে শান্তি তুমি,
আঁধার রাতে আলো তুমি।
জলের মতো স্বচ্ছ তুমি,
সবার মাঝে আছো তুমি।
আমার মনের আশা তুমি,
তাইতো তোমায় ভালবাসি আমি।

# সুন্দর পৃথিবীর আশায়

অসিত মাহাত (তৃতীয় বর্ষ)

একদিন পৃথিবীর সব অন্ধকার ভেঙে
আসবে সুন্দর সকাল
সূর্যের আলোয় আলোকিত হবে চারিধার
সেদিন আর থাকবে না মানুষের লোভ, অহংকার
তখন মনের মধ্যে বাজবে না আর যুদ্ধের রণ ঝঙ্কার।
বইবে শুদ্ধ শীতল বাতাস
তখন সবাই শান্তিতে নেবে প্রঃশ্বাস।
গাছের সবুজ পাতা ডাকবে যেন
দুহাত তুলে।য়
আয়রে পাখি বাসা বাঁধবি আমার কোলে।
পাখির গান তখন ভরবে মন
পথিকের ক্লান্তি যাবে উড়ে
টিয়া, ময়না তখন গান গাইবে মিষ্টি সুরে।
নদী বইবে তার কুলুকুলু ধ্বনিতে
আকাশের বুকে উড়ে যাবে বক সারিতে সারিতে
মেঘ থেকে পড়বে ঠান্ডা, সুন্দর শীতল বৃষ্টি
তখন থেকেই হবে নতুন প্রজন্মের সৃষ্টি।
পৃথিবীর রেঙে উঠবে এক নতুন বধূর সাজে
লাল হয়ে সূর্য পৃথিবীকে সাজিয়ে দেবে।
বধূর লাজে
তখন থাকবে সবাই
রবীন্দ্রনাথ, কাজি ও বিবেক
সেই দিনটির আশায় আমি আজও
অপেক্ষা করে আছি।

# ঝরাফুল

সুজিত মাহাত (বিদায় বর্ষ)

আমার ভালোবাসা একদিন
তোমার কাছে ফুলের মতো ছিল।
আজ তা শুকিয়ে যাওয়ায়,
তোমার কাছে তা মূল্যহীন হয়ে পড়েছে।
তোমার ভালোবাসার বাগানে
আজ নতুন ফুল শোভা পাচ্ছে।
তোমার জীবনে সেই ফুল,
না জানি কতই রঙিন স্বপ্নময়।
তুমি সেই ফুল নিয়ে,
স্বপ্নের সাগরে ভাসবে চিরকাল।
তোমার স্বহপ্নের নতুন কঁড়ি,
এক একটি করে পাঁপড়ি বিকশিত করার।
আর আমার ভালবাসা এক একটি,
কণা পাঁপড়ি হয়ে ঝরে পড়বে গিয়ে পঁচা নর্দমায়।
তোমার ভালোবাসা ফুলঝুরি হয়ে
ফুটে উঠবে আকাশেতে আলো হয়ে।
আর আমার ভালোবাসা মিলিয়ে যাবে,
এক ঘনীভূত অন্ধকারে।
তোমার ভালোবাসা হিমালয় পর্বতের,
বরফের ন্যায় শোভা পাবে চিরকাল।
আর আমার ভালোবাসা মরুভূমিতে,
মরীচিকার ন্যায় বিলীন হয়ে যাবে।
আমার ভালোবাসা কি পারবে,
নদী হয়ে সমুদ্রে পৌছাতে?
সেই ভালোবাসা কি পারবে
মেঘ থেকে বৃষ্টি হয়ে ঝরে পড়তে?
কিংবা কি তুষার হয়ে ঝরে পড়বে তপ্ত মরুভূমিতে?

# মা

লক্ষ্মী মণ্ডল
(প্রথম বর্ষ, বাংলা সাম্মানিক)

সূর্যের আলো যেমন ছড়িয়ে থাকে
পৃথিবীর চারিদিকে।
আমি তেমনি ভালোবেসেছি
আমার জন্মদাত্রী মাকে।
মায়েই স্বর্গ, মায়েই জীবন
মায়েই আমার সব।
মাকে ছাড়া এ জীবন
একেবারে অচল।
মা আমার জন্মদাত্রী।
মায়েই প্রথম দেখায়
এই পৃথিবীর আলো।
মাকে নিয়ে এ জীবন
থাকবে সুখে ভালো।

# উপহার

অনিমা বাউরী (অনুরাধা) (প্রথম বর্ষ)

তুমি এসেছিলে মোর জীবন আঁধারে,
আলোর পৃথিবী নিয়ে
দিয়েছিলে মোর তুমি হাতে করে
কত সুন্দর হাসি
আমি যে তোমায় আগের মতই
ভালোবাসি।
এসেছিলে তুমি জীবনে আমার
নিয়ে এসেছিলে কিছু উপহার
কখনোও ভাবিনি হারিয়ে যাবে
পাবো না তো ফিরে আর
তুমি চলে গেলে শুধু দিয়ে গেলে
অতীতের যত স্মৃতি যাওয়ার সময়
চলে গেলে,
এবার তাহলে আমি আশি
তবুও তোমায় আগের মতোই
এখনো ভালোবাসি।

# প্রথম প্রেম

বিদ্যুৎ ঘোষ (দ্বিতীয় বর্ষ, ইতিহাস সাম্মানিক)

ঠিক মনে পড়ছে না,
কোথায় যেন দেখেছি তোমায়
ঠিক মনে পড়ছে না, ঠিক বিকেলে? নয়তো!
তবে পড়ন্ত বেলার সাগর জলের...
তাই! হবে হয়তো;
দেখেছিলাম তোমায়
সেই লাল ফ্রক আর লাল পাজামা
লাল টিপ কপালে;
তুই বুঝি? কি জানি!
ঠিক মনে পড়ছে না;
দেখেছি তোমায় সবুজের মাঝামাঝি
মনের আয়নাতে
স্বপ্নও সৌধমালা ছিঁড়ে
ঠিক মাঝরাতে
আকাশে তারার মেলা
কুয়াশা ঘেরা পৃথিবী
আর সেই খনে রয়েছো জুড়ে
ওগো প্রিয় তুমি;
তাই বুঝি! হবে হয়তো তেমনি।

# নতুন জীবন

শান্তনু হালদার (প্রথম বর্ষ, পাস)

পুরানো দিনকে ভুলে
করবো নতুন জীবন শুরু।
এই কথা ভাবলে পরে,
ভীষণ লাগে ব্যথা।
নতুন জীবন কাটবে কেমন
কেমন ভাবে দিনগুলি।
পুরানো কথা পড়লে মনে
দুঃখ হয় খালি।
সব কিছু ত্যাগ করে
এগিয়ে চলবো পথে।
কোনো কিছুতে বাধা পেলে
থাকবো না কোনো মতে।
পুরানো পথে চলতে গিয়ে
করেছি অনেক ভুল।
আগামীতে আর হবে না
ফুটে উঠবে নতুন ফুল।
নিরালয়ে বসে মনের মাঝে
ভেসে উঠে পুরানো স্মৃতি।
কেমন করে ভুলবো আমি
ফেলে আসা জীবন তরী।
নতুন ছন্দ আসবে এবার
মনোকিন্নার তারে তারে।
পুরানো সে দিনের কথা
যাবো মোরে ভুলে।

# শরৎ

প্রিয়াঙ্কা রায়
(প্রথম বর্ষ, বাংলা সাম্মানিক)

শরৎ মানে কাশফুল
মায়ের আগমন।
শিউলি চাদর বিছিয়ে পরে
গাছের জাগরণ।
সারাটা রাত ধরে গাছ
করে প্রতীক্ষা।
ডালি হাতে ফুল কুড়াতে
আসবে পুটির মা।
কুড়িয়ে নিয়ে যাবে ফুল
গাঁথবে তাতে মালা।
সেই মালা পরবে যে গো
গিরিরাজের বালা।

# সাত পাকে বাঁধা

বুবাই পন্ডিত (দ্বিতীয় বর্ষ, পাস)

বাবা মায়ের স্নেহ ভালবাসায় হলাম ছোটো থেকে বড়,
বড় হয়ে খুবেই জ্বালা এখন মনে হলো।
এম.বিএ পড়ার পরেও করতে হলো বিয়ে,
বিয়ে করে রইতে হলো বন্ধ কারাগারে।
ভেবেছিলাম শ্বশুরবাড়িতে পাবো শাশুড়ির
ভালোবাসা আর আদর যত্ন,
কিন্তু আমি পেলাম শুধু ঘৃণা অসম্মানের মর্ম।
আগে আমার আদর আবদার মেনে নিতো বাবা মা,
এখন কিছু আবদার করলে স্বামীর কাছে মার খায়।
বিয়ের আগে মা আমায় ধরিয়ে ছিলো পেন খাতা।
এখন আমায় ধরতে হচ্ছে খুন্তি আর ঝাঁটা।
সাঁত পাকে বেঁধে দিয়ে করেছো আমায় জব্দ,
সবকিছু মেনে নিচ্ছি এটা তোমার সৌভাগ্য।

# আমার দেশ

শিবু সাহু (দ্বিতীয় বর্ষ, সংস্কৃত সাম্মানিক)

কোথায় ছিল এমন দেশ আমার দেশের মতো
কোথায় ছিল লক্ষ লক্ষ মজুতদারি এতো।
কোথায় ছিল বেকার এতো দেশের ঘরে ঘরে।
ছেলে-মেয়েরা পেতো খেতে দুবেলা পেট ভরে।
রেস, জুয়া আর সাট্টা চলে কোথায় এমন বেশ।
কোথায় গেলে মিলতো বলো এমন মজার দেশ?
কোথায় চলতো ভেজাল এতো চালে কাঁকর ভরা।
চিনির সাথে দিত মিশিয়ে যত কাঁচের গুঁড়া।
গোলমরিচে পেঁপের বিচি তেলে শিয়াল কাঁটা।
তেঁতুল বিচি ছাতুর সাথে খেতো গমের আটা।
চামড়া কুচি ডাস্ট মেশানো সকালে খেতো চা।
আমার দেশের মতো এমন দেশ কোথাও পাবে না।
হাড় ক'খানা যেতো গোনা, বুক করতো ধুক ধুক।
মরার মতো বেঁচে থাকা কোথায় এমন সুখ?
যতই বলি দেশের কথা হবে না কবু শেষ
কোথায় গেলে মিলতো বলো এমন মজার দেশ?

# প্রতীক্ষা

তারা দাস (দ্বিতীয় বর্ষ)

বৃষ্টি ভেজা আমার আকাশ নীরবতার সাজে
মন তখন উদাস হয়ে সকল কাজের মাঝে।
এমন সময় এসে যেন, আমার আঙিনায়।
নদী যেমন মিলে যায় আলোকের ঝরণায়।
হয়তো তুমি আমার থেকে আছো অনেক দূরে,
তবু তোমায় বাঁধবো আমি আমার গানের সুরে।
এখন আমি ভাবি তুমি আছো আমার পাশে।
স্মৃতির বোঝা নিয়ে যায় যখন সময় যায় বসে,
তখন ভাবি হয়তো তুমি, রইবে আমার হয়ে।
তোমার নীরবতায় পড়বে কী আমায় মনে?
অনুভব করবো তোমার প্রতিটি ক্ষণে ক্ষণে।
আজকে কেন একা হয়েছে তোমার দেখা পাই,
কবে আমি তোমার হবো রইবো প্রতীক্ষায়।

## পণপ্রথা

উত্তম পাত্র (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

পণপ্রথা হল এক সামাজিক প্রথা
যার ফলে কত মেয়ের জীবন হয় বৃথা।
এই সমাজের একমাত্র মূল্য বস্তু টাকা,
টাকা ছাড়া কোনো মেয়ের হয় না মালা গাঁথা।
গরীব দুঃখী বাবা-মা মেয়ের বিয়ে দেয়
অর্থলোভী ছেলের বাবা নিঃসহ করে নেয়।
তবু ছেলের বাবা, ভাবে না একটা মেয়ের কথা
মেয়ে হারা বাবার বুকে লাগে কত ব্যথা।
পণপ্রথা হল এক সামাজিক অভিশাপ
কোন মূল্যে যা হয় না পরিমাপ।
এই সমাজের বুকে পণপ্রথার কারণে
কত মেয়ের জীবন শেষ হয় মরণে।

## আমার মা

অনিতা মাহাত (তৃতীয় বর্ষ)

সবথেকে বাসি ভালো
আমার সোনা মাকে,
সকল কাজের মাঝে আমি
খুঁজি শুধু তাঁকে।
সবাই বলে ঠাকুর বড়ো
আমি বলি না,
সবথেকে বড়ো যিনি
তিনি আমার মা।
দুঃখ আঘাত যখন আসে
সহ্য হলেও টলে না
কাছে টেনে জড়িয়ে ধরেন
তিনি আমার মা।

## মা-বাবা

নিপা দত্ত (প্রথম বর্ষ)

আমার মা-বাবা হল আমার জীবন, আমার প্রাণ
আমার জীবনের প্রতিটি মুহূর্তের এক নতুন দান।
আমি আমার মা-বাবা ছাড়া আর কিছুই বুঝি না
তাই আমি ভগবানের কাছে করি আমার মা আর বাবার প্রার্থনা।
পৃথিবীতে আমি সবথেকে বেশি ভালোবাসি আমার মা আর বাবাকে
তাই আমি চাই আমার মা-বাবা যেন সবসময় ভালো থাকে।
আমি মা-বাবাকে সবসময় যেন আমার কাছে পেতে চায়
তাই আমার জীবনের প্রতিটি মুহূর্তে আমি যেন তাদের পাশে পাই।
আমার মা-বাবা আমার জীবনে প্রতিটি দিনের এক নতুন আলো
তাই আমার মা-বাবা হল আমার কাছে সবথেকে বেস্ট সবথেকে ভালো।

# গভীরে

প্রশান্ত ঘোষ (তৃতীয় বর্ষ, ইতিহাস সাম্মানিক)

তোমাকে ডাকি প্রিয়তম বলে কণ্ঠ ফাটিয়ে দুরন্ত মনের গভীরে
বার বার কাছে গিয়েও বলতে পারিনি ভালোবাসি, বলেছি শুধু অন্তরে
সে ডাক হয়তো তুমি শোননি বোঝনি চোখের মানে
এসেছো কাছে ধরণী হাত জল দেখনি চোখের কোণে
তাই আঘাত শুধু আমার দিকে তোমার দিকে নয়
তুমি আছো আমার প্রেমে আমি কি নাই তোমার চাওয়াই
তুমি কি শুধু দূর থেকে হাসবে আমার চোখের জলে
ভাসবো আমি তোমার প্রেমে চাইবো তোমার অন্তরালে
ব্যাকুল হয়ে চাইবো তোমায় কাঁদবো আমি আকুল হয়ে
থাকবে তুমি অনেক দূরে থাকবে আমার মনের মাঝে
বাঁচবো তোমায় ভালোবেসে চাইবো তোমায় নিজের মনে
তাইতো তোমায় দেখার আশা গোপন মনের কোনে।

# আমার ভিতরে বাহিরে অন্তরে অন্তরে

শ্রীকান্ত গরাই (দ্বিতীয় বর্ষ, সংস্কৃত স্নাতক)

আমার ভিতরে বাহিরে অন্তরে অন্তরে,
শুধু তুমি আছো আমার এই হৃদয় জুড়ে।
ভোরের হাওয়ায় ফোটে যখন কুসুম,
ভ্রমরেরা ফুলের পাপড়িতে করে গুণ গুণ।
তেমনি তোমার নিবিড় চলা,
তোমার জন্য আমার হৃদয়ের দুয়ার খোলা।
কবে তুমি আসবে আমার এ মনের ঘরে,
তাই ভেবে আমার মন যে আনচান করে,
দেখি যখন তোমার ওই দুটি নয়ন,
আমার মনের ভিতর করে আলোড়ন।
আমি ভালো আছি তুমি ভালো থেকো,
আমার মনের ঠিকানায় তুমি চিঠি লেখো।
দিয়ো তোমার ওই মন এই পাগলের মনটারে,
আমার ভিতরে বাহিরে অন্তরে অন্তরে।

# আমার সাপ্তাহিক রুটিন

ঠাকুরদাস হাঁসদা (দ্বিতীয় বর্ষ, সেন্ট্রাল হোস্টেল)

রবিবারটা খেলার জন্য, পড়ার জন্য নয়,
সোমবারে বই খুললে, সর্দি কাশি হয়।
মঙ্গলবার বই ছুঁতে নেই, অমঙ্গল বাড়ে,
বুধবারে বই খুললে, বুদ্ধিলোপে ধরে।
বৃহস্পতিবার হয় না পড়া, হয় যে লক্ষ্মীপূজা,
শুক্রবার সন্তোষীমা, পড়লে দেবেন সাজা।
শনিবারেতে সপ্তাহ শেষ, মামার বাড়ি যাই,
সেথায় গিয়ে ভালমন্দ, আমার খাওয়া চাই।
সপ্তাহেতে এই রুটিনেই, চলতে ভালবাসি,
এবার বল, কখন আমি বইটা নিয়ে বসি।

# যাদের প্রথম প্রেম হারিয়ে গেছে তাদের জন্য এই গানটা

সমৎ পাল (প্রথম বর্ষ)

আমার যা হারাবার.....
গেছে হারিয়ে .....
জীবনে তাকে আর পাবো না ফিরে.....!!
জীবনে তাকে আর পাবো না ফিরে.....!!
নীড় ভেঙে পাখি গেছে উড়ে.....
আমার হৃদয় মরুভূমি করে.....!!
মরিচিকার মতো আমায় রয়েছে গিয়ে
জানি না আজ সে কার দখলে.....
আমার যা হারাবার গেছে হারিয়ে.....
জীবনে তাকে আর পাবো না ফিরে.....
বেদনা ভরা মন কেঁদে মরে.....
আমি কোথায় তারে পাবো খুঁজে.....!!
আবার যদি কখনো আসে ফিরে।
রাখবো আমি বেধে হৃদয় নীড়ে.....
আমার যা হারাবার গেছে হারিয়ে.....
জীবনে তাকে আর পাবো না ফিরে.....

# অনামিকা

অনুপম পাত্র
(দ্বিতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

অতীতের কোনো দিনে তুমি অনামিকা,
ছন্দে ছন্দে পথে যবে যাইতে চলিয়া।
দেখিয়া তোমায় ওগো প্রাণ আরাধিকা,
দেহহীন হয়ে মন যাইত ছাড়িয়া।
কাছে থেকে ছিলে তুমি আশ্চর্য অধরা,
স্বপ্নে তুমি বার বার করিয়াছ দেখা,
আলাপ তোমার সঙ্গে মনে দিতে নাড়া;
কতবার চাহিয়াছি বলিতে সে কথা।

আজো তুমি আছো মোর অন্তর প্রেয়সী,
জানি তুমি অন্য কারে দিয়াছো যে কথা।
শুন ওগো মম তুমি পরাণ শ্রেয়সী,
আজ হোক কাল হোক হবে পরিণীতা।
আমি শুধু চেয়ে চেয়ে ব্যর্থ হতাশায়,
নিঃশব্দে ঝরিয়া যাব চ্যুত ফুলপ্রায়।

# স্মৃতি

কৃষ্ণা মণ্ডল (প্রথম বর্ষ)

টুপ টুপ খসে পড়ে,
তারিখের পাতা।
বারোটি মাস নিয়ে,
যেন স্মৃতি গাঁথা।
কত হাসি, কত খুশি,
চলে গেছে আগে।
স্মৃতি গুলো রয়ে গেছে,
মনে পড়ে তাকে।
চলে গেছে দিনগুলো,
রয়ে গেছে স্মৃতি।

# ভাই বোন

সৌরভ লায়েক (তৃতীয় বর্ষ, পাস)

বিবেক বাঁশি ফেলেছে সাড়া ভাইবোন ভাইবোন,
উঠোন দাওয়া ছাড়িয়ে সাগর বিশ্ব আপনজন।
ধর্ম, কর্ম, বর্ণ, ভাষা, মিলেমিশে সম্মেলন,
হৃদয়ে পড়েছে বাঁধা মিলনে ভাইবোন ভাইবোন।
কাঁদিয়ে সদা বিবেক হৃদয় অকাতরে নিবেদন,
ভাইয়ে-ভাইয়ে, বোনে-বোনে পরম প্রেমের মিলন
দিনে দিনে বেড়েছে সীমানা ঘরবাড়ি ভাইবোন
হৃদয় পড়ছে বাঁধা মিলনে ভাইবোন ভাইবোন।

# মনের মোমবাতি

কৌশিক রক্ষক (তৃতীয় বর্ষ)

আমার মনের ঘরে চারটি মোমবাতি জ্বলছিল।
প্রথম মোমবাতিটি বলল আমি 'শান্তি'...বেশিক্ষণ থাকি না,
এই বলে প্রথম মোমবাতিটি নিভে গেল।

তখন দ্বিতীয় মোমবাতিটি বলল আমি 'বিশ্বাস'...
যেখানে 'শান্তি' নেই আমিও সেখানে থাকতে পারবো না
এই বলে দ্বিতীয়টিও নিভে গেল।

এবার তৃতীয় মোমবাতি বলল আমি 'ভালোবাসা'...
যেখানে 'শান্তি' আর 'বিশ্বাস' নেই সেখানে আমার থাকা
অসম্ভব, এই বলে তৃতীয়টিও নিভে গেল।

এবার আমার মনের ঘরেতে প্রবেশ করে
দেখলাম চারটা মোমবাতির মধ্যে তিনটি মোমবাতিই নিভে গেছে।
শুধু একটা মোমবাতি মিট মিট করে জ্বলছে।

তখন আমি উদাস নয়ন ভরা জলে চতুর্থ মোমবাতিকে
জিজ্ঞাসা করলাম 'তুমি জ্বলছে কেন? তুমিও তো নিভে যেতে পারতে'।

চতুর্থ মোমবাতিটি তখন বলল আমি 'আশা' আমি সব সময়ই
থাকি, এখন তুমি চাইলে আমাকে দিয়ে এই তিনটিকেও জ্বালিয়ে
তুলতে পারবে, অর্থাৎ 'শান্তি' 'বিশ্বাস' আর 'ভালোবাসা'কে ফিরিয়ে আনতে পারবে,
কারণ আশায় তো মানুষকে বাঁচিয়ে রাখে।

# কলিযুগ

নিবারণ দাস (দর্শন বিভাগ)

সত্য, ত্রেতা, দ্বাপর যুগ পেরিয়ে আসার পর পড়েছে কলিযুগ
এই যুগেতে মানুষরা সব হয়েছে বেয়াকুব।
কারো হাতে মদের বোতল, কারো হাতে বিড়ি।
কেউবা আবার করছে অন্যের ধন চুরি!
ছেলে-মেয়েদের খাতা কলম কমে গেছে ভাই,
তার বদলে এখন কিন্তু মোবাইলটি চাই।
মোবাইল হাতে পেয়ে হয়েছে এক কান্ড
পরীক্ষার ফল হয়েছে একেবারে ভণ্ড।

## শূন্য

ডোনা মল্লিক
(দ্বিতীয় বর্ষ, পাস)

দুঃখ আমার চিরসাথী
কান্না আমার প্রাণ
ব্যথা আমার মুখের হাসি
কষ্ট আমার প্রাণ
মন যদি নৌকা হয়
মাঝি হবে কে?
সবাই যদি পর ভাবে
আপন হবে কে?
কিছু রাত কেটে যায়
স্বপ্ন নিয়ে
কিছু আশা ভেঙ্গে যায়
নিরব চোখের জলে
কিছু স্মৃতি
কাঁদিয়ে যায় আড়ালে
কিছু মানুষ দূরে হারায়
কিছু না বলে।

## ইচ্ছে

প্রসেনজিৎ মণ্ডল
(দ্বিতীয় বর্ষ, পাস)

ইচ্ছে হলে মনে করো,
ভুলে যেও না,
মনে হলে এস.এম.এস করো
দূরে থেকো না
ভুল করলে
শুধরে দিও;
রাগ করো না
মিস করলে
জানিয়ে দিও
চুপ থেকো না...

## এসো বন্ধু শিখি

এসো বন্ধু সবাই মিলে শিখি লেখাপড়া,
শিখবো সবকিছু ছাড়বো কিছু আমরা।
হারবো না একটাও শিখবো আমরা সব,
এসো বন্ধু সঙ্গ দিই আমরা সব।

চোখে কত স্বপ্ন আছে বাবা মায়েদের,
পড়াশোনা করে বড়ো হবো আগাম দিন উজ্জ্বল হবে আমাদের,
বাবা মা পড়ায় আমাদের ইট বওয়া কাজ করে,
আমরা পড়াশোনা শিখবোই সবকিছু পরে করে।
করবো পড়াশোনা, হবো বড়ো দাঁড়াবো নিজের পায়,
করবো কাজ, করবো আয় বাবা-মা আছে অপেক্ষায়।
আছে বাবা-মার থেকে আমাদের পরিচয়,
বড়ো হয়ে তৈরি করবো নিজের পরিচয়।

# ঠিকানা

মীনা প্রামাণিক (তৃতীয় বর্ষ, পাশ)

আকাশ জানে বাসতে ভালো
পাখির কলতান
বাতাস জানে বইতে ভালো
সকাল সন্ধ্যায় সারা দিন মান।
চাঁদ পারে গো ছড়িয়ে দিতে
ঝিলিক জ্যোৎস্না।
বৃষ্টি জানে রিম ঝিমিয়ে
গানের মহিমা
পাহাড় জানে দিতে ভালো
মন হারানো ঝর্ণা
নদী জানে যেখানে শেষ
সেটাই মোহনা।
প্রকৃতি শুধু দান করে যায়
নেই কোনো তার মানা।
কেউ কি ওগো বলতে পারে
আমার ঠিকানা?

# আমার গ্রাম

অমিত ধীবর (প্রথম বর্ষ)

ছোটমেট্যালা আমার গ্রামের নাম
ছোট্ট এই গ্রাম।
গ্রামের প্রান্তে বইছে নদী
কংসাবতী নাম।
গ্রামে অনেক গাছপালা আছে
আছে ঝোপঝাড়,
তারই মাঝে সাজানো যে
সুখী পরিবার।
দক্ষিণে আছে শস্যক্ষেত
পূর্বে আছে বাঁধ,
মাঝখানে এই প্রাথমিক স্কুল
ছোটমেট্যালা তার নাম।
তাকে ঘিরে সুপ্ত আছে
ভবিষ্যত-এর প্রাণ।

# মা

মামণি রজক (দ্বিতীয় বর্ষ, পাশ)

মা মানে উষ্ণতা
মা মানে কোল
মা মানে মা-মা-গন্ধ।
মা মানে আঁচল
মা মানে রাতে তার কোলে মুখ বুজে
ঘুমিয়ে পড়া।
মা মানে রূপকথার গল্প
মা মানে ঝড় বৃষ্টির রাতে চমকে উঠে
কাউকে আঁকড়ে ধরা।
মা মানে হা করলেই খাবার আসা
মা হলো এমন একটা শব্দ যা সারা
পৃথিবীকে শেখায় কি করে বিশ্ব গড়তে হয়।

# পড়ার সময়

তিলোত্তমা ধীবর (দ্বিতীয় বর্ষ)

রবিবারটা খেলার জন্য
পড়ার জন্য নয়।
সোমবারে পড়লে নাকি
মাথা ব্যথা হয়।
মঙ্গলবারে পড়ব কী?
অ-মঙ্গল হয়
বুধবারে পড়লে যদি
বুদ্ধি খরচ হয়।
বৃহস্পতিবারে পড়তে নেই
মা লক্ষ্মীর কোপ।
শুক্রবারে পড়ব কি
সিরিয়াল দেখাল ঝোঁক।
প্রত্যেকটি শনিবার সিনেমা দেখা চাই
বলতে পারো, কখন আমি
পড়ার সময় পাই।

# ম্যাগাজিন

মহাদেব হাঁসদা

আমাদের ম্যাগাজিন
ছোটো ও রঙিন।
কি লিখবো? কি লিখবো?
ভেবে মরি
এসে গেল সেই দিন
ছাপা হবে ম্যাগাজিন।
চাপ আসে জমা দেওয়ার
লিখি কাটি সারাদিন।
ভেবে মরি কত রাত-দিন
পারবো কী কোনোদিন।

# বাংলার মা

পূর্ণিমা ধীবর (দ্বিতীয় বর্ষ)

বাংলা মোর স্বপ্ন ওগো,
বাংলা মোর মা।
বাংলা মোর মাতৃভাষা,
সবার চেয়ে সেরা।
বাংলা মায়ের রূপে যে আমি,
হয়েছি পাগল পারা।
বাংলা মায়ের মহিমা এমন,
ভূমিতে ফলে শস্য শ্যামল,
সবুজ শ্যামল এদের আমার,
স্বপ্ন দিয়ে ঘেরা।
'মা' মোর ছিল পরাধীনতা,
লক্ষ প্রাণের বিনিময়ে পেয়েছি স্বাধীনতা।
'মা' আমার রূপে গুণে হয় যে এক,
রূপসী বাংলার সেরা।

# শুধু তুমি

সঞ্জীব দত্ত (৩য় বর্ষ, বাংলা বিভাগ)

শুধু তুমি ছিলে বলেই আমি।
শুধু তুমি ছিলে বলেই আমার অবকাশ।
নয়তো কোথায় হারিয়ে যেতাম নীল দিগন্তে।
কূল কিনারা হারিয়ে যেতাম বয়ে।
শুধু তুমি ছিলে বলেই আমি।
আমার জীবন তোমার হাতে বাঁধা।
তুমি যেদিন মনে করবে সেই দিনেই উড়িয়ে দেব আমার ডানা।
উড়ান দিয়ে চলে যাবে কোনো দিবালোকে।
তবুও তোমাকে ভুলতে পারবো না আমার হৃদয় থেকে।
পাঞ্জর ভাঙ্গা ভালোবাসা বেসেছি যে তোমাকে।
তবুও তুমি বুঝলেনা আমার মনটাকে।
অভিমান করে চলে গেলে, বুঝলে না আমাকে।
আজও তোমাকে বোঝাতে পারিনি,
কি দোষ ছিল আমার !
বৃথা আকাশ, বৃথা বাতাস শুধুই তোমাকে খোঁজে।
সেই তুমি ছিলি বলেই আমি।
আমি ক্লান্ত, আমি ভগ্ন, আমি পথহারা এক পথিক
শুধু একটি কথাই বলে যাবো।
আমি ছিলাম, আমি আছি
আর আমি থাকবো।
শুধু তোমার জন্য।

# বন্ধু

অরিন্দম মোদক (দ্বিতীয় বর্ষ)

বন্ধু মানে উদাশ হওয়া
ফূর্তিতে ভরা মন,
বন্ধু মানে কিছু কথা
একান্ত আপন।
বন্ধু মানে খেলার সাথী
ঠাট্টা-মস্করা,
বন্ধু মানে ভালোবাসা
সবুজ পাহাড়ে ঘেরা।
বন্ধু মানে আনন্দ করা
মাতাল হওয়া মন,
বন্ধু মানে মনের মাঝে
সাজানো কৈশোর।
বন্ধু মানে সহায়তা
একটু অভিমান,
বন্ধু মানে বুকের মাঝে
একটু খানি টান।
বন্ধু মানে একটু মন্দ
অনেক খানি ভালো,
বন্ধু মানে আকাশের ঐ
হাজার তারার আলো।

# জাতির পিতা শিক্ষক

সুস্মিতা ঘোষাল (প্রথম বর্ষ)

শিক্ষক তুমি জাতির পিতা
তুমি যে ভোরের আলো,
তুমিই শিশুর অন্ধ বোধে
জ্ঞানের প্রদীপ জ্বালো।।

আঁধার থেকে আলোর পথে
তুমিই পারো পথ দেখাতে,
তোমার পথেই চলবো মোরা
তুমি লহ প্রণাম।।

পদে পদে ভুল যে হলে
শিক্ষা দাও তুমিই,
তোমার কোমল শাসনে মোরা
গড়ি নতুন ভূমি।।

ভালোবাসতেও জানো তুমি
শাসন করতেও পার,
পিতার মতো স্নেহ দিয়ে
নতুন জীবন গড়ো।।

চলতে গিয়ে হোঁচট খেলে
তুমিই তোলো ধরে,
তোমার অবদান কভু কি মোরা
ভুলব চিরতরে।।

সারাজীবন রাখব ধরে
স্মৃতির মণিকোঠায়,
মরে গেলেও অমর রবে
ভুলব নাকো তোমায়।।

# অপেক্ষা

সুজন বাউরী (৩য় বর্ষ)

ধ্বংসের আর্তনাদ, সৃষ্টির অপেক্ষায়
প্রতিদিন প্রতি মুহূর্তে।
শত শত যন্ত্রণায় ক্ষতবিক্ষত আমি
উইপোকার মতো।
তারা আমাকে
নিঃশব্দে নিঃস্ব করে ফেলেছে।
নিঃশব্দ সেই ধ্বংস তুমি টের পাওনা।
সেই ছাতিম গাছের নিচে বাঁধানো বেদিটায়,
যেদিন আমার স্বপ্নের পটাতন তৈরি হয়েছিল
তোমার প্রতিশ্রুতি ও অনুভবে।
সেই অনুভবগুলি যেন খসে পড়েছে
মধ্য শীতের পর্ণমোচী বৃক্ষের মতো
কতক আছে কতক ঝরে পড়েছে।
অপেক্ষায় রইলাম, তোমার পুনঃস্পর্শে,
যদি বসন্ত আসে।

# আমাদের কলেজের ছেলে

সুজয় মণ্ডল (দ্বিতীয় বর্ষ)

আমাদের কলেজেতে সেই ছেলে কত,
সুযোগ পেলে যে তারা ভালো ছেলে হত।
বেকার বসেই আছে কোনো কাজ নাই।
মস্তানী করে ভাবে যদি কিছু পাই।
চায়ের দোকানে নয়ত কোথাও কারো রকে,
দিন রাত আড্ডা দেয় সিগারেট ফোঁকে।
কর্মে অলস হলেও বাকো বাহাদুর,
কম্যান্ডো ভেবে মনে মনে ভাজে তারা সুর।
সিনেমা দেখতে ওরা বড় ভালো বাসে
খাবার সময় হলে ঠিক ঘরে আসে।
ঢেউ তোলা চুল গুলো এলোমেলো করা
শর্ট-কাট, ফিট-ফাট চোঙ্গাপ্যান্ট পরা
দাঁড়িয়েই থাকে সে যে বসা বড় দায়,
বসতে গেলেই যদি প্যান্ট ফেটে যায়।
নিজেকে বাঁচাতে ওরা বড় সচেতন,
বিপদ এলেই ওরা করে পলায়ন।

# বেলা শেষে

বকুল মিশ্র (দ্বিতীয় বর্ষ)

পাখিদল করে রব
ফিরিছে বাসায়।
চঞ্চল শিশুগণ
পথে শোভা পায়।
রবিমামা ডুব দেয়
পুকুরের পাড়ে।
চাষিদল নিয়ে হাল
ফেরে সারে সারে।
সীমাহীন জলাধারে
খেয়া বায় মাঝি।
বেলাশেষে বালুরাশি
করে ঝিকিমিকি।
আকাশেতে তারাগণ
মিট মিট করে।
চাঁদমামা জেগে ওঠে
আকাশের কোণে।
বাতাসেতে তরুগণ
দুলায় শরীর।
পাতায় পাতায় জমে
নিশির শিশির।
দিন শেষে রাত নামে
ধিকিধিকি পায়।
আমি শুধু চেয়ে রই
ভোরের অপেক্ষায়।

## বটবৃক্ষ

শচীন বাউরী
(তৃতীয় বর্ষ, ইতিহাস সাম্মানিক)

জানি পুড়ে যাব
তবুও পা রেখেছিলাম।
আগুনের বুকে।
জানি গলে যাবে,
তবুও ডেকে এনেছিলাম
উষ্ণতাকে।
ভেবেছিলাম তুমি তো অতলা সমুদ্র
তবুও দিয়েছিলাম গা ভাসিয়ে।
উপায় ছিল না।
একবারও তো ভেবে দেখোনি,
সূর্যের ওই প্রচণ্ড উত্তাপে।
আমি গিয়েছি গলে,
তুমি ছিলে মোমের মতো।
চলে গিয়েছো, কিন্তু কোনো ক্ষতি
হয়নি তোমার।
স্মৃতিগুলো ভেঙেছে।
খানিকটা দূরে লুকিয়েছো।
ওই ঝোপের আড়ালে।
না জানা স্বপ্নেই উড়ে গিয়েছি,
পতঙ্গের মতো,
তাই আমি বটবৃক্ষ।

## স্বাধীনতা তুমি

তমাল ব্যানার্জী
(তৃতীয় বর্ষ, ইতিহাস সাম্মানিক)

স্বাধীনতা আজ ভির্মি খায়
মাথা ঠুকে মরে, ঘোমটা দেয় লাজে।
স্টেনগান শানিয়ে জানান দিচ্ছে উগ্রবাদী।
প্রাদেশিকতার মড়ক লেগেছে লেজে।
শিক্ষা আজ পণ্য, শিশু আজ শ্রমিক।
বিনা চিকিৎসায় শহীদ হচ্ছে কত রোগী।
এটা বজরুকির দুনিয়া,
হেরোইন, মারিজুয়ানা রমরমা।
আজ, গলাবাজির স্বাধীনতা,
প্রতিশ্রুতি না রাখার স্বাধীনতা,
টেবিলের নীচে হাত পাতার স্বাধীনতা।
আজ চোখে অন্ধকারের কালো ছায়া
আলো আছে কি?
নাকি অন্ধকারেই থাকব?
খুঁজে দেখি, পাই কিনা হারানো মানবিকতা
দীপ্ত যৌবন
তবে কি নামেই স্বাধীনতা?

# টাকার মাহাত্ম্য কী?

অনুপম বিদ (দ্বিতীয় বর্ষ)

এই জগতে সবকিছুতেই টাকার বড়ো জোর,
টাকার জোরে রাতকে সবাই করতে পারে ভোর।
টাকার জোরে চাকরি হবে বলবে সবাই বাবু,
মিথ্যা কথা সত্য হবে বলবানেরাও কাবু।
টাকা থাকলে সবাই এসে তোয়াজ করে পায়,
টাকার জোরে নেতা থেকে মন্ত্রী হওয়া যায়।
টাকা থাকলে নিত্য নতুন রঙীন পোষাকের বাহার,
টাকা থাকলে মিলবে তখন বিভিন্ন রকমের আহার।
টাকা থাকলে রাত্রি কালে ঘুম হয় ভালো।
টাকা থাকলে দেখতে পাবে ভবিষ্যতের আলো।
টাকা থাকলে দুনিয়াটা সবার পায়ের তলে,
সৎ-অসৎ সকল কিছু তোমার কথায় চলে।
টাকা থাকলে হাতের মুঠোয় আইন আদালত,
টাকা থাকলে ভণ্ডরাও হতে পারে সৎ।
টাকা থাকলে সবাই বন্ধু, সকল রকম সুখ,
টাকা ছাড়া তোমায় চিনবে না কেউ ফিরিয়ে নেবে মুখ।

# উপহার

তনুশ্রী দাশগুপ্ত (দ্বিতীয় বর্ষ)

তোমাকে একটা উপহার দেব, ভেবেছিলাম,
কিন্তু কি দেব।
এক গুচ্ছ গোলাপের ফুল,
না সে তো শুকিয়ে যাবে।
তাহলে মেঘের থেকে বিদ্যুৎ এর ছটা,
সে তো তোমায় পুড়িয়ে মারবে।
তবে ঘুমের সময় একটা স্বপ্ন।
তা ঘুম ভাঙলেই ভুলে যাবে।
তবে দেবার মতো কি আছে আমার।
আছে তবে আমার ভয় হয়,
যদি তোমার ভালো না লাগে
গ্রহণ না করো, তবু তোমায় দেব।
আমার হৃদয় নিঙড়ানো একরাশ ভালোবাসা।

# ভালোবাসা

তুষার মুর্ম্মু (তৃতীয় বর্ষ, সাম্মানিক)

তোমার প্রতি এখন আমার
এতোই ভালোবাসা
কি করে বোঝাবো তোমায়
পাই না কোনো ভাষা।
দিন রাত্রি আমি শুধু
ভাবি তোমার কথা
মন আমার ব্যাকুল থাকে
পেতে তোমার দেখা।
চোখের সামনে ভেসে বেড়াও
সব সময়েই তুমি
বুঝতে কিছু পারি না তাই
কি করি যে আমি।
পড়ার সময় বইয়ের পাতায়
তোমার দেখা পাই।
লেখার সময় খাতাতে তোমার
নামটা লিখে যাই।
ঘুমের সময় ঘুম আসে না
তোমায় মনে পড়ে
ঘুমের মাঝেও স্বপ্নে তোমায়
দেখি নতুন ক'রে।
তোমায় ছাড়া এখন কিছুই
ভাবি না যে আমি
আমার জীবন শুধু এখন
তুমি, কেবল তুমি।
.তোমায় আমি প্রশ্ন করি
শোনো আমার ভাষা
এটাকেই কি প্রেম বলে
এটাই কি ভালোবাসা।

# মনের সাথী

সুজয় মণ্ডল (দ্বিতীয় বর্ষ)

জীবনের আঁকে বাঁকে কত ভাসে দাবী।
কেন শুধু বারে বারে মনে জাগো তুমি।
হৃদয়ের লিপিকাতে লিখছি তোমার কাব্য।
নিশিদিন তাই আমি তোমায় নিয়ে ভাববো।
রঙ ভরা পৃথিবীর রঙিন পাতায়।
কেন তুমি জেগে উঠো মনের খাতায়।
কত ভালোবাসা কত হৃদয়ের সুর।
না বুঝে তুমি কেন হয়ে আছো দূর।
এতো ভালো লাগা নয়, এ যে ভালোবাসা।
তাই মনে জাগে আজ কত শত আশা।
স্বপ্ন দিয়ে লিখছি আমি ওগো আমার ইতা।
তুমি আমার শুধুই আমার, আমার মনের মিত।
কি বলে ডাকবো তোমায়, ধরে তোমার নাম।
ভয় করে যে শুধু আমার এই তো ক্ষুদ্র প্রাণ।
দুঃখ আঘাত পেয়েও থাকি যদি
- মন তবু চায় কেন মনের সাথী।

''সমস্ত জ্ঞানের শেষ কথা হল চরিত্র গঠন।'' - গান্ধিজী।

# আমার স্বপ্নপুরী

ঝুমা ভূঁইয়া (দ্বিতীয় বর্ষ)

জীবনটা আমার নদীর মতো গতিহারা-দিশাহারা,
জানি না, কবে সে পাবে তার সঠিক কিনারা।
কখনো দুঃখের আবেগে গতিহারা হয়ে যায়,
আবার কখনো সুখের আবেগে দিশাহারা হয়ে যায়।
তাই মাঝে মাঝে চেয়ে থাকি চাঁদের দিকে,
তখন মন বলে, দেখ কত কষ্ট তার বুকে।
কখনো মেঘে ঢেকে যায়,
কখনো আবার আঁধারে হারায়।
তবু সব কিছু ভুলে সে হাসে,
কারণ, সে আকাশকে খুব ভালোবাসে।
ঠিক তেমনি তোমার এই জীবনটা।
তাই তো মনে হয় আমার জীবনটা সত্যিই দুঃখে-কষ্টে ভরা,
তাই অনায়াসে সুখ আমার হয় হাতছাড়া।
কেমন করে যে বছরগুলো পেরিয়ে এলাম হায়,
চাইলে কি আর সেই দিনগুলোকে ফিরে পাওয়া যায়।
তাই আমি নদীর স্রোতে খুঁজে চলি কিনারা,
পাই না তো কিছুই খুঁজে আমি হই দিশাহারা।
কত কথা বলে আমার এই দুচোখের দুটি তারা,
তাই যখন আপনজনদের সাথে থাকি তখন তাদের -
ভালোবাসায় হয়ে যায় আমি বাঁধন হারা,
যেদিন আমি এদেরকে ছেড়ে চলে যাব আর কোনোদিন -
দেব নাতো সাড়া,
সেদিন হয়ে যাব আমি ওই নীল আকাশের ছোট্ট একটি তারা।
তাই মাঝে মাঝে আকাশের চাঁদ লুকিয়ে থাকে -
মেঘের আড়ালে,
কিছু স্বপ্ন ভেসে যায় সাগরের জলে।
কিছু কিছু স্মৃতি পুষে রাখি মনের অগোচরে,
কেউ ভালোবেসে, কেউ ঘৃণা করে চলে যায় অনেক দূরে।
কিন্তু আপনজনরা চিরদিন থেকে যায় হৃদয়ের মাঝে।
তাই মাঝে মাঝে ভালো লাগে চাঁদের মিষ্টি হাসি দেখতে,
ভালো লাগে পাখির মধুর ডাক শুনতে।
ভালো লাগে আকাশে সূর্যের খিল খিল হাসি দেখতে,

আর ভালো লাগে আপনজনদের সাথে আনন্দে মেতে থাকতে।
তাই কখনো কখনো এদের স্নেহ ভালোবাসায় সুখি হই,
আবার কখনো কখনো তাদের আঘাতে খুব দুঃখিতও হই।
মাঝে মাঝে এরা যে আমায় আঘাত করে কষ্ট দেয়,
সত্যিই কি তারা অপরকে কষ্ট দিয়ে সুখি হয়।
তাই মাঝে মাঝে মন খারাপের কারণ কাউকে ব্যাখ্যা করতে পারি না,
শুধু নিশ্চুপ হয়ে থাকি আর তখন ভেতরটা শুধু কুঁড়ে কুঁড়ে খায়।
জীবনটা খুব কষ্টের কিন্তু কাউকে বোঝাতে পারি না,
মনটা খুব অসহায় কিন্তু কাউকে দেখাতে পারি না।
তাই মনে হয় পৃথিবীতে যারা খুব সহজেই মানুষকে আপন করে নেয়,
পৃথিবীতে তারাই সবথেকে বেশি কষ্ট পায়।
এরকম অনেক গোপন কথা আমি তোমাদেরকে কেমন করে প্রকাশ করি,
এ হল আমার জীবনের আমার স্বপ্নপুরী।

"কেবল বড় ডিগ্রি পেলেই আদর্শ মানুষ হওয়া যায় না, আদর্শ মানুষের চাই এমন অন্তঃকরণ যা কখনো কঠিন হবেনা, চাই এমন প্রকৃতি - যা কখনো বিরক্ত হবেনা, চাই এমন স্পর্শ - তা কখনো ব্যথা দেবে না।

– ডাঃ লুকিস্।

# হারিয়ে যাওয়া প্রেম

রাজু ঘোষ (প্রাক্তন ছাত্র)

হয়তো একদিন হারিয়ে যাব তোমার জীবন থেকে
চলে যাব অচীন কোনো অজানা এক দেশে
চাইলেও সেদিন পাশে তুমি পাবে না আর আমায়
আর কোনোদিন থাকব না তোমার অপেক্ষায়।
আমার স্মৃতি সেদিন কড়া নাড়বে তোমার মনে
ছোট্ট ছোট্ট অশ্রুবিন্দু ঝরবে নয়ন দিয়ে
সেদিন হয়তো বুঝবে তুমি ভালোবাসা কী?
দেখবে পাশে সবাই আছে শুধু নেই আমি।
প্রেম-সমুদ্রে অতল বেগে নিজেকে ভাসিয়েছি স্রোতে
পরিণামে অবিশ্বাস আর যন্ত্রণা পেয়েছি যে,
কী করে ভুললে তুমি সে সব দিনের কথা
আজ অশ্রু ঝরে বেরিয়ে আসে অন্তরের ব্যথা।
তোমার বিরহে কাতর আমার অবুঝ মন প্রাণ,
তোমার পথ পানে চেয়ে আজও মন-আনচান।



''যদি তুমি ভারতকে জানতে চাও তাহলে বিবেকানন্দকে জানো।'' – রবীন্দ্রনাথ ঠাকুর।

# ব্যর্থ প্রেম

অদ্বৈত্য ঘোষ (প্রাক্তন ছাত্র)

জীবনে অনেক পথ হেঁটেছি
নদী সাগরের মতো
তবুও আমি জীবন সাথি
পাইনি মনের মতো।
ভাবছি আমি কোথায় গেলে
পাবো মনের সাথী।
এই জীবনে পাবো বলে
পথ চেয়ে যে হাঁটি।
নদী যেমন শান্ত বেগে
সাগরের দিকে যায়।
আমিও তেমন পাবো বলে
স্কুল কলেজে যাই।
এই ভাবনায় ভেবে আমি
পাইনি মনের সাথি।
এই প্রেমেতে ব্যর্থ আমি
নদীর তীরে বসি।

# স্বাগত

গৌরাঙ্গ মাঝি (দ্বিতীয় বর্ষ, সংস্কৃত অনার্স)

বিদ্রোহ আজ চারিদিকে বাড়িছে ব্রিটিশের আক্রমণ।
দেশবাসী কী ঘুমিয়ে আছে করছে না তারাও দ্বৈতশাসন।
জাগো - ওঠো। থেকো না আর ঘুমিয়ে।
ইংরেজদের অত্যাচার ও কুসংস্কার আসছে ঘনিয়ে।
তৈরি করো দলবল জাগাও দেশবাসীকে।
ধ্বংস করে দাও সব তাদের খেলা ঘরকে।
হিন্দু-মুসলিম, ধনী-গরিব কেউ হয়নাকো পর।
সবাই মিলে বোঝাও তাদের যারা স্বার্থপর।
কোমর বেঁধে ছুটে সবাই দেশবাসীকে করো শ্রদ্ধা।
নারী মর্যাদা ভারতবাসীর মান করিতে হবে রক্ষা।
রাজস্ব আদায় ভারতবাসীর মান করিতে হবে রক্ষা।
রাজস্ব আদায় খাজনা আদায় করছে জমিতে।
প্রতিবাদ করে ঝাঁপিয়ে পড়ো তাদের পিঠেতে।
চাষীর ধান থাকছে খেতে ছাড়ছে না নীলকর।
তাদের কাছে রুখে দাঁড়াতে করনাকো ভয়-ডর।
রক্ত দিয়ে স্বাধীনতা কিনে উজ্জ্বল করো দেশ।
নিজের লক্ষ্যে বাধা থাকলে করো তাকে শেষ।
প্রতিবাদের সুরধ্বনি ছড়িয়ে দাও দিগন্ত আকাশে।
ফিরিয়ে নাও নিজের সম্পদ ফেলো তাদের আবেশে।
তোমাদের কী বোধ নেই? আমাদের দেশ পরাধীন।
সবাই মিলে প্রতিজ্ঞা করো আমরা দেশ করব স্বাধীন।
আমিও তোমাদের সঙ্গে আছি আছি বিদ্রোহ।
চলো সবাই রুখে দাঁড়াব ইংরেজদের বিরুদ্ধে।
কত হিন্দু কত মুসলিম দিল প্রাণ বিসর্জন।
রক্তের গঙ্গা বইতে ছিল সারা বিশ্বভূবন।
তখনও কিন্তু ছিল দেশ আমাদের পরাধীন।
১৯৪৭ সালের ১৫ আগস্ট হল আমাদের দেশ স্বাধীন।
সারা জগৎ কেঁদে উঠল কিন্তু মনটা শুধু শুকাল
সেদিনেই আবার ভারত ও পাকিস্তান নামে,
দুটি রাষ্ট্রের জন্ম হল।

# কয়েকটা কথা

শচীন রজক (প্রথম বর্ষ)

মানুষের চলার পথের সঙ্গী হল বিশ্বাস।
যা না থাকলে জীবনটা অর্থহীন।
বিশ্বাস হারানো যতটা সহজ তার
চেয়ে বেশি কঠিন অর্জন করা।

গাছে তো অনেকি ফুল ফোটে
ফুল পুজোর যোগ্য সব হতে পারে না
ঠিক তেমনি জীবনে অনেক বন্ধু আসতে পারে
কিন্তু সবাই মনের মতো হতে পারে না।

একটা অচেনা মানুষের সাথে কথা
বলতে বলতে সে চেনা হয়ে যায়।
কিন্তু কষ্ট তখনি হয় চেনা মানুষটা
যখন অচেনা হয়ে যায়।

কাউকে ভুলে থাকার অভিনয় করা যায়।
কিন্তু, ভুলে থাকা যায় না।
মন থেকে যাকে একবার আপন করা যায়
শত চেষ্টা করলেও ভোলা যায় না।

কিছু অভিমান মানুষকে পর করে দেয়।
কিছু কষ্ট মানুষকে পাথর করে দেয়।
কিছু ভুল মানুষকে অনেক শিখিয়ে দেয়।
কিছু বাস্তবতা মানুষকে অনেক বদলে দেয়।

পৃথিবীর সব অভিমান হারিয়ে যায় তার কাছে
যখন তার কাছের মানুষ নীরবে একবার
তার চোখের দিকে তাকিয়ে বলে তোমাকে
অনেক ভালোবাসি, আমাকে কখনো ভুলো যেও না।

সেই সময়টা খুব কঠিন যে সময়
চোখের অশ্রু ফেলতে হয় কিন্তু
ওই সময়টা তার চেয়েও কঠিন
যে সময় চোখের জল লুকিয়ে হাসতে হয়।

কারণে ভালবাসবে,
সে তোমার চেয়ে সুন্দর পেলে চলে যাবে
যে তোমার মনকে ভালোবাসবে
সে তোমাকে সারাজীবন
পাগলের মতো ভালবাসবে।

# মধুমাস

শ্রী করুণা সিং সর্দ্দার
(তৃতীয় বর্ষ, পাস)

আম খেলে ঘুম হয়
জাম খেলে হয় জানি
দাঁত বড় শক্ত।
অসুখেতে আনারস
পেট সাফ রেল,
পাকা কলা, লিচু, তালে
দেহে বাড়ে তেল
পেঁপে আর কাঁঠালেতে
বেড়ে যায় ননী,
জল পাই তেঁতুলেতে
জিভে আসে পানি।
পেয়ারাতে চেহারাটা
করে ঝিকমিক,
বিধি মেনে ফল খেলে
দেহ থাকে ঠিক।

# স্মরণ

সুদীপ বাউরী (প্রথম বর্ষ, সাধারণ বিভাগ)

জানি, প্রয়োজনের জন্য এ আয়োজন,
তুমি এসেছিলে চলে গেলে সে যে খুলি দ্বার।
সূর্যাস্তের আলোয় দিক চিহ্নিত করে,
আজ তুমি দক্ষিণের কোণে পড়েছ হেলে।
সৃষ্টির নেপথ্য হতে বার বার এলে তুমি ফিরে।
যদি পারো তোমার প্রাঙ্গণ তলে
দিয়ে যেও একটু খানি স্থান।
ছল করে যদি পারি, একটুখানি বাতাস
ভরে নেব আমার ঝুলিতে।
তুমি চলে যাবে তাই আজ ভাঙ্গা দিবসে
লেগেছে মরচের ঘন আবরণ।
তবু অশ্বত্থামার তোমার স্মৃতিকে
পাশে রেখে গড়ে নেব আমার খেলাঘর।
চোখ জল আর বুকভরা অভিমান নিয়ে
আজ শেষ বীণার তার গেল টুটে
দেখিনা তোমার প্রেরণায় যদি পারি রোদ্দুর হতে।
শুধু যাবার আগে বিলিয়ে দিয়ো
সূর্যোদয় সূর্যাস্তের বাঁকা তরোয়াল।
চলে যাব তবে যাবার আগে
রবির আলোয় শেষ করে যাব আমার প্রার্থনা
"যেতে নাহি দিব তবু যেতে দিতে হয়
তবু চলে যায়
চলিতেছে এমনি অনাদিকাল হতে।"

# স্বপ্ন

প্রিয়া মণ্ডল (প্রথম বর্ষ)

জানিলাম এ জগৎ স্বপ্ন তো নয়,
মনের মতো আঁকা ছবি তো নয়।
নিজেকে চিনতে হলে,
আঘাতে আঘাতে বেদনায় বেদনায় চিনিও।
কিন্তু কোনো দিন নিজেকে ভেঙে দিও না
নতুন করে গড়লে, নতুন আলো দেখবে,
সবার হাসিতে হাসবে।
জগৎ তোমায় দেখবে।
তাতে তুমি একদিন সফল হবেই।

# এই তো জীবন

রাজকুমার ঘোষ (তৃতীয় বর্ষ)

বসে থেকে থেকে চোখে ঘুম আসে না
অলস দুপুর বেলায়।
যায় না দুপুর আসে না বিকেল,
কত কি যে মনে পড়ে।
মনে পড়ে নাই প্রিয়তমে আজ
মনে পড়ে নাই প্রেম স্মৃতি মোর
একি ভাবনার ঘোর।
আজি এ শরীরে নানা সমস্যা,
আরোগ্য সুখ করি তপস্যা,
তবু আসে নাই দিতে শান্তি আমার
জীবন দেবতা মোর।

# ভালোবাসার যন্ত্রণা

রিনা দাস (প্রথম বর্ষ)

একদিন হয়তো ভালোবেসে ছিলাম তোমাকে,
কিন্তু সত্যি কী তুমি ভালোবসে ছিলে আমাকে,
তুমি আমার ভালোবাসা আজও বুঝলে না -
ভুল বুঝে আমার সাথে করলে ছলনা -
ভুল বুঝে অনেক আঘাত দিলে আমাকে।
তাও আজও ভালোবাসি আমি তোমাকে -
আমায় তুমি করলে শুধুই অবিশ্বাস
তাই আমি আজও নিচ্ছি কষ্টের নিশ্বাস
জীবনে সবচেয়ে বেশি বিশ্বাস করেছি তোমাকে,
তাই তুমি এত আঘাত দিচ্ছ আমাকে,
ভুলব না এই আঘাতের কথা কোনোদিনও আমি
ভুলে যাব হয়তো সেদিন যেদিন যাচ্ছে আসবে তুমি
সম্পূর্ণ বুঝতে পারিনি কী যে তুমি চাও
আমাকে দুঃখ দিয়ে তুমি কতটা সুখ পাও
ভালোবাসার স্বাদ হয়তো পাবে না কোনোদিন
তবু ভালো থেকো সুখে থাকো চাইব প্রতিদিন।

# Love is Social Incident

Biswarup Patra (3rd year, English Hons.)

Love is a very powerful matter
So we are not turn to this flutter
A loveless man alone bear frost and rain
On throbless heart and heatless brain
And feel no stir of joy or pain
I saw you looking at my heart,
You see my heart of love pain.
You let them know you love me
In a way that leaves no doubt to see
So I know that is one thing
That I will never be best without
So I trust always your love movements.
That is the reason of love incidents.

# My India

Amit Dhibar (1st year)

Delhi is for Majesty
Karnataka for beauty,
Tamilnadu for working
Gujrat for wealth
Madhyapradesh for health.
Bengal for writing,
Punjab for education.
Uttaparadesh for population,
Nagaland for hills,
Andhrapradesh for working mills.
Bihar for mines,
Himachal for vines
East for West India is the best.

# My Mom

My mom, like a star
Shines me always.
My mom, like a tissue
drays my tears.
My mom, like a super hero
Saves me always.
My mom, like a map
helps to find my ways.
My mom, like a library
gives me knowledge.
My mom, like an angle
makes my life worderful.
My mom, like a garden
makes my life colourful.

গল্প

# জল মেশানো জন্মদিন

দেবাশীষ দে (শিক্ষাকর্মী)

প্রদীপের খুব মনের কষ্ট। পুজোর মাস এলেই কষ্টটা আবার বাড়ে যেন। হাজারো ভুলে থাকার চেষ্টা করেও প্রদীপ তা ভুলে থাকতে পারেনি। ঘটনা বা দুর্ঘটনা যাই হোক না কেন প্রদীপের বাবা রামকৃষ্ণবাবুর জন্ম তারিখ ২৪শে অক্টোবর, ১৯৬৯ আর মা জবারানীর ২৪শে অক্টোবর, ১৯৭৯ মাধ্যমে প্রদীপের জন্ম হলো অক্টোবর মাসেই। কিন্তু ২৪শে অক্টোবর না হয়ে ৪টা অক্টোবর। বংশের বাতি বলে ছেলের নাম রাখলেন প্রদীপ। আর কি এক আবেগে নিজেদের জন্মদিনের সাথে সঙ্গতি রাখতে গিয়ে জল মিশিয়ে ছেলের জন্মদিনও ৪ঠা অক্টোবর এর পরিবর্তে করিয়ে নিলেন ২৪শে অক্টোবর। বয়সটা কুড়ি দিন কমানো উদ্দেশ্য নয়। উদ্দেশ্যটা একটা চমক আর তিন জনেরই জন্মদিন একই সাথে পালন করা যাবে। প্রথম প্রথম প্রদীপ জন্মদিন খুব আনন্দের সাথে উপভোগ করতো। গোল বাঁধালো কাকার মেয়ে মোম। বললো আজ মোটেই তোর জন্মদিন নয়। আসলে তোর জন্মদিন ৪ঠা অক্টোবর। ২৪শে অক্টোবর তোর মা-বাবার জন্মদিন। জল মিশিয়ে তোর জন্মদিন ৪ এর বদলে ২৪ করা হয়েছে। সেদিন প্রথম প্রদীপ ব্যাপারটা জানলো তারপর থেকেই তার মনের কষ্ট। জন্মদিনে নেমতন্ন সবাইকে উৎসাহের সাথে করলেও কাকার মেয়ে মোমের কাছে এক ফুঁতেই প্রদীপ নিভে যেত যেন।

এই প্রদীপ এর জন্য সময়ে বাবা-মা 'পাত্রী চাই' এর বিজ্ঞাপন দিলেন। সেখানে পছন্দের প্রথম ও প্রধান শর্ত হলো পাত্রীর জন্ম অবশ্যই ২৪শে অক্টোবর হতে হবে। বান্ডিল-বান্ডিল চিঠি এলো। যাদের সবারই জন্ম ২৪শে অক্টোবর। তারই মধ্যে একজনকে পছন্দ করে প্রদীপকে পাত্রীস্থ করা হলো ধুম-ধামের সাথে। প্রদীপ মুখিয়ে ছিলে তার বউ আলপনাকে জিজ্ঞাসা করার জন্য যে তার জন্ম তারিকখ কি সত্যিই ২৪শে অক্টোবর। আর বউ আলপনার জিজ্ঞাসা ছিল পছন্দের প্রথম ও প্রধান শর্ত - পাত্রীর জন্ম অবশ্যই ২৪শে অক্টোবর হতে হবে, কেন? বাসরঘরে একান্তে চোখাচোখি হতেই দু-জনের মুখ থেকে একই সাথে উচ্চারিত হয় আচ্ছা...। পরক্ষণেই দু-জনেই থেমে যায়। প্রদীপ বলে, বলো কি বলছিলে? আলপনা - না, তুমি বলো কি বলছিলে? তুমি বলো, না - তুমি বলে দু-একবার হওয়ার পর মেয়েদের প্রথম সুযোগ এই যুক্তিতে আলপনাকেই জিজ্ঞেস করতে হলো পাত্রী পছন্দের প্রথম ও প্রধান শর্ত তার জন্ম অবশ্যই ২৪শে অক্টোবর হতে হবে কেন? প্রদীপ উত্তরে বললো - সত্যি কথা বলতে কি আমার, বাবার ও মা এর জন্মদিন ২৪শে অক্টোবর এবার তোমার নামটাও যুক্ত হলো এ ২৪ এর দলে। চার জনের জন্মদিন একই দিনে এটা একটা চমক। সাথে অবশ্যই একই সাথে চারজনের জন্মদিন পালন করা যাবে। এবার আলপনা জানতে চাইলো তুমি কি জিজ্ঞাসা করছিলে? প্রদীপ বললো আচ্ছা সত্যি কি তোমার জন্মদিন ২৪শে অক্টোবর! আলপনা বললো, না, আজকের এই সুন্দর রাত্রিতে মিথ্যে করা বলবো না। আমার জন্ম অক্টোবর মাসেই, তবে ২৪শে নয় ২৮শে অক্টোবর। প্রদীপ একটুও রাগ করলো না। সে যেন অনেকদিন পর একজন প্রকৃত সঙ্গী খুঁজে পেল, যার জন্ম দিনেও জল মেশানো আছে। প্রদীপ আজ আর এক ফুঁতে নিভে যাবে না।

বাবা - রামকৃষ্ণ

মা - জবা

পুত্র - প্রদীপ

পুত্রবধূ - আলপনা

ঠাকুরঘরের পবিত্রতায় সংসার এগিয়ে চলেছে নুতন অতিথির আশায়।

# অনির্বাণ

সুজিত দাস (প্রথম বর্ষ, ইতিহাস বিভাগ)

সত্যেন্দ্র বেশ চিন্তায় পড়ল। কিন্তু তাকে সে যেতে হবে, তাছাড়া আর কোনো উপায় নেই, রমা হয়তো কষ্ট পাবে - এবারে গিয়ে আসবে সেই পরের বছর। গ্রামের ওপর কোনো টান নেই সত্য-র। না আছে বাবা, না আছে মা, কেবল একটা স্থানে গিয়েই তার জীবন সমুদ্রের জোয়ারের জল আটকে যায়; সেই দুর্বলতম স্থানটা হল রমা। কলকাতায় কলেজের বন্ধুদের সাথে দিনগুলো কাটতেই চায় না। বার বার তার মুখটাই মনে পড়ে।

সত্য নিম গাছটার রুক্ষ ত্বকে হাত বোলালো একবার, তারপর মন থেকে সব বিষণ্ণতা একটা দীর্ঘশ্বাসের মাধ্যমে ঝেড়ে ফেলল। পকেট থেকে একটা লাল সুতো বের করে সত্য বেঁধে দেয় নিমগাছটার একটা ডালে। এই লাল সুতোটা একটা সংকেত, যা সত্যেন্দ্র ছাড়া আর একজনই বুঝতে পারবে। তার এবং সত্যেন্দ্র দুজনের কাছেই চারটি রঙের সুতো আছে - সাদা, লাল, কালো আর নীল, যদি সাদা সুতো বাঁধা থাকে তবে বুঝতে হবে ভোরে দেখা করতে বলেছে, যদি লাল সুতো থাকে তাহলে বুঝতে হবে দুপুরে দেখা করতে বলেছে আর কালো সুতো থাকলে রাত্রে। যদি কোনো একটা সুতোর পর নীল সুতো থাকে তবে বুঝতে হবে যে সময়ের উল্লেখ করা হয়েছে, তারই একটু দেরীতে। অর্থাৎ, যদি সাদা সুতোর পর নীল সুতো থাকে তাহলে ভোরের একটু পরে অর্থাৎ সকালে দেখা করতে বলেছে বুঝতে হবে। এই ভাবে দুইটি জীব একে অপরের সাথে দেখা করত। সত্যেন্দ্র সুতোটা বেঁধে দিয়ে দ্রুত পায়ে বাড়ি চলে এল, ভাত রাঁধতে হবে। আসার পথে চণ্ডীমণ্ডপে দেখল বেশ জটলা বসেছে। সত্য একজনকে জিজ্ঞাসা করে বুঝল গ্রামে আজকাল ডাকাতের উপদ্রব বেড়েছে, তাই গ্রামের লোক পাহারা বসাবার আয়োজন করছে, সেই নিয়ে জটলা, আগের দিন মহাজন নিবারণ তালুকদারের বাড়িতে চুরি হয়েছে। বাক্সে গয়না ভর্তি করে রেখেছিল নতুন বউয়ের, বাক্সসহ উধাও। সত্য কিছুক্ষণ দাঁড়িয়ে দাঁড়িয়ে লোকেদের আলোচনা শুনল, তারপর বাড়ি চলে এল। একা মানুষ ভাত রাঁধতে হবে - আলুসেদ্ধ আর ভাত সাথে অল্পখানি লবন।

ভাত রাঁধতে সত্যর বেলা হয়ে গেল। তখন দুপুর সমাগত। সত্যর খেয়াল হতেই ভাঁড় থেকে এক খামচা তেল তুলে সারা গায়ে, মাথায় মেখে নিল। তারপর গামছাটা গলায় জড়িয়ে, একটা শুকনো ধুতি না নিয়েই দৌড়াতে লাগল। গিয়ে দেখে রমা উপস্থিত সেখানে। সে উলটো দিকে ঘুরে বসেছিল, হাতে তার একটা নিমগাছের ডাল। রমা আনমনে তারই একটা করে পাতা ছিঁড়ছে আর ফেলছে। সত্য রমার মাথায় আলতো করে হাত রাখল। রমা ক্ষণিকের জন্য চকিত হয়, সত্যর অস্তিত্ব অনুমান করে ধীরে ধীরে পিছন ফিরে উঠে দাঁড়াল। সত্য বলল,

- কী ভাবছিলে?

- কিছুই না,

- তবে মুখে হাসিটি নেই কেন?

রমা চিন্তিত মুখে বলল, ''বাবা আমার জন্য পাত্র-র সন্ধান করছেন''। সত্য ভাবল তাইতো রমার বয়স হল ষোল বছর। এই বয়সে তো কোনো মেয়েকে তার বাবা কখনোই ফেলে রাখতে পারে না বাড়িতে। সত্যর বুকে দীর্ঘশ্বাসের একটা ঝড় বয়ে গেল।

- আচ্ছা, তুমি একবার বাবার কাছে যেতে পারো না।

- কিন্তু আমার সাথে কি তোমার বাবা তোমার বিয়ে দেবেন। আমি তো অনাথ, না আছে বাবা, না আছে মা।

"ও কথা বল না গো", রমা ঢুকরে কেঁদে ওঠে।

- কেন রমা যা সত্য তা যতই কঠোর হোক, তাকে তো আর মুখের জোরে মিথ্যা করতে পারি না।

- কেন আমি নেই?

- তুমি তো সবসময়ই আমার সাথে আছো। তোমাকে আর আমাকে আমি কখনোই আলাদা করে ভাবিনি যে রমা। তুমি তো আমার-ই এক অংশ, কিন্তু মাঝে মাঝে মনে হয় তুমি যেন আমার হয়েও আমার নও।

রমা দু চোখের জল মুছে নিজেকে সামলে নিয়ে বলল, "আচ্ছা, তোমার কলেজের পড়াশুনা আর কতদিন বাকি?"

- আর এক বছর।

- ঠিক আছে, তুমি কোনো চিন্তা করো না, আমি আর একবছর যে করেই হোক অপেক্ষা করব। তুমি ভালো করে কলেজের পড়া শেষ করো, তারপর ই না হয় বাবাকে গিয়ে বলো।

- কাল ভোরে আমি চলে যাবো।

- আসবে কখন?

- ঠিক একবছর পর, কলেজের পড়া শেষ করে।

রমার বুকটা কেঁপে উঠল। মনের মধ্যে একটা কথা বার বার গুঞ্জরিত হতে লাগল, "এক বছর পর!"

সত্য কলকাতায় ফিরে গিয়ে দেখল মেস খালি। কেবল রথীন আর শ্যামাপ্রসাদ ছাড়া মেসে আর কেউই নেই। সত্য রথীনকে জিজ্ঞেস করল, "ব্যাপার কি ভাই, বাকি সব ছেলেরা কোথায় গেল?" রথীন বলল, "শোননি বুঝি, কলকাতায় প্লেগ দেখা দিয়েছে, রোজ প্রচুর মানুষ মরছে, মেসে দুজন ছেলে মারা যাবার পর যে যার তল্পীতল্পা গুটিয়ে পালিয়েছে।" রথীন হেসে বলল, "পড়াশুনা আগে না জীবন আগে। বেঁচে থাকলে অমর ঢের পড়াশুনা হবে।"

- তুমি যাওনি।

- না, তবে বাবার ট্রান্সফার হয়ে যাবে দু-এক সপ্তাহের মধ্যেই তবেই চলে যাবো। রথীনের বাবা ইংরেজ কোম্পানীর একটা আপিসে কাজ করত। সত্য বলল

- আর শ্যামাপ্রসাদ?

- ওরও তো আর দু'টো পরীক্ষা বাকি তারপর সেও চলে যাবে।

সত্যর মাথায় পড়ল হাত। এবার সে কী করবে একা তো আর মেসে থাকা যাবে না। বাড়ি ফিরে যাবে কি? কিন্তু তাতেও তো কোনো লাভ নেই। পৈতৃক ভিটে টুকু বাদে সব-ই তো পড়াশুনায় জলাঞ্জলী দিয়েছে। এখন সে কী করবে? যা থাকে কপালে বলে সত্য একাই থেকে গেল মেসে।

মাস দুই পরে সত্য একদিন ঘুম থেকে উঠে ডান হাতের মধ্যমায় একটা ব্যথা অনুভব করল। আঙুলটার দিকে তাকিয়ে দেখল বেশ ফুলে গেছে। সে সেটাকে গ্রাহ্য করল না। সন্ধ্যেবেলায় সেদিন খুব জ্বর এলো তার, রাত্রেবেলায় ঘুমন্ত অবস্থায় খুব ভুল বকছিল, সকাল বেলাতেও সে আচ্ছন্নের মতো ছিল। বেলার দিকে ঘোর কিছুটা কাটলে অনেক কষ্টে সে বিছানা থেকে উঠল। ডাক্তার ডাকতে পাঠাবে বলে নেপালি চাকরটার খোঁজ করচে গিয়ে দেখে, মেসে কেউ নেই। দেখে চাকরটাও কোন ফাঁক তালে সরে পড়েছে। সত্য

ঘরে ফিরে গেল, ঘরে চিড়ে, মুড়ি যা ছিল তাই দিয়েই জলযোগ সেরে শুয়ে পড়ল।

তিনদিনের দিন সত্যর অবস্থা চরমে পৌছালো। সন্ধ্যেবেলায় তখনো ঘর অন্ধকার উঠে দ্বীপটুকু জ্বালাবার সামর্থ্য নেই তার। দুদিন শুকনো মুড়ি চিড়ে খেয়ে সে কাটিয়েছে, ভাত রাঁধিবারও শক্তি ছিল না। রাত বাড়ার সাথে সাথে সত্যর অসুস্থতাও বাড়তে লাগল। খাটের ওপর সত্যর দেহটা নিথরভাবে পড়ে রয়েছে। একটা হাত বুকের ওপর, আর একটা হাত একপাশে পড়ে রয়েছে। মাঝে মাঝে মাথাটা নড়ছে। ঠোঁট দুটো যেন থরথর করে কেঁপে উঠছে বার বার। ভালো করে পর্যবেক্ষণ করলে বোঝা যায় তা কেঁপে ওঠা নয়, সে ঠোঁট দুটো কিছু যেন বলতে চাইছে, আরো ভালো করে শুনলে বোঝা যাবে থেকে থেকে যেন একটা নাম ভেসে আসছে - 'রমা'। ঠিক যেন ধোঁয়ার মতো অস্পষ্ট ভাবে নামটা ভেসে আসছে আর ধোঁয়ার মতোই ক্ষণিকের মায়াবরণ রচনা করে ধীরে ধীরে ঘরের তপ্ত বাতাবরণের সাথে মিলিয়ে যাচ্ছে। একসময় সে ধ্বনিও স্তব্ধ হয়ে যায়, পড়ে থাকে কেবল ঘরের ভেতর লুকিয়ে থাকা একটা ঝিঁ ঝিঁ পোকার আর্তনাদ।

সেদিন জোছনা যেন মাদুর পেতে ছিল রমার বাড়ির কাছে। কিন্তু এই জোছনাটা কেমন যেন ঘোলাটে। আকাশে পূর্ণিমার চাঁদের অপরূপ বাহারকে ঢাকবার চেষ্টায় কয়েকটা মেঘ যেন ব্যাকুল হয়ে পড়েছিল। তারা যেন পরিকল্পনা করে ঘিরে ধরেছে চাঁদটাকে। রাত গভীর, রমা একটা প্রদীপ হাতে বেরিয়ে এল। প্রতি পূর্ণিমার রাতে রমা প্রদীপ জ্বালিয়ে বরণ করত চাঁদকে তারপর তুলসি মঞ্চে সেই প্রদীপটাকে নামিয়ে দিত। কোথায় নাকি শুনেছিল যে, যদি দূরের কোনো প্রিয়জনকে বার্তা পাঠাতে হয়, তা যদি পূর্ণিমার চাঁদকে বলে দেওয়া যায়, তবে সেই বার্তা নাকি চাঁদ সেই প্রিয়জনকে বলে দিয়ে আসে। রমা তাই প্রত্যেক পূর্ণিমাতে প্রদীপ দিয়ে চাঁদকে বরণ করে, তার প্রিয় মনের মানুষটিকে বার্তা পাঠায়। হঠাৎ, উঠোনে আসতেই একটা দমকা হাওয়ায় রমার প্রদীপটা নিভে গেল। রমার বুকটা কেঁপে উঠল এক অজানা আশঙ্কায়। কই এতদিন তো সে চাঁদকে প্রদীপ দেখিয়ে বরণ করেছে একদিনও তো এমন ঘটেনি, আজ কেন এমন হল? রমা থমকে দাঁড়াল। তারপর একটা চাপা আর্তনাদ ''আঃ''। পায়ে একটা যন্ত্রণা, অসহ্য যন্ত্রণা। রমার হাত থেকে প্রদীপটা পড়ে গেল। অবশেষে সে নিজেও আত্মসমর্পণ করল জোছনা লুটানো ঘাসের চাদরে। মেঘে ঢাকা জ্যোৎস্নার আলোকে রমা দেখল কী যেন একটা চকচক করছে, আর এঁকে এঁকে চলে যাচ্ছে। সাপ! রমার চোখের দৃষ্টি ঘোলাটে হয়ে আসে। একটা গলার স্বর যেন দূরদূরান্ত থেকে ভেসে আসে, ''রমা.....''। তারপর সব অন্ধকার, সব নিস্তব্ধ। আবারও শোনা যায় ঝিঁঝিঁ পোকার তীক্ষ্ণবেদনাময় চিৎকার ঝোপের আড়াল থেকে।

''প্রত্যেক মানুষ তার নিজের শ্রমের উপজাত ফল।''
"Man is the product of his own labour". - কার্ল মার্কস।

# বেলা শেষে

প্রহ্লাদ রায় (প্রথম বর্ষ, দর্শন সাম্মানিক)

শিরীষতলার মোড়ে বাস থেকে নামতেই একটা চেনা বাতাসের স্পর্শ পেল রঞ্জন। তবে মোড়টা কেমন যেন পাল্টে গেছে। চারাপাশে প্রচুর ফাঁকা তড়া জমি ছিল। সেখানে এখন প্রচুর গাছপালা। চাঁদের আলো ছড়িয়ে পড়েছে চারদিকে। গাছগুলো মৃদু বাতাসে দুলতে দুলতে স্বাগত জানাচ্ছে তাকে। দীর্ঘ পনেরো বৎসর পর আবার গ্রামের পথে পা রাখল রঞ্জন। পথটার দশা সেদিন যা ছিল আজো তাই আছে। বরং অবস্থা আরো খারাপ হয়েছে আগের থেকে। বর্ষায় মাটি ধুয়ে বড়ো বড়ো পাথরগুলো বেরিয়ে পড়েছে। কোথাও কোথাও গাড়ির চাকায় পিষ্ট হয়ে মাটি দুদিকে ফেটে বেরিয়ে পড়েছে। তাই স্থানে স্থানে গভীর গর্ত। এতদিন শহরে থেকে প্রথম প্রথম এমন হাড় জিরজিরে রাস্তা ধরে হাঁটতে রঞ্জনের বেশ অসুবিধা হচ্ছিল। তারপর ধীরে ধীরে রাস্তাটি ভীষণ পরিচিত মনে হলো। দীর্ঘ পনেরো বছর এ পথে তার পা পড়েনি মনেই হল না আর। কোথায় একটি বেল বা তাল বা করলা গাছ ছিল কিন্তু আজ আর নেই সব মনে পড়ে যেতে লাগল রঞ্জনের।

সেদিন মড়কের সময় যেমন ভাবে চোরের মতো গ্রাম ছেড়ে পালিয়েছিল আজ তেমনি ভাবে চুপিসাড়ে আবার গ্রামে ঢুকছে সে। শালুকডোবার পাড়ে একটা মন্দির তৈরি হয়েছে। গ্রামে আজো বিজলিবাতির আলো আসেনি। সারা গ্রাম নিস্তব্ধ। কোথাও আলো দেখা যাচ্ছে না। একটা অন্ধকারের চাদরমুড়ি দিয়ে গোটা গ্রামটা ঘুমিয়ে পড়েছে মনে হচ্ছে। না পুরোপুরি ঘুমিয়ে পড়েনি। নটুদের বাড়িতে কথাবার্তার আওয়াজ আসে। বাণী বৌদির কথা শোনা যায়। রঞ্জন ধীরে ধীরে এগিয়ে চলে। গ্রামের মাথায় তাদের বাড়ি। কিন্তু এ কি অবস্থা হয়ে আছে! দেওয়ালের পলস্তারা খসে পড়েছে। দরজা জানালার পাল্লাগুলো উধাও। লোহার শিকগুলো কোনমতে দাঁড়িয়ে আছে। উঠোনে কটুসের মস্ত মস্ত ঝোপ। টিনের চালটিতে মরচে পড়েছে। উঠোনের পেয়ারা গাছটি নেই। রঞ্জন পাথরের মূর্তির মতো দাঁড়িয়ে রইল। এই এতগুলো রয়ে গেল তার খবর কোনদিন নিতে আসেনি। এতদিনে গ্রামের কি কি পরিবর্তন হয়েছে জানার সময় হয়নি। নিজেকে বড়ো অপরাধীর মতো রঞ্জন আর দাঁড়ায় না। হন্ হন্ করে হাঁটতে থাকে। যে পথ ধরে এসেছিল সেই পথে আবার ফিরে চলে। বেলিদের বাড়ির কাছে এসে দুপা থেমে যায়। এতদিন বাদে এসে বেলির খবর না নিয়েই পালাবে কি করে। মেয়েটা কেমন আছে, কোথায় আছে না জেনে গেলে ফিরে গিয়ে শান্তি পাবে না সে। বাঁশের বেড় ঠেলে ভেতরে ঢোকে সে। একটা হ্যারিকেন জ্বলছিল, টিমটিম্ করে। তার ওপাশে খাটিয়ায় চাদরমুড়ি দিয়ে কে যেন শুয়ে। '- কে, কে ওখানে দাঁড়িয়ে?'

রঞ্জন চমকে ওঠে। কি বলবে ভেবে পায় না। সুরেন কাকা হ্যারিকেনটা উঁচু করে ধরে।'- ওমা এ আমাদের রঞ্জন না? অ বেলির মা আয়, দ্যাখ কে এসেছে। অ বেলি?'

রঞ্জন উঁচু হয়ে চট্ করে গড় করে। 'ভালো আছো কাকা? কাকিমা ভালো আছে?'

- 'হ্যাঁ সবাই ভালো আছে। কিন্তু তুই এতদিন কোথায় ছিলি বাবা? - তোর মা মরতেই কোথায় পালিয়ে গিয়েছিলি?'

কথাটা বড়ো কানে লাগল রঞ্জনের। সত্যিই তো পালিয়ে যাওয়াই বটে। নিজের ভালোর জন্য চলে যাওয়া। পালিয়ে যাওয়াই তো।

- 'কলকাতায় ছিলাম কাকা। ওখানে কাজ করছিলাম। কিন্তু তোমার শরীরের একি অবস্থা কাকা? একদম পাটকাঠি হয়ে গেছে যে।'

ততক্ষণে কাকিমা এসে পড়ে। 'ভালো ছিলি বাবা এতদিন? কতদিন দেখিনি বলতো? আমাদের তো ভুলেই গিয়েছিলি। তা কতক্ষণে এলি বাবা?' কাকা কাকিমার সঙ্গে কথা বলতে বলতে রঞ্জনের চোখ খুঁজে বেড়ায় অন্য কাউকে। সে কোথায়? এখানে আছে নাকি সে আর আজ তার কেউ নয়, অন্য কারো সংসার সামলাচ্ছে? তার খবর জানতে অস্থির হয়ে ওঠে। 'বেলি কোথায় কাকিমা? ও ভালো আছে?'

- 'বেলি? আর ওর ভালো থাকা বাবা।' কাকিমা দীর্ঘশ্বাস ফেলে। বেলি ভালো নেই - রঞ্জন তা আন্দাজ করে। 'কেন?'

- 'ওর কথা আর কি বলবো বল। বিয়ে হতে না হতে ওর কপাল পুড়ল। জামাই বিয়ের দেড় বছর বাদে জ্বরে মারা গেল যে বাবা। তারপর থেকে ও একরকম মরে বেঁচে আছে আর কি। বেলি মা, ও বেলি? এদিকে আয় না একবার। - এই দ্যাখ কে এসেছে।'

ভালোবাসার মানুষের গলার আওয়াজ শুনে বেলা ইতিমধ্যে দরজার আড়ালে এসে দাঁড়িয়ে ছিল। কাপড়টাকে ঠিক করে নিয়ে সামনে বেরিয়ে আসে। 'ভালো আছো'? অতি ধীর স্থির কণ্ঠে জিজ্ঞেস করে বেলা। রঞ্জন জবাব খুঁজে পায় না। সে পাথরের মূর্তি হয়ে বেলাকে দেখছিল। প্রচণ্ড কালবৈশাখী যেমন সবকিছু তছনছ করে দিয়ে যায় তেমনি বেলার উপর দিয়েও মস্ত তুফান বয়ে গেছে দেখেই বোঝা যায়।

'চল্ বাবা ঘরে গিয়ে কথা বল তোরা। বাইরে হিম্ পড়ে।' কাকা কাকিমা ঘরে যায়। 'হ্যাঁ যাই কাকি মা' রঞ্জন বলে। দুজনেই চুপচাপ দাঁড়িয়ে থাকে। চাঁদের আলোয় বেলার চোখে জল চিক্চিক্ করতে দেখা যায়। ফিস্ফিস্ করে সে বলে - 'কেন এলে আবার। নাই বা আসতে আর। বেশ তো পালিয়ে ছিলে, কেন এলে আবার বলো?'

রঞ্জন বেলার ভেতরটা দেখতে পায়। তার ভেতরটা আগুনে জ্বলে পুড়ে ছারখার হয়ে গেছে। বেলার হাত দুটো নিজের হাতের মধ্যে নেয় রঞ্জন। তার মুখে ভাষা আসে না। নিজের হয়ে কোন সাফাই গাওয়ার ইচ্ছে হয় না।

- 'আমি ভুল করেছি বেলা। সেদিন চোরের মতো চুপি চুপি পালিয়ে শান্তি পাইনি বিশ্বাস করো। আমায় ক্ষমা করবে না বুঝি?'

- 'এখন আর ক্ষমা চেয়েই কি হবে। আমি যে সব হারিয়েছি।

- আবার নতুন করে কিছু পেতে চাও না বেলা? ঘর, সংসার...।

বড়ো বড়ো চোখে অবাক চোখে বেলা রঞ্জনের মুখের দিকে তাকিয়ে থাকে। বিশ্বাস হয় না সে এ কি সত্যি শুনছে, না স্বপ্ন।

- চলো বেলা আমি তোমাকে নিয়ে যেতে এসেছি। শহরে গিয়ে আমরা এবার একসাথে থাকবো। যাবে তো?

- 'না'। বেলা পূর্ববৎ শান্ত গলায় জবাব দেয়। নতুন স্বপ্নে গা ভাসানোর ইচ্ছে হয় না আর।

- কেন?

- 'আবার যদি পালিয়ে যাও, ভয় হয়। আমার কপালে কি সুখ আছে?'

- দূর বোকা মেয়ে। আর কোথাও যাবো না। চলো। তাছাড়া আমি শান্তি পাবো না। বেলা আর কথা বলে না। তার ঠোঁট দুটো কাঁপতে থাকে। এতদিন বাদে রঞ্জনকে আবার সেই চেনা রূপে ফিরে পেয়ে সমস্ত দুঃখ, কষ্ট, যন্ত্রণা সবকিছু ভুলে যায়।

- 'কই ঘরে এলি না যে বাবা তোরা। আর, হিম করে যে।' সুরেন কাকা বেরিয়ে আসে।

কাকার হাত ধরে রঞ্জন বলে 'তোমাদের আপত্তি না থাকলে বেলাকে বিয়ে করে নিয়ে যেতে চাই কাকা। ওর কষ্ট মুছে ফেলতে চাই।'

কাকার চোখে জল। 'সত্যি বলছিস্ বাবা? তাহলে সে মেয়েটা বেঁচে যায়।'

রঞ্জন সুরেন কাকার হাত দুটো আরো শক্ত করে ধরে ভরসা দেয়

- 'মেয়েটা তোর জন্যই কি কম কেঁদেছে বাবা? ওর আসল কষ্টটা কোথায় সেটা আমরা বুঝি। ও তোকে আজো ভুলতে পারেনি রঞ্জন। ওকে একটু আশ্রয় দে বাবা। সুরেন কাকা বাচ্চা ছেলের মতো কেঁদে ফেলে। 'চল ঘরে চল তোরা। রঞ্জনের কিছু খাওয়া হয়নি মা, ওর কিছু খাবার ব্যবস্থা করে দে।

যত্ন করে আসন পেতে কাঁচের গ্লাসে জল দিয়ে নিজে হাতে তার খাবার আয়োজন করে দেয় বেলা। শহরে ইট, কাঠ, পাথরে সঙ্গে এতদিন থেকে মনটাও কংক্রীটের মতো শক্ত হয়েছিল। বহুদিন বাদে এত আদর, ভালোবাসা পেয়ে ভীষণ ভালো লাগল তার। বেলাকে দেখতে বড়ো ভালো লাগে। তার মুখের মধ্যে অসাধারণ পাতিব্রত্যের ছাপ। সে রাত্রে কাকা কাকীমার বাড়িতেই থাকার ব্যবস্থা হল। বেলা সুন্দরভাবে তার জন্য বিছানা তৈরি করে দিয়ে গেছে। আগের মতো অতটা আর মশার উপদ্রব নেই মনে হল। সাত পাঁচ ভাবতে ভাবতে দুচোখের পাতা এক হয়ে গেল রঞ্জনের। গভীর রাত্রে ফিসফিস ডাকে ঘুম ভেঙে গেল। একি বেলা এসে দাঁড়িয়েছে বিছানার পাশে।

- 'এই তুমি? কি ব্যাপার?' বেলা কিছু বলে না। পাশে বসে। রঞ্জনের হাতে ধরে নরম গলায় বলে 'তুমি সত্যিই আমাকে বিয়ে করবে?' বেলা একই আছে। মনটা এখনো শিশুর মতো সরল থেকে গেছে।

- 'হুম্। করবো না কেন? কি হয়েছে তাতে?'

- 'আমি যে বিধবা তুমি তা জানো?'

- 'হুম। শুনলাম কাকার কাছে। তো তাতে কি? আমার তোমাকে প্রয়োজন বেলা।' কিছুদিন চুপ করে থেকে বেলা লজ্জা ভেজা গলায় বলে 'কখন করবে বিয়ে?' রঞ্জন প্রশ্নটা যেন কত জটিল সেরকম চিন্তিতের মতো থেকে হঠাৎ হেঁসে ফেলে -

'এই ধরো এখনি।' বলে বেলাতে নিজের বুকে টেনে নেয়। গালে গভীর চুম্বন করে। এলোমেলো চুলের ভেতর আঙুলের কিলিবিলি কেটে দেয়। রঞ্জন পাগল হয়ে উঠতে থাকে। হঠাৎ বেলার গলায় কান্নার শ্বাস শোনা যায়। রঞ্জন থেমে যায়। অবাক হয়। 'কি হল। তুমি কাঁদছো?'

- 'এত সুখ যে আমার কপালে সয় না গো।'

- সইবে। ঠিক সইবে দেখো তুমি। আমার উপর বিশ্বাস রাখো বেলা। তোমাকে আমি আর কক্ষনো ঠকাবো না।

- 'সত্যি?'

- 'সত্যি'

- 'হুম্'।

বাইরে তখন নিরবে শিশির পড়ে। সকালে উঠে দেখা যাবে ঘাসপাতার উপর প্রচুর শিশির কণা মুক্তোর মতো চিক্‌চিক্ করছে সোনালি আলোর। চারদিক কত সুন্দর কত ঝলমলে লাগবে। পুরনো পৃথিবীটা নতুন হয়ে উঠবে আবার।

# যান্ত্রিক ও অযান্ত্রিক

শিখা সূত্রধর (দ্বিতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

হঠাৎ বাড়িতে টেলিফোনটি বেজে ওঠে, পরমাদেবী তার পায়ে ব্যথা সত্ত্বেও আসে ফোনটি তোলার জন্য, কিন্তু এটাও ঋকের ফোন নয়, পরমাদেবীর মনটা আরোও হতাশ হয়ে যায়। এই ঋক হচ্ছে পরমা সেনের একমাত্র ছেলে, ঋক এখন এক খ্যাতনামা কম্পিউটার ইঞ্জিনিয়ার। সে স্ত্রী-পুত্র-কে নিয়ে এখন সিঙ্গাপুরে থাকে। সেখানে নাকি এক বিশাল বাড়ি বানিয়েছে এমনটাও শোনা যায়, শুধু সেই বাড়িতে তার মা থাকলে হয়তো জায়গাটা ছোট হত, তাই সে পরমাদেবীকে সঙ্গে নিয়ে যায়নি। এর প্রকৃত কারণটা হল - আজ থেকে প্রায় ছয়বছর আগের ঘটনা, ঋক হঠাৎ একদিন এক আশ্রমের মেয়েকে বিয়ে করে বাড়িতে নিয়ে এল। মেয়েটির নাম মহিমা। সত্যি সে একমাসের মধ্যেই তার মহিমা দেখাল। কিছুদিনের মধ্যেই ঋক তাদের পৈত্রিক বাড়িটা বিক্রি করতে চাইলে পরমাদেবী তাতে বাধা দিলে ঋক তার মায়ের উপর রাগ করে বাড়ি ছেড়ে চলে গেল। তাছাড়া মহিমাও চায়নি যে তার মা বাড়িতে থাকুক তাই তাকে বৃদ্ধাশ্রমে পাঠানোর ব্যবস্থা করেও তাতে ব্যর্থ হওয়াই ঋক আর মহিমা সেই যে বাড়ি ছেড়ে গেল আর তাদের এই বৃদ্ধা মায়ের কথা মনে পড়ে না। বাড়ি ছাড়ার প্রায় দু'বছর পর ঋকের রাগ ভাঙ্গে মায়ের উপর। হঠাৎ একদিন ঋক বাড়িতে আসে তার মায়ের কাছে, এসে দেখে যে তার মা অনেক দুর্বল-শীর্ণ হয়ে গেছে, বাঁচার আশা প্রায় তার আর নেই, তবু ছেলের দেখা পেয়ে পরমা দেবীর অবস্থা হয়েছিল প্রদীপ নিভে যাওয়ার আগে যেমন দপ্ করে জ্বলে ওঠে ঠিক সেরকম, আসলে পরমাদেবীর বাঁচার ইচ্ছাটা আরো প্রবল হয়ে উঠল একবার। কিন্তু ঋক আবার একবার তার মাকে ছেড়ে গেল তে গেলই, আর কোনো খবর নিল না তার মায়ের।

এরপর থেকে পরমাদেবী প্রায় দিনেই ঋক-কে ফোন করে কিন্তু ঋকের তার মায়ের সাথে কথা বলার কোনো সময়ই নেই। আর পরমাদেবী তার সেই পুরানো বাড়িটাই ওই ল্যান্ডফোনের পাশেই একটা আরাম চেয়ারে বসে মাকে ঋকের ফোনের অপেক্ষা করে। এই ফোনের অপেক্ষা করতে করতেই তার দিন যাই। পরমাদেবী ঋককে ফোন করলেই বলে তার বৌমা আর নাতিকে নিয়ে আসতে। কিন্তু ঋকের মায়ের সেই প্যানপ্যানানী সুরে এককথা ভালো লাগে না বলে, সে কখনো বিরক্তিভাবে বলে ব্যস্ত আছি, কখনো বাধ্য হয়ে মাকে মিথ্যে আশা দেয় যে, সে শীঘ্রই আসবে। এরপর থেকে বাড়িতে কলিংবেলের শব্দ শুনলেই পরমাদেবী ছুট্টে গিয়ে দরজা খোলে, কিন্তু তিনি প্রতিবারই নিরাশ হন কারণ তার ঋক আর আসে না আর ফোনও করে না।

আর ওদিকে ঋকের ফেমিলির বিভিন্ন কাজের জন্য ঋক জীবন্ত মানুষের মতো নিজবুদ্ধি সম্পন্ন এক রোবট আনায়, যে তার বাড়ির সমস্ত কিছুর দেখাশোনা, কাজকর্ম করবে। কিন্তু রোবটটিকে আনার পর দেখে যে সে সবকিছুই উল্টো করছে, মহিমার কাজ কমানোর পরিবর্তে বাড়ছিল, অর্থাৎ হিতে বিপরীত হয়েছে। তাই বিরক্ত হয়ে এটাকে কি করবে তাই নিয়ে ঋক ও মহিমা চিন্তিত যতই হোক কয়েক কোটি টাকা দিয়ে কেনা সেটাকে তো ফেলে দেওয়া যায় না। তাই হঠাৎ তাদের মনে পড়ল তাদের মায়ের কথা। তাই তার মাকে জিজ্ঞাসা না করেই সেই রোবটকে পার্সেলে পাঠিয়ে দেয়।

এরপর পরমাদেবী কলিংবেলের শব্দ শুনলে ভাবে বোধ হয় ঋক এসেছে, এতদিনে ঋকের হয়তো তার মাকে মনে পড়েছে, কিন্তু দরজা খুলে দেখে একটা অনেক বড়ো পার্সেল এসেছে; যেটা ঋক পাঠিয়েছে। পার্সেল খুলে দেখে একটা রোবট। সেটা ছিল একটি লোহার পুতুলের মতো মানুষ, যার মুখটা পুরো

রক্তমাংসের মানুষের মতোই দেখতে, আর বাকি শরীরটা দেখতে লাগছিল একটা মেসিনের মতো। রোবটটি অটোম্যাটিক স্টার্ট হয়ে যায়। এসব পরমাদেবী পছন্দ না করলেও ঋক পাঠিয়েছে ভেবে তিনি বেশ খুশিই হন। রোবটটির তিনি নাম দেন রিভু। এটা ছিল ঋকের ডাকনাম। রোবটটিও পরমা দেবীকে মা বলেই ডাকত। আসলে ঋক এটাকে এভাবেই তার প্রোগ্রামে সেট করেছিল। এরপর থেকে রোবটটি বাড়ির চারধারে ঘুরে বেড়ায়, বেকাজ করে। পরমাদেবীর পরিশ্রম বেড়ে যায় আরো, তিনি আরো দুর্বল হয়ে যান। কিন্তু তিনি রিভুর উপর কোনদিন বিরক্ত হননি কেননা রিভু তো ঋকেরই পাঠানো, তাই তিনি ভাবেন এটাকে যত্ন করা তো ওনারই কাজ। আসলে রিভুকে তিনি ঋকের মতোই ভালবাসতেন, বরং বেশিই বাসতেন।

এরপর ধীরে ধীরে রিভু পরমাদেবীর মনের দুঃখ-যন্ত্রণার সাথে, চোখের জলের সাথে, তার আবেগের সাথে পরিচিত হতে থাকে। রিভু পরমাদেবীর সমস্ত কাজ-কর্ম ঠিক ঠিক করতে থাকে। এমনিভাবে একদিন পরমাদেবীর চোখে জল দেখে রিভু ওনাকে জিজ্ঞাসা করে যে এটা কি? কেন চোখে জল আসে? কোন কোন সময়ে আসে? - এরকম নানা প্রশ্ন। তখন পরমাদেবী বিরক্তির সাথে বলেন, এসব মনের আবেগের ব্যাপার তুই বুঝবি না। তখন রিভু বলে কেন বুঝব না, আমার মধ্যে সব প্রোগ্রাম সেট করা আছে। তখন পরমাদেবী আরো বিরক্ত হয়ে বলেন তোর সবকিছু মানুষের মতো থাকলেও তোর মধ্যে মানুষের মতো মন নেই। রিভুর কৌতুলহ আরো বেড়ে যায়, ফলে প্রশ্নও বেড়ে যায়। রিভু আরো তাকে জিজ্ঞেস করে মন কি ও কেমন? মন কোথায় থাকে? তখন পরমাদেবী বলেন, মন হল হৃৎপিন্ড বা হার্ট, এটি মানুষের বুকের বামদিকে উপরের দিকে থাকে। এটি মানুষের অভ্যন্তরীণ একটি যন্ত্র যা সমস্ত মানসিক ক্রিয়া সংগঠন করে। মানুষের বেঁচে থাকার জন্য এই যন্ত্রের বিশেষ প্রয়োজন। এই যন্ত্র অনবরত স্পন্দিত হয়। আর এই যন্ত্রের স্পন্দন থেমে গেলে মানুষও মারা যায়। এবার রিভু বলে তাহলে আমার কেন নেই এই হার্ট। পরমাদেবী তখন বলেন, তোরও আছে। এই বামদিকের যন্ত্রটিই তোর হৃদযন্ত্র। সত্যি সত্যিই রিভুর একটি হার্ট ছিল তবে তা মানুষের মতো রক্ত-মাংসের নয়, একটি মেসিন যাকে বলা হত 'দি মেশিন অব হার্ট', এটিতেই পুরো রোবটির জীবন। এবার রিভু শান্ত হয় ও পরমাদেবীর চোখের জল মুছিয়ে দেয়।

এভাবে রিভু তার দুঃখ ভুলিয়ে রাখলেও পরমাদেবীর শরীর আরো অসুস্থ হয়ে পড়ে। তাই তিনি বার বার ঋককে ফোন করে, কিন্তু ঋকের সময় হয় না মায়ের খোঁজ নেওয়ার। এই দুঃখে তিনি আরো ভেঙ্গে পড়েন। এরপর রিভু একদিন ঋককে জানায় যে তার মা প্রচণ্ড অসুখ। এবার ঋক মনে মনে ঠিক করে যে সে এবার আসবে।

এভাবে হঠাৎ একদিন পরমাদেবী তার পুরানো আর্ম চেয়ারে বসে আর পাশেই মেঝেতে বসে আছে রিভু। তিনি রিভুকে তার মৃত স্বামীর ও ঋকের কথা বলতে থাকে। হঠাৎই কাশিতে পরমাদেবীর জিহ্বা জড়িয়া যায় ও তিনি নিরব হয়ে যান। রিভু দেখে যে কোনো স্পন্দন নেই। তখনই রিভুর মনে পড়ে সেই হৃদপিন্ডের কথা। তাই রিভু ভাবে যে তার হার্টটি যদি তার মায়ের শরীরে লাগানো যায় তবে নিশ্চয় তার মা আবার আগের মতো হয়ে যাবে। তাই রিভু তার হার্টটি টেনে খুলতেই সেও একেবারে নিরব হয়ে যায় তার মায়ের কোলে মাথা রেখে।

কিছুদিন পরে ঋক বাড়ি ফিরে কোনো সাড়াশব্দ না পেয়ে দরজা ভেঙ্গে দেখে তার মা তার সন্তানকে নিয়ে চিরদিনের মতো ঘুমিয়ে পড়েছে।

# হারিয়ে যাওয়া বন্ধুত্ব

অনিতা দাস (তৃতীয় বর্ষ, ইংরাজী সাম্মানিক)

ভালবাসা এমন এক জিনিস যাতে সুখের থেকে দুঃখটাই বেশি প্রাপ্য। ভালবাসার একটা অংশ হল বন্ধুত্ব। যাতে দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা কিছুই থাকে না, থাকে শুধু গভীরতা, তার চোখের দিকে তাকালে মনের কথা বোঝা যাবে, ছোটখাটো জিনিস নিয়ে লেগে থাকবে সামান্য খুনসুটি। হয়তো কখনো অভিমান করে দূরে সরে যাবে আবার কখনো নিজে থেকেই এসে কথা বলবে। তার জন্য হাজারটা মিথ্যে বলা, ক্লাস না করে বাড়ি চলে যাওয়া, এগুলো তো রোজকার ঘটনা, তার কষ্টে নিজের আনন্দকে নষ্ট করা এমনকি বৃষ্টির জলের মধ্যেও তার চোখের জল খুঁজে পাওয়া। এটাই তো প্রকৃত বন্ধুত্ব।

এরকম দুজন বন্ধু ছিল আকাশ আর মেঘলা। ওদের বন্ধুত্বটা সম্ভবত ২রা সেপ্টেম্বর বাসে বাসে এক সামান্য খুনসুটির মধ্য দিয়ে শুরু হয়েছিল। ওরা একই বাসে যাওয়া আসা করত। ধীরে ধীরে ফোনে কথা বলা শুরু হয় দুজনার। অল্প কয়েক দিনের মধ্যেই ওরা খুব ভাল বন্ধু হয়ে ওঠে। মেঘলা লুকিয়ে লুকিয়ে আকাশকে ফোন করত এইজন্য আমরা মেঘলাকে খুব রাগাতাম। আকাশ প্রায়ই একটা কালো সার্ট পরে আসত তাই মেঘলাকে আমরা কালো জামা বলেই ডাকতাম। এতে ও কোনো কোনো দিন খুব রেগে যেত আবার কোনদিন বা আমরা মেঘলাকে রাগাতে ব্যর্থ হতাম।

হঠাৎ করে কেন জানি না - আমাদের রাগানোর কারণেই হোক বা ওর মনে ভালবাসা যায় হোক না কেন মেঘলা একদিন আকাশের বন্ধুর কাছে থেকে জানতে চাইল যে আকাশের গার্ল ফ্রেন্ড কে। এতে ওর বন্ধু খুব হাসতে লাগল আর বলল, ''যে তোমাকে সারাদিনে এতবার ফোন করে, তুমি না কলেজ গেলে যে কলেজ যায় না, পুজোতে যে তোমার পছন্দের স্মার্টফোন সে যে মনে মনে তোমাকে ভালবাসে সেটা তুমি বুঝতে পারছ না। ''কিন্তু এটা মেঘলা বিশ্বাস করতে পারল না। একদিন মেঘলা কলেজের বেলকনিতে বাস ছিল তার জন্য আকাশ ওকে খুব বকেছিল কিন্তু মেঘলা ভেবেছিল আকাশ সত্যিই ওকে আপন ভাবে তাই বকেছিল। এই বকুনির মধ্যে মেঘলা যেন একরাশ আনন্দ খুঁজে পেয়েছিল। আকাশের জন্মদিন শুভেচ্ছা করার জন্য মেঘলা রাত জেগে বসে থাকত। আকাশ ১২টার সময় শুভেচ্ছা করতে না পারলেও ২.৩০টার সময় শুভেচ্ছা করেছিল। এইভাবে দিন কাটতে থাকে। মেঘলার পরিবারেও আকাশ খুব বিশ্বস্ত হয়ে ওঠে।

হঠাৎ করে আকাশের বুকে নেমে আসে এক অপরূপ চাঁদনী। তার চোখের দিকে তাকালে আকাশ পৌছে যেত এক স্বপ্নময় রূপকথার রাজ্যে। তার হাসি কেড়ে নিত আকাশের সমস্ত দুঃখ, তার চুলের ঝাপটা আকাশের মনে ভালবাসার ঢেউ তুলত। কিন্তু আকাশ কখনো মেঘলাকে এই ব্যাপারে কিছু জানায়নি। তাই মেঘলার খুব খারাপ লেগেছিল। কিছুদিন পর আকাশ মেঘলাকে চাঁদনীর কথা জানায়, এইভাবে খুশিতেই থাকে। হঠাৎ করে আকাশ কীরকম পাল্টে যায়। মেঘলাকেও ফোন করা বন্ধ করে দেয়। তাই মেঘলা গ্রীষ্মের এক সন্ধ্যায় আকাশকে ফোন করে সে জানতে চায় যে সে কেন ফোন করেনি। কিন্তু আকাশ নিশ্চুপ হঠাৎ কান্না ভেজা গলায় উত্তর এল ''আমি একা হয়ে গেছি। চাঁদনী আমায় ছেড়ে চলে গেছে।'' তারপর আকাশ কান্না শুরু করে। আকাশ এমন এক ছেলে যে কান্না করা তো দূরের কথা কখনো মুখ গোমরা করেও থাকে না। এই মেঘলাও ফোনটা রেখে কেঁদে ফেলে। আর প্রার্থনা করে চাঁদনি যেন আকাশের কাছে ফিরে আসে। মেঘলার প্রার্থনা বা আকাশের ভালোবাসা যেই কারণেই হোক না কেন আকাশের জীবনে আবার চাঁদনী ফিরে আসে। তবে তা দীর্ঘস্থায়ী হয়নি। কিছুদিনের মধ্যে আবার ওদের মধ্যে এক ঝামেলার সৃষ্টি হয়। এক বন্ধুর

কাছ থেকে জানতে পারে যে ওকে অর মেঘলাকে নিয়ে চাঁদনীর মনে এক সন্দেহর আবরণ সৃষ্টি হয়েছে যা আকাশ কিছুতেই সরাতে পারছে না। মেঘলা চাই আকাশ যেন সুখী থাকে তাই ও আকাশের সাথে কথা বলা বন্ধ করে দেয়। কিন্তু কিছুদিনের মধ্যেই মেঘলা জানতে পারে এই সন্দেহ শুধুমাত্র ভালবাসা নামক সম্পর্কটা থেকে বেরিয়ে আসার জন্য চাঁদনীর [illegible] ছলনা। একদিন মেঘলা আকাশকে ফোন করে কিন্তু আকাশ ওর ফোন নম্বরটা ব্ল্যাকলিস্ট করে রেখে দেয়, অথচ বাকি বন্ধুদের সাথে খুব হাসিখুশি থাকে সে, শুধু মেঘলাকে ছাড়া। তাই মেঘলা খুব কষ্ট পায়। এখন আকাশ মেঘলার নম্বরটা ব্ল্যাকলিস্ট থেকে বাদ দিয়েছে। মাঝে মধ্যে কথা হয় তবে আগের মতো না। কিন্তু মেঘলা আজো অগের মতো বন্ধুত্বটা ফিরে পাওয়ার জন্য মনের মধ্যে একরাস আশা নিয়ে বসে আছে।

রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্বকবি, তাই তিনি মনের ভাবনার সঙ্গে সুর আর ছন্দ মিশিয়ে লিখেছিলেন -

"প্রেম যদি বেদনার মতো বেজে না ওঠে তাহলে সেটা প্রেম নয়।"

কিন্তু আমি তো কবি নই, আমার মধ্যে নেই কোনো কাব্যিক চিন্তা-ভাবনা, নেই স্নিগ্ধ, কোমল ভাষা কিন্তু আমার মনে হয় "বন্ধুত্বের অনুপস্থিতি যদি অতীতের স্মৃতি না মনে করিয়ে দেয়, তাহলে সেটা বন্ধুত্ব নয়।" আর মেঘলাকে বলতে ইচ্ছে হয় - রাতের আকাশে সূর্যকে আহ্বান কার যেমন মিথ্যে তেমনি আকাশকে আর আগের পুরনো বন্ধুত্বকে ফিরে পাবার আশা করাও বৃথা। কারণ অকারণে চোখের জলের মান শূন্য।

দুঃখী আর করো না করো
সুন্দর দিয়ে শূন্য হৃদয় ভরো
বাধা দিও না ভাবতে একথা
    বন্ধুত্বের সেই গোপন কথা
আজো সে জড়ায়ে আমার মনে...
আজ হতে বছর কিছু পরে,
হয়তো হবে সব শেষ।
হৃদয়ে আমার বহিবে দীর্ঘশ্বাস!
মনে পড়বে কীনা বন্ধুত্বের প্রয়াস?
মনে পড়বে কীনা এই বন্ধুকে
কেমন আছি এ বিশ্বলোকে???
তবে,
দুঃখ পেলেও আমি
    সুখে রয়েছি অনন্তলোকে।

# নিলু ও পাথরের কথা

সুভদ্রা গোস্বামী (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

কুসুমপুর গ্রামের একটি বৃহৎ পুকুর ছিল। সেখানে প্রায় নিত্য লোক স্নানে যেত। তথায় একটি ছোট্ট বালিকা ছিল নাম তার নিলু। সবাই তাকে নিলু বলেই ডাকত। ছোটোবেলাতেই নিলু তার বাবা মাকে হারিয়ে ফেলে। এখন সে তার মামাবাড়িতেই থাকে। নিলুর একটি ভাই ছিল তার নাম নোটন। তারা দুজনেই খুব ভালো। একদিন নিলু ওই পুকুরে স্নান করতে যায় একটি বৃহৎ ঘাটের ধারে। ওই ঘাটটিতে গ্রামের প্রায় সকলেই আসত। নিলু যখনই সময় পেত সে ওই ঘাটের কাছে আসত তার সঙ্গে সে নাকি কথাও বলত। সমস্ত সুখ দুঃখের সঙ্গি ছিল নিলুর ওই প্রাণহীন পাথরটি। নিলু ওই পাথরের কাছে ফুল নিয়ে আসত তার সঙ্গে খেলত। হঠাৎ একদিন দেখা যায় নিলু সকলকে ছেড়ে স্বর্গলোক গমন করে। তারপর সেই পাথরটি একা হয়ে যায় সে নিসঙ্গ হয়ে পড়ে। মাঝে মাঝে নাকি সেখানে কিছু অদ্ভুদ ঘটনা ঘটে। কখনও কখনও সেই ঘাটের কাছে কান্নার শব্দ শোনা যায়। আবার কখনও সেই ঘাটের কাছে ফুল পড়ে থাকে। সকলে তো সেখানে যাওয়া প্রায় বন্ধ করে দেয় নিলু মারা যাবার পর।

''একজন আদর্শ মা একশো জন বিদ্যালয় শিক্ষকের সমান।''
"A good mother is worth a hundred school masters."
– জর্জ হারবার্ট (George Herbert)

# বিরহ প্রেম

অনুপ দুলে (তৃতীয় বর্ষ, ইতিহাস সাম্মানিক)

কীভাবে গল্প লেখতে হয়। আমার জানা নেই বিশেষ অভিজ্ঞতা নেই। আমি তখন দ্বিতীয় বর্ষের ছাত্র। সম্ভবত বৈশাখ মাসের কথা। আমি এক সুন্দরী মেয়েকে দেখতে পেলাম। দেখা মাত্রই ওকে মনে হলো আমি যেন ওকে অনেকদিন ধরে চিনি। ওকে দেখা মাত্রই আমার মনের মধ্যে কেমন যেন এক অদ্ভুত অনুভূতি হতে লাগল। সাধারণত আমার মনে হলো যে আমার চোখে যদি কোনো ছোট ধুলিকণা বা কোনো ছোট পতঙ্গ বা পোকা ধরনের কিছু চোখে প্রবেশ করলে চোখটি যেমন রাখা যায় না। কেমন যেন একটা অদ্ভুত অনুভূতি হয়। তেমনি তখন আমার মনে হচ্ছিল যে আমি ওকে না পেলে আমি হয়তো সবদিন এবাবে ছটপট করতে থাকবো। আমি ভাবছিলাম কী ভাবে ওর সাথে কথা বলা যায়। আমি ওর নাম শুনেছি আগে। কিন্তু ওর চেহারা দেখিনি এর আগে। এই প্রথম দেখলাম। সঙ্গে ৮-১০ পর্যন্ত শুধু ওকেই দেখেছিলাম। ওর কাছাকাছি থাকার চেষ্টা করেছি। কিছু সময় পর ও হঠাৎ করে আমাকে একা করে চলে গিয়েছিলো।

আমি ওকে ১০-১১ দিন পর প্রোপজ করি। আমি জানাই তাকে ভালোবাসি। মেয়েটি কিছু জানালো না। তারপর আমি মেয়েটির নাম ধরে ডাকতেই ও সাড়া দিল এবং আমি বললাম যে I Love You Trisa। ও আমাকে বলল আমিও তোমাকে ভালোবাসি। এই ভাবে আমাদের চার মাস ভালো ভাবে কেটে গেল।

প্রায় চার মাস পর আমার কাছের বন্ধু প্রোপজ করল। তৃষা আমাকে প্রথমে বলেছিলো যে ও অর্থাৎ বাপী প্রোপজ করেছে। আমি না বলেছি। কিছুদিন আরো ভালো করে কেটে গেল। কিছুদিন পর কৃষ্ণা আমাকে ওই একি কথা বলল - আমি তখন ওকে মিথ্যে করে বলেছিলাম যে তুমি হ্যাঁ করে দাও। এ একবারও আমার কথা না ভেবে হ্যাঁ করে দিল। আসলে ও হয়তো এটাই চাইত। তাই ও হ্যাঁ করে দিয়েছিল।

আসলে আমি চেয়েছিলাম যে, যে প্রেমে না বিরহ থাকে, সেটা প্রেম নয়। কিন্তু ও সেটা বিশ্বাস করল না। কিন্তু এটা ছিল ওর মিথ্যে কথা যে আমি তোমাকে ভালোবাসি। আমি ওর কথায় অনেক বিশ্বাস করেছিলাম। আমি ওকে খুব ভালোবাসতাম। কিন্তু ও আমাকে এত বড়ো কষ্ট দিলো যে আমি কখনো সহ্য করতে পারছি না। আমার জীবনটা এখন শুধু মরুভূমির মতো হয়ে গেছে। ও খুব লোভী। কিন্তু হয়তো আমাকে ভালোবাসে না। কিন্তু আমি ওকে ভালোবাসতাম। এখনো মনে মনে ভালোবাসি। কিন্তু কখনো আর ওকে জানাবো না। কারণ ও এখন অন্য কারো হয়ে গেছে। তাই ওর আসল নামটা নিলাম না। এই গল্পে কারণ ও এখন অন্য কারোর।

> ''মঙ্গল প্রভাতে
> মস্তক তুলিতে দাও অনন্ত আকাশে
> উদার আলোক মাঝে উন্মুক্ত বাতাসে'' - রবীন্দ্রনাথ ঠাকুর

নিবন্ধ

# বিশ্বায়নের প্রেক্ষিতে লোকসংস্কৃতির অবস্থান

বিশ্বনাথ মহাপাত্র (শিক্ষক, ইংরেজী বিভাগ)

বিশ্বায়ন ও লোকসংস্কৃতি বিষয়ে আলোকপাত করার সময়, আমাদের বিভিন্ন আঙ্গিকে এই আলোচনা করলে এই বিষয়টির অনেকটা দিককে তুলে ধরা সম্ভব হবে অর্থাৎ বিশ্বায়নের প্রভাবে বা বিশ্বায়নের বহুমাত্রিকতায় লোকসংস্কৃতির বর্তমান অবস্থানটি কী রকম - বিশ্বায়ন কি লোকসংস্কৃতির কাছে অভিশাপ না আশীর্বাদ?

প্রথমেই বলে রাখি, এই অভিশাপ বা আশীর্বাদ বিতর্কের মধ্যে না পড়ে একটি বিশেষ অবস্থানের পক্ষ অবলম্বন না করে একজন নিরপেক্ষ বা নিরাসক্ত সমালোচকের বা পর্যবেক্ষক বা পাঠক বা চিন্তক বা দর্শকের দৃষ্টিতে আলোচনা করা যায় তারই চেষ্টা করেছি মাত্র। কারণ আমি মনে করি না কোনো জিনিস পুরোপুরি খারাপ হতে পারে এবং উল্টো দিকে কোনো জিনিস পুরোপুরি ভাল হতে পারে - অর্থাৎ আমি যেটা বলতে চাইছি - সেটি হল একটি খারাপ জিনিসের মধ্যেও একটি বিপরীতধর্মী প্রভাব অর্থাৎ ভাল গুণ থাকে, তেমনি ভালোর মধ্যে বিপরীতধর্মী খারাপ গুণ থাকে।

এই প্রবন্ধে, দেখাবার চেষ্টা করব, বিশ্বায়নের ফলে লোকসংস্কৃতির বিভিন্ন ধারা কীভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং অন্যদিকে বিশ্বায়ন কীভাবে লোকসংস্কৃতির কাছে আশীর্বাদ হয়ে দেখা দিচ্ছে।

এই নিবন্ধের দুটি দিক এক বিশ্বায়ন ও লোকসংস্কৃতি। সুতরাং প্রথমে বিশ্বায়ন ও পরে লোকসংস্কৃতি কাকে বলে সংক্ষিপ্ত আলোচনা করে এই দুটি বিষয়ের পারস্পরিক সম্পর্কের ভালো ও মন্দ দিক আলোচনা করা হবে।

বিশ্বায়ন অর্থাৎ Globalization মূলত একটি আর্থ-সামাজিক অবস্থান যা ঠিক হয় ১৯৯১ সালে গ্যাট (GAT) চুক্তির মাধ্যমে। Globalization বা বিশ্বায়নের ফলে যে উদার অর্থনীতির শুরু হয়েছিল - যদিও এই বিষয়টি অর্থনীতি দিয়ে শুরু হলেও পরবর্তীকালে মানব-জীবনের প্রতিটি ক্ষেত্রকে এই বিশ্বায়ন প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাবিত করেছে এবং বর্তমানেও করছে।

বিশ্বের সমস্ত দেশের কাছে অন্য সমস্ত দেশের বন্ধ দরজা এই বিশ্বায়নের ফলে খুলে গেছে। দূর হয়েছে দূরত্ব আর আমরা সবাই বলতে গেলে প্রতিটি দেশের আলাদা আলাদা বাসিন্দা নই, এখন আমরা একটি বিশ্বের বাসিন্দা বা আমরা সবাই এখন একই ভুবনডাঙার বাসিন্দা। আমাদের বিশ্ব এখন একটি Global Village-এ পরিণত হয়েছে। এই 'Global Village concept' টি প্রথম চালু করেছিলেন Marshall Maculam, 'democratisation of information'-এর বিষয়ে ব্যাখ্যা করতে গিয়ে [Woods, Tim. *Beginning Post-Modernism*, Manchester University Press 2007. P-222-223, print]

বিশ্বায়ন বা Globalization এসেছে মূলত অর্থনৈতিক প্রেক্ষাপট থেকে। বিশ্বব্যাংক (World Bank) আন্তর্জাতিক অর্থভাণ্ডার (IMF), বিশ্ববাণিজ্য সংস্থা (WTO) প্রভৃতিরা পুঁজিপতি বা পুঁজিবাদীর স্বার্থরক্ষাকারী বিভিন্ন সংগঠনগুলি 'উন্নয়নশীল' ও 'অনুন্নত' দেশগুলিকে এককথায় বাধ্য করেছে তাদের দেশের বাজার অন্য সকলের কাছে উপযুক্ত করতে - ফলে বাজার অর্থনীতির বিকাশ ও উদারীকরণের নাম দিয়ে বিভিন্ন দেশের বাজারকে যেভাবে পুঁজিপতিদের কাছে উন্মুক্ত করে দেওয়া হয়েছে এবং একেই গালভরা নাম দেওয়া হয়েছে বিশ্বায়ন বলে।

বিশ্বায়নের প্রেক্ষিতটি এই প্রসঙ্গে বার বার আলোচিত হচ্ছে কারণ এই বিশ্বায়ন বা Globalization-

এর নামে উদার অর্থনীতির নামাবলি গায়ে দিয়ে যে বৃহৎ পুঁজিপতিদের corporate culture এর সূচনা করেছে তা একদিকে ক্রমশ লোকসংস্কৃতিকে গ্রাস করছে এবং যারা লোকসংস্কৃতির শুদ্ধতার ধারক ও বাহক তারা এই বিশ্বায়নের চাকচিক্যের সাথে পেরে উঠতে পারছেন না - তাই এই সমস্ত লোকশিল্পী, লোকসাহিত্যিক বিশেষ করে গ্রামের সাধারণ মানুষ, আদিবাসী মানুষ তারা তাদের সৃষ্টিকর্মকে প্রকাশের ব্যাপারে দিন দিন পিছিয়ে পড়ছেন নতুন নতুন চাকচিক্যময় বাজার বা Market-এর কাছে অর্থাৎ Big Bazar, Shopping Mall-এর বাহ্যিক আড়ম্বর ও চাকচিক্যের কাছে, না হলে দিন দিন নিজেদের এই পরিবর্তনশীল সমাজের সাথে নিজেদের বাধ্য হচ্ছে যুক্ত করাতে।

বিংশ শতাব্দীর বিখ্যাত দার্শনিক Edward Said তার বিখ্যাত বই *Culture and Imperialism* -এ এই বিশ্বায়নের সংস্কৃতিকে বলেছেন 'Consumer Culture' অর্থাৎ ভোগ্যপণ্যের সংস্কৃতি। [Said, E.W. *Culture and Imperialism* Chalto & Windus, London, 1993]

সবচেয়ে মজার ব্যাপার হল এই বিশ্বায়নের সংস্কৃতির আড়ালে যে ভোগপণ্যের সংস্কৃতি আছে তাকে সঠিকভাবে চালনা করার জন্য পুঁজিবাদ ও বহুজাতিক ব্যবসায়ী সংস্থা শ্রমিক, গ্রামের সাধারণ মানুষ তথা শহরের মধ্যবিত্ত শ্রেণির বিপুল সংখ্যক মানুষকে ভোগীতে পরিণত করেছে এবং এই ভোগী সমাজকে টিকিয়ে রাখার জন্য প্রয়োজন এই সমস্ত গরিব মধ্যবিত্ত শ্রেণির ক্রয় ক্ষমতা ও অবসর বা ছাড়া এই বহুজাতিক সংস্থার দ্বারা তাদের পণ্য বিক্রি সম্ভব নয় - সেইজন্য তারা তাদের গাড়ি, টিভি, ফ্রিজ, ভিডিও বর্তমানে ফোন, কম্পিউটার ইত্যাদি জিনিস কেনার জন্য নানা ধরনের লোভনীয় উপায় ও বিজ্ঞাপনের আশ্রয় নিচ্ছে এবং এক দিক দিয়ে আগেকার সমাজবদ্ধ মানুষ সামাজিক যারা যাত্রা, লোকশিল্প ও লোকসংস্কৃতির সাথে নিজেদের আষ্টে পৃষ্ঠে বেঁধে রেখেছিলেন তারাও ধীরে ধীরে টিভি, ভিডিও, সিনেমা, কম্পিউটার, ইন্টারনেট, মোবাইল ফোন, স্মার্ট ফোন, জিও ফোন, ফেসবুক, হোয়াটসঅ্যাপ, রিয়েলিটি শো, ২৪×৭ নিউজ চ্যানেল, অ্যাডভারটাইজ প্রভৃতির মাধ্যমে বুঁদ হয়ে নিজেকে অন্যদের থেকে আলাদা করে সত্যিকারের শিল্প-সংস্কৃতিসমৃদ্ধ গ্রাম (village) থেকে বিচ্ছিন্ন করে একটি অন্তঃসারশূন্য আপাত সুন্দর কৃত্রিম বৃহৎ বিশ্বগ্রাম বা গ্লোবাল ভিলেজ অবস্থান করছি এবং বিভিন্ন ধরনের যন্ত্র দেখে নিজেকে আরব ঘোড়াদের মতো নিজেরাই বাহবা দিচ্ছি, দেখ আমরা কত ভালো আছি - যদিও আমরা ভালো নেই।

বর্তমানে টিভি, সিনেমা ছাড়াও মোবাইল, ইন্টারনেট, কম্পিউটার, Facebook ও Whatsapp'ও দায়ী মানুষের অমূল্য সময়কে চুরি করে নেওয়ার জন্য - যার ফলে আজকের মানুষদের কাছে হাতে কলমে লোকসংস্কৃতিচর্চা ও লোকসংস্কৃতির অধ্যয়নের চর্চাও হারিয়ে গেছে। মানুষ ও আস্তে আস্তে স্বার্থপর, যান্ত্রিক, মানবিক বোধশূন্য, যন্ত্র ও পণ্যে পরিণত হচ্ছে এবং Breaking News-এর মতো ঢেউ এর আকারে একবার ভেসে উঠে Use and throw-এর মতো বিক্রি হয়ে, সস্তা হয়ে পরমুহূর্তে বাতিল হয়ে যাচ্ছে। প্রতিদিন আমরা বাজার অর্থনীতির হাতে খেলনা হয়ে আরো নতুন কিছুই চাই, আরো নতুন নাই করে চিৎকার করে করে আমাদের শুদ্ধ, চেতনাশীল, চিন্তাশীল লোকসংস্কৃতির যা আমাদের ঐতিহ্যের মূল আধার তাকে অবহেলা করছি এবং ইচ্ছাকৃত ভাবে ভুলে যেতে চাইছি - যা আমাদের নিজেদের আত্মহত্যার সামিল। বর্তমান সময়ে ধর্ষণ ও হত্যাও টিভি, ফেসবুক, হয়াটস-অ্যাপে বিনোদনের আকারে খবর হচ্ছে ও আমরা তা দেখতে বাধ্য হচ্ছি।

শহরের, নগরায়নের, স্মার্ট সিটি এর দশ ফুট বা দশ ফুট দেওয়াল ঘেরা জীবন ও সংস্কৃতি মানুষের চেতনাকেও সস্তা, অশ্লীল, আলস্যের, মদ-মাৎসর্যের স্বার্থপরতার, বিকৃত যৌনতার প্রকৃত শিক্ষাহীনতার মূল্যহীনতার দেওয়াল দিয়ে ঘিরে রেখে মানুষকে তার অমূল্য উদ্ভাবনী শক্তির প্রকাশকে ভুলিয়ে দিতে চাইছে। প্রকৃতির শুদ্ধতা থেকে সুস্থ সাংস্কৃতিক থেকে লোকসংস্কৃতির থেকে দূরে রাখতে চাইছে। আমার মতে

এ এক ভয়াবহ সংকট যাকে সভ্যতার বা মানুষের সামগ্রিক সংকটও বলা যেতে পারে। Ezra Pound তাঁর বিখ্যাত কবিতা *La Mauberley*-তে তাই আগেই সতর্ক করেছিলেন - 'War is inevitable, when culture is decline' অর্থাৎ সংস্কৃতির অবনমন হলে যুদ্ধ অবশ্যম্ভাবী। বর্তমানে সেই যুদ্ধ প্রথম বিশ্বযুদ্ধ বা দ্বিতীয় বিশ্বযুদ্ধের মতো সরাসরি না হলেও এযুদ্ধ মানসিক এবং কিছু কিছু ক্ষেত্রে প্রত্যক্ষ। ISIS জঙ্গি, তালিবান, আলকায়দা, জাতিদাঙ্গা, মৌলবাদ, ধর্মীয় বিবাদ, অসহিষ্ণুতা, শিক্ষার অবনমন, মূল্যবোধের অভাব - মানুষকে প্রতিনিয়ত মানুষ থেকে পশুতে পরিণত করছে - শুধু পশু নয় Tech পশুতে পরিণত করছে জেগে জেগে ঘুমানোর মতো Selfie বা নিজস্বী বা Facebook বা Whatsapp-এ বুঁদ হয়ে থেকে বুঝেও বুঝতে পারছে না, অতি দ্রুত অন্ধ এর মতো দৌড়ে গেলে আমাদের বেঁচে থাকার পথ খুব তাড়াতাড়ি শেষ হয়ে যাবে - তারপর আমরা দাঁড়াব কোথায় ? তৈরি হবে এক বিশৃঙ্খলা সমাজের সর্বস্তরে, বিশেষ করে সম্পর্কের ক্ষেত্রে এক বিপর্যয় পরিস্থিতি তৈরি হবে এবং সামাজিক পরিবেশ এক সংকটের মধ্যে দিয়ে এগোতে থাকবে যা T.S. Eliot বিংশ শতাব্দীর প্রথমদিকে তাঁর বিখ্যাত কবিতা The Waste Land দেখিয়েছেন spiritual crisis হিসেবে এবং জীবনানন্দ তার মূল্যবান শব্দবন্ধ 'গ্রাম পতনের' শব্দের মাধ্যমে। আমরা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের দিকে তাকালে দেখতে পাব যে অন্ধ্রপ্রদেশের কুচিপুড়ি নৃত্য; অরুণাচলপ্রদেশের পপির, আজি লামা, হিজি খালিং, চাম প্রভৃতি নৃত্য ও মোপিন, সোলৌড, লোসার, বুদ্ধি ভূত প্রভৃতি উৎসব; আসামের বিখ্যাত বিহু নৃত্য; বিহারের সেরাইকেল্লা নৃত্যও হয়, সরহুল ও করম প্রভৃতি উৎসব; ছত্তিশগড়ের পোলা, নোয়াখাই ইত্যাদি উৎসবে, গোয়ার ফুগডি, ডালো, ডেকলি, কুমবি ইত্যাদি নৃত্যে, গুজরাটের গরবা, ডান্ডিয়া নৃত্য; হরিয়ানার সুরজকুন্ডমেলা (ফেব্রুয়ারিতে হয়ে থাকে); হিমাচলপ্রদেশের নটী নৃত্য, জম্মু ও কাশ্মীরের রূপ নৃত্য, ঝাড়খণ্ডের ছৌ; কর্ণাটকের উগাডি উৎসব (কর্ণাটকের নববর্ষের উৎসব; কেরালার কথাকলি, মহিনী অট্টম, থিয়াম, খুলান, যার গামকাল্লি ও পাম্না প্রভৃতি নৃত্য; মধ্যপ্রদেশ গৌর নৃত্য, ভাগরিয়া উৎসব, মহারাষ্ট্রের তামাশা নৃত্য, মণিপুরে বিখ্যাত মণিপুরি নৃত্য; মেঘালয়ের ননক্রেম, লাজো নৃত্য, মিজোরামের বাম্বু নৃত্য, খানতুম সোলোকিয়া নৃত্য, নাগাল্যান্ডের নাগা নৃত্য, হর্নবিল উৎসব; ওড়িয়ার ওডিসি নৃত্য, ডালখাইন নৃত্য; পাঞ্জাবের ভাঙ্গরা, গিদ্দা, তুমর প্রভৃতি নৃত্য, রাজস্থানের খায়াল, গাঙ্গুর উৎসব, সিকিমের নেপালি, লেপচা, ভুটিয়াদের মুখোশ উৎসব; তামিলনাড়ুর ভারতনাট্যম, কলাক্ষেত্র, কলাট্রাম, কুমনি প্রভৃতি নৃত্য, ত্রিপুরার চেরেলো নৃত্য, বাম্বুনৃত্য; উত্তরপ্রদেশের কথক নৃত্য; ছত্তিশগড়ের লোধি উৎসব ইত্যাদি বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে চাইলেও বা না চাইলেও বিশ্বায়নের প্রভাবে প্রভাবিত। সেই জন্য অনেক সংস্কৃতি ইচ্ছে না থাকলেও টিকে থাকার জন্যও শিল্পী জীবন ও জীবিকা নির্বাহ করার জন্য মূল শিল্পের সঙ্গে বিশ্বায়নের তথা উত্তর আধুনিক বাজারের কথা চিন্তা করে নিজেদের সংস্কৃতির শুদ্ধতার জায়গা থেকে কিছু কিছু থেকে সরে আসতে বাধ্য হয়েছে - যা Post-Modernism বা উত্তর-আধুনিকতার ভাষাতে বলা যায় Fusion of High culture and low culture অর্থাৎ উচ্চমানের শিল্পসংস্কৃতির সাথে নিম্নমানের সংস্কৃতির মিশ্রণ বা সহ অবস্থান। অর্থাৎ মূল জায়গা (centre) থেকে সরে এসে অর্থাৎ লক্ষ্যর থেকে উপলক্ষ্যকে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে এবং real-এর পরিবর্তে Hyper-real বা Hyper-reality, simultation বা Cyber-reality-কে আমরা আরো বেশি বাস্তব বা সত্যি বলে মনে করছি। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে, আসল পুরুলিয়ার ছৌনাচ দেখার বদলে T.V.তে ছৌনাচ দেখা, বা Internet বা Facebook বা Whatsapp ছৌনাচ আমার কাছে অনেক বেশি বাস্তব বা সত্য। এইসব বুঝতে পেরে অনেক আগেই জ্যাঁ বোদ্রিয়া (Jean Baudrillard) বলেছিলেন - 'The Cinema and TV are America's reality.' [Baudrillard, America, London, Verso, 1988, p-104] ফ্রেডরিক জেমসন আর সংস্কৃতিকে বলেছেন 'depthless' postmodern culture or T.V. culture এই বিশ্বায়নের

যুগে মিডিয়ার গুরুত্ব বোঝাতে বোদ্রিয়া (Baudrillard) বলেছেন যে, - 'The Gulfar did not-take place' অর্থাৎ উনি বলতে চেয়েছেন যে আসল যুদ্ধের বদলে মিডিয়া আমাদের কাছে Gulf যুদ্ধের বিবরণ বিভিন্ন চিত্রকল্পের সামনে উপস্থাপন করেছে - তাকেই আমরা সত্যি বলে মনে করি। ঠিকই একইভাবে শুদ্ধ সংস্কৃতি, লোকসংস্কৃতির সঠিক প্রদর্শনের পরিবর্তে T.V. ও মিডিয়া অন্য ধরনের অপসংস্কৃতি ও বিকৃত সংস্কৃতিকে প্রচারের মাধ্যমে এটাই প্রমাণ করতে চাই যে - তারা দিনরাত পাখি পড়ার মতো যা দেখাই তাই আসল সংস্কৃতি এইভাবে সত্যিকারের লোকশিল্পীদের রক্তজল করা পরিশ্রম, নিষ্ঠা, অর্থ, কায়িক পরিশ্রম সব আড়ালে চলে যায় এবং তারা উঠে দাঁড়াবার সাহস হারিয়ে ফেলে এবং আড়াল থেকে আরো আড়ালে চলে যায়।

বিখ্যাত দার্শনিক ফুকো বলেছেন কীভাবে T.V. culture মানুষের স্মৃতিকে ভুলিয়ে দেয়াও তাদের জীবনের গতিকে নিয়ন্ত্রণ করে। Michel Foucault's asserts that TV and cinema act as an 'effection means...of reprogramming popular memory' [Foucault, Faucault Live, New Year Semiotext(e) 1996, p-92 Timwoods, *Beginning Post Modernnism* (Post-Modernism, film, video and televisual culture) p-197 বোদ্রিয়া যে *The Ecstasy of communication*-এর কথা বলেছেন তা সত্যি আমাদের মূল সংস্কৃতিকে নষ্ট করছে। Postmodern theorists দের মতে এই T.V., Cinema, Video, Internet, Facebook, Whatsapp, Computer সবসময়ই আমাদের বাধ্য করছে real world বা মাটির সাথে বাস্তব জগতের বদলে এই যন্ত্রের তৈরি করে দেওয়া জগতে তাই এখনকার নতুন প্রজন্মের ছেলেমেয়েদের কাছে লোকসংস্কৃতি কেনো, কোন সংস্কৃতিকেই ঐতিহ্যশালী করবার সময় নেই - কারণ তারা real world নয় cyber জগতের hyper real-এর image বা representation-এর মধ্যে বাস করে। এই কৃত্রিম বুদ্ধিমত্তা ও এই কৃত্রিম জগতের ক্ষতিকর দিকের ব্যাপারে বর্তমান সময়ের বিশ্ববিখ্যাত পদার্থ বিজ্ঞানী স্টিফেন হকিংস বার বার সতর্ক করেছেন। তার মধ্যে এই কৃত্রিম বুদ্ধিমত্তা দ্রুত আমাদের নিজস্ব বিচার করার, স্বাধীন চিন্তা করার ক্ষমতা ও দক্ষতাকে নষ্ট করে দেবে। Like, chat, selfie শুধু খটখট আর ফোন ঘাঁটার আওয়াজ আর কানে গোঁজা ফোন - আস্তে আস্তে smart phone দৌলতে জগৎটা smart আর unsmart এ বিভক্ত হয়ে যাচ্ছে। বর্তমান সময়ে উত্তর আধুনিকতা (Post modernism) Globalization, Post-Globalization, Imperialism and cyber world-এর ব্যাপক উপস্থিতির জন্য পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষ এবং বিশ্বের বিভিন্ন প্রান্তের যে আঞ্চলিক ভাষা - তার প্রতিনিয়ত মৃত্যু ঘটছে - যা লোকসংস্কৃতির মূল ভিত্তি। এই ভাষার মৃত্যুর পিছনে আছে দৈনন্দিন চাহিদা ও বাজার চাহিদা। যা ব্যাপকভাবে শুরু হয়েছিল Industrial Revolution-এর মাধ্যমে যা গ্রামীণ সভ্যতাকে দ্রুত ধ্বংস করছিল এবং সেই সঙ্গে গ্রামীণ ও সাধারণ মানুষের লোকসংস্কৃতিকে। এই প্রসঙ্গে বিংশ শতাব্দীর বিখ্যাত চিন্তাবিদ এরিক হবসবমের মন্তব্যটি খুবই উল্লেখযোগ্য - "The Industrial Revolution marks the most fundamental transformation of human life in the history of the world recorded in written document's" [Introduction) Industry and Empire - E.J. Hobsbaum Vol. 3, The Pelican Economic History of British, Penguin, 1987].

এবারে দেখা যাক পশ্চিমবঙ্গে লোকসংস্কৃতির কী পরিবর্তন ও প্রভাব লক্ষ করা যাচ্ছে বিশ্বায়নের ফলে। পুরুলিয়ার লোকসংস্কৃতির অঙ্গ ছৌনাচ - যা তার মূল সুর ও শক্তি ও শুদ্ধতা থেকে সরে এসে বিশ্বায়নের প্রভাবে প্রভাবিত হয়ে ও প্রতিযোগিতাতে টিকে থাকতে গিয়ে Improvision-এর নামে অনেক বিকৃত করতে বাধ্য হচ্ছে। এমনকি বাদ্যযন্ত্রের মধ্যেও এর পরিবর্তন লক্ষ করা যাচ্ছে। বিখ্যাত লোকসংস্কৃতির বিশারদ ড. বরুণ চক্রবর্তীও মনে করেন যে শুধু ছৌশিল্প নয় মেদিনীপুরের পটশিল্পীরাও বিশ্বায়নের

প্রভাবে প্রভাবিত এই লোকসংস্কৃতিতে পরিবর্তন আনতে বাধ্য হচ্ছেন। বিখ্যাত অধ্যাপক ও গবেষক ড. পবিত্র সরকারের মতে লোকসংস্কৃতি বলতে - জীবনধারণের বস্তুগত উপকরণ, যৌথ সামাজিক অনুষ্ঠান, প্রতিষ্ঠান ও আদানপ্রদান, শিল্প ও বিনোদন, বিশ্বাস ও তৎপ্রসূত নানা প্রক্রিয়া প্রভৃতিকে একত্রে বোঝানো হয়। (পবিত্র সরকার - লোকভাষা সংস্কৃতি নন্দনতত্ত্ব, চিরায়ত প্রকাশন, কলকাতা, পৃ-৩২)। বিশ্বায়নের প্রভাবে লোকসংস্কৃতির এই সকল ক্ষেত্র প্রভাবিত।

লোকসংস্কৃতির বদলে গ্রামে, শহরে চটুল, যৌনগন্ধী, বিকৃত নাচ-গান, লোকে পছন্দ করে - তাই ভালো ভালো গ্রামীণ লোকসংগীতের আকর ঝুমুর, টুসু, বাউল, টরালী ইত্যাদি গানেরও বিকৃতি ও ভিতরকার শব্দের ও মানের পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে। দ্রুত নগরায়নও এর জন্য দায়ী। গ্রামের গরিব মানুষ, আদিবাসীরা জীবিকার জন্য শহরে আসছে এবং সেই সঙ্গে তাদের নিজস্ব সংস্কৃতি তথা লোকসংস্কৃতিকেও ছেড়ে রেখে আসছে গ্রামে।

এই পরিবর্তন প্রসঙ্গে মাননীয় তপনকুমার বিশ্বাস তাঁর 'বিশ্বায়ন ও লোকসংস্কৃতি' প্রবন্ধে প্রাসঙ্গিকভাবে ড. মযহারুল ইসলামের মতামতকে তুলে ধরেছেন। তার মতে - "ফোকলোর জনগণের ঐতিহ্য ধারাকে আশ্রয় করেই জীবিত থাকে। যুগের পরিবর্তনের সঙ্গে নতুন ঐতিহ্যের সৃষ্টি হয়। ফলে ফোকলোরে চরিত্রেও পরিবর্তন ঘটে।"

[তপনকুমার বিশ্বাস, বিশ্বায়ন ও লোকসংস্কৃতি, পৃ-২৫, বেলা দাস ও বিশ্বতোষ চৌধুরী সম্পাদিত বিশ্বায়ন ও লোকসংস্কৃতি, অপর্ণা বুক ডিস্ট্রিবিউটার্স, কোলকাতা]

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার লোকসংস্কৃতির মধ্যেও এই বিশ্বায়নের প্রভাব পরিলক্ষিত। পাঁচমুড়ার টেরাকোটা, বিষ্ণুপুরের টেরাকোটা, বালুচরি, ভাদু, টুসু, ঝুমুর, আদিবাসী উৎসব, পুরুলিয়ার ছৌ, বীরভূমের বাউল, মালদার গম্ভীরা, ধনেখালির তাঁত, উত্তরবঙ্গের ভাওয়াইয়া, সুন্দরবনের বনবিবি, গ্রামাঞ্চলের যাত্রাপালার মধ্যে বিভিন্ন পুজোর অনুষ্ঠানেও আমরা এই বিশ্বায়নের প্রভাব দেখতে পাই।

লোকসংস্কৃতি বলতে মানুষ বা লোকের সংস্কৃতি বলে। আবার পবিত্র সরকার 'লোকভাষা সংস্কৃতি ও নন্দনতত্ত' বই-এ দেখিয়েছেন "Culture is the man-made part of the environmental" লোকসংস্কৃতি যা একটি মানুষের একটি বিশেষ রূপকে প্রকাশ করে তার বিনাশ বিশ্বায়ন করতে পারে না। যতদিন মানুষ থাকবে ততদিন এই লোকসংস্কৃতিও থাকবে। এই যে Pottery শিল্প তা যেমন সিন্ধুসভ্যতা, মায়াসভ্যতা বা ইনকাসভ্যতাতেও ছিল। তেমনি এখনো আছে। উদাহরণ লোকশিল্প বা লোকসংস্কৃতি যুক্ত সমস্ত ধরনের শিল্প ও সংস্কৃতি আকর বা শিকড় বা DNA বলা চলে। তবে একথা সত্যি সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে সভ্যতার পরিবর্তনের সঙ্গে সঙ্গে প্রতি যুগে শিল্প ও সংস্কৃতির আকার, আকৃতি ও রূপের পরিবর্তন হয়। ডারইউনের বিবর্তনবাদ অনুযায়ী যুগের সাথে, পরিবর্তনের সাথে, প্রতিযোগিতার সাথে তাল মেলাতে না পারলে শিল্প কেন, মানুষও এই পৃথিবী থেকে হারিয়ে যাবে।

যদিও বিশ্বায়নের ফলে লোকসংস্কৃতি কিছুটা হলেও সংকটের মুখে পড়েছে, তা বলে এই সংস্কৃতি হারিয়ে যাবে না টিকে থাকবে নিজস্ব শক্তি ও ব্যক্তি প্রয়াস, সরকার ও রাষ্ট্রের প্রয়াসের মাধ্যমে।

আগেকার দিনের রাজাদের মতো বর্তমানে রাষ্ট্র বা সরকার এই লোকসংস্কৃতির সঠিক বিপণন, বিশ্বায়ন করতে হবে। আমার অভিমত এই যে, বিশ্বায়নের চাপে লোকসংস্কৃতির মৃত্যু বা লুপ্ত নয় - বিশ্বায়ন যেন লোকসংস্কৃতির বিশ্বায়ন ঘটে নব নব রূপে এবং এটা সম্ভব যদি আমরা সকলে লোকশিল্পীদের পাশে দাঁড়ায় সরকার দাঁড়ায় ভালবেসে, নিজের ঐতিহ্যের ধ্বজাকে আরো উজ্জ্বল করতে ও আমাদের সমাজ, শিল্প ও সংস্কৃতি প্রাচীনত্ব, নতুনত্ব ও ঐতিহ্যের পুনর্নির্মাণ করার জন্য।

যদিও বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার লোকসংস্কৃতি ও লোকশিল্পীদের উন্নতির জন্য নানা পরিকল্পনা

গ্রহণ করেছেন। UNICEF-এর উদ্যোগে পশ্চিমবাংলার বিভিন্ন লোকশিল্পীদের MOU স্থাপনে, তাদের ভাতা প্রদান, পরিচয়পত্র প্রদান, বিশ্ব বাংলা ডটকম-এর উদ্ভাবন, কলকাতা Airport-এর কাছে বিশ্ববাংলা হাট, বিভিন্ন মেলার মাধ্যমে লোকশিল্পী ও লোকসংস্কৃতির প্রচার, মুকুটমণিপুরে কাঠের ও টেরাকোটার শিল্প সামগ্রী, বিক্রেতা জন্য স্থায়ী স্টল নির্মাণ, পাঁচমুড়ার শিল্পীদের ভাতা ও বারাকুড়ে লোকশিল্পীদের সম্মান প্রদর্শন - লোকসংস্কৃতিকে টিকিয়ে রাখার এক প্রচেষ্টা বলে মনে করি। তবে সাহায্যের আরও প্রয়োজন আছে। এই যুগের পরিবর্তনের সাথে সাথে লোকসংস্কৃতির সঠিক বিকাশ ও বিশ্বায়ন জরুরি যাতে এই সংস্কৃতির সৌন্দর্য, গুরুত্ব চারিদিকে ছড়িয়ে পড়ে। বিভিন্ন website যেমন বাংলা নাটক ডট কম, সহজিয়া ফাউন্ডেশন আরও অনেক site লোকসংস্কৃতি নতুন ভাবে বিশ্বের কাছে তুলে ধরছে বিশ্বায়নের অস্ত্র দিয়ে। বিশ্বায়নের প্রভাব যত বড়োই হোক লোকসংস্কৃতিকে মুছে ফেলা সম্ভব নয়। কারণ এর শেকড় অনেক গভীরে। এই প্রসঙ্গে মার্কিন লোকসংস্কৃতিবিদ C.F. Potter-এর ঠিকই বলেছেন - "Folklore is a living fossil which refuses to die." অর্থাৎ লোকসংস্কৃতি একটি জীবন্ত জীবাশ্ম যার ধ্বংস নেই। (আহমেদ ১৪১৪) অন্যদিকে V.R. Williams বলেছেন "It (Folklore) is like a forest tree with its roots deeply carried in the past, but which continuously put forth new branches, new leaves, new fruits." অর্থাৎ লোকসংস্কৃতি একটি বনবৃক্ষের মতো যার শিকড় অতীতের গভীরে প্রোথিত; কিন্তু তা ক্রমাগত নতুন শাখা, নতুন পাতা ও ফল উৎপন্ন করে চলেছে। (আহমেদ : ১৫১৫) [আহমেদ ওয়াকিল (১৪১৫) লোককলা : তত্ত্ব ও মতবাদ, বইপত্র, বাংলা বাজার ঢাকা, পৃ-১৪।]

পরিশেষে এটুকু বলা যায় যে, লোকসংস্কৃতির ক্ষেত্রে বিশ্বায়ন অভিশাপ না হয়ে আশীর্বাদ হয়ে আসুক - লোকসংস্কৃতির বিশ্বায়নের মাধ্যমে। আধুনিক যন্ত্র, সোশাল মিডিয়া তার ভাল দিকের সহায়ক হোক এই প্রার্থনা করি।

> যে মানুষটা বলে, আমার শিখবার নেই, সে মরতে বসেছে; যে জাতটা বলে আমরা সবজান্তা, সে জাতের অবনতির দিন অতি নিকট। 'যতদিন বাঁচি ততদিন শিখি।'
>
> - স্বামী বিবেকানন্দ

# খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়

অনিমা বাউরী (প্রথম বর্ষ)

আমার কলেজের নাম খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়। বাঁকুড়া জেলার দুরন্ত মহাবিদ্যালয়গুলির মধ্যে আমাদের এই মহাবিদ্যালয়টি পড়ে। এই মহাবিদ্যালয়টি স্থাপিত হয় ১৯৭৬ সালে, ছেলেমেয়ে উভয়েই এই মহাবিদ্যালয়ে পড়াশুনা করে। এই মহাবিদ্যালয়ের প্রাকৃতিক সৌন্দর্য্য অতিমনোরম। এই মহাবিদালয় জুড়ে আছে নানা রকমের সুন্দর সুন্দর গাছ। এই মহাবিদ্যালয়ে নিজের খেলার মাঠ আছে, এক পায়ে দাঁড়িয়ে আছে বহু পুরাতন একটি গাছ। গাছটিকে খুব ধীরে তৈরি করতে হয়েছে একটি বড়ো বেড় দিয়ে। মহাবিদ্যালয়ে সমস্ত সাংস্কৃতিক অনুষ্ঠান থেকে শুরু করে সব কিছু হয়। এই বেড়িতে বছরের বিশেষ দিনগুলি পালিত হয়। এখানে ১৫ই আগস্ট পতাকা উত্তোলন থেকে শুরু করে ৯ই মে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিনের গান, নাচ কোনো কিছু বাদ যায় না। সরস্বতী পূজা আমাদের মহাবিদ্যালয়ে ধুমধামে গানে পালিত হয়। সরস্বতী পূজার দিন আমাদের মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা খুব ভোরে ঘুম থেকে উঠে মহাবিদ্যালয়ের উদ্দেশ্যে যাত্রা করে। ঠাকুর আনার দায়িত্ব সংসদের দাদাদের উপর পড়ে। সংসদের দাদাদের কাছ থেকে প্যান্ডেলের তদারকি করা এবং সরস্বতী পূজার প্রয়োজনীয় উপকরণের ব্যবস্থা করা পূজার পর দেবী মঞ্চে পুষ্পাঞ্জলির ব্যবস্থা করা হয়। এই পূজাতে নাচ, গান, অভিনয়, আবৃত্তি সকল কিছুর ব্যবস্থা থাকে। ছেলেমেয়েরা যাতে অন্যান্য সংস্কৃতিক কাজে এগিয়ে যেতে পারে তার চেষ্টা করা হয়। রবীন্দ্র জয়ন্তীতে সকাল থেকে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। রবীন্দ্রনাথের গানে আমাদের জীবন ভরে যায় আনন্দে।

ছেলেমেয়েদের মধ্যে যাতে প্রতিভার বিকাশ করা যায় তার জন্য ম্যাগাজিনে গল্প, কবিতা লেখার ব্যবস্থা করা হয়। আমাদের মহাবিদ্যালয়ের ছেলেমেয়েরা একটি সাদরে গ্রহণ করেছে প্রতি বছর কবিতা ও গল্প লিখে আমাদের ছেলেমেয়েরা প্রাইজ পায়। আমাদের মহাবিদ্যালয়ে বাংলা, ইংরাজী, ইতিহাস, ভূগোল, সংস্কৃত, দর্শন ইত্যাদি বিষয় আছে। আমাদের মহাবিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকারা আমাদের যথেষ্ট ভালোবাসেন এবং অত্যন্ত যত্নসহকারে আমাদের পাঠদান করেন। আমাদের মহাবিদ্যালয়ে ছাত্রছাত্রীদের কোনো অসুবিধা হলে শিক্ষক-শিক্ষিকা সব সময় সেই অসুবিধা দূর করতে সচেষ্ট থাকেন।

সমাজসেবার পাঠ আমরা এই মহাবিদ্যালয় থেকে বিপুল ভাবে পাই - ছাত্রছাত্রীদের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধিতে ও আমাদের মহাবিদ্যালয়ের সক্রিয় ভূমিকা পালন করে। নিরক্ষরতা দূরীকরণে আমাদের মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে দারুণ উৎসাহ লক্ষ্য করা যায়। মহাবিদ্যালয় থেকে অনেক ভালো ভালো ছাত্রছাত্রী বেরিয়েছে কেউ ডাক্তার কেউ ইঞ্জিনিয়ার, কেউবা ভালো শিক্ষক হয়েছে। আমিও চাই মহাবিদ্যালয় থেকে বেরিয়ে মহাবিদ্যালয়ের আদর্শ অনুযায়ী আমি যেন মানুষের কাজ করতে পারি।

''যে ব্যক্তি শুধু নিজের বুদ্ধি বিবেচনাকেই নির্ভুল মনে করে, সে পদে পদে হোঁচট খায়।'' - আসমায়ী।

# N.C.C.

বিপ্লব সিংহমহাপাত্র

আমাদের মহাবিদ্যালয়ে N.C.C. 56 BN-এর অধীনে দীর্ঘদিন ধরে মহাবিদ্যালয়ের গৌরব বৃদ্ধি করে চলেছে। এ শুধু কথার কথা নয়, অন্য দিয়ে এ নিবন্ধে তা তুলে ধরার চেষ্টা করব। মহাবিদালসয়ের বাঁধাধরা পতের পড়াশুনার বাইরে N.C.C. আমাদের জাতীয়তা বোধের শিক্ষা দেয়। মনে এনে দেয় দেশপ্রেম, নৈতিকতা বোধ, নিয়মানুবর্তিতা, চারিত্রিক দৃঢ়তা, যা মানুষের চরিত্র গঠনে একান্তভাবে সাহায্য করে। N.C.C. ছাত্র জীবন থেকে দেশাত্মবোধের দীক্ষা দেয়। N.C.C.-র মাধ্যমে শারীরিক সক্ষমতা ও মানসিক সরলতা বৃদ্ধি হয়। ছাত্রজীবনে Cadet রা Adventure-এর স্বাদ পায়। শৌর্যে, বীর্যে একজন সৈনিকের জীবনের মতোই নিজেকে গড়ে তোলার সুযোগ পায়। মহাবিদ্যালয়ে N.C.C. পরিচালনায় পরিচালন সমিতি যথার্থ ভূমিকা পালন করে আসছে। পরিচালন সমিতি মহাবিদ্যালয়ে N.C.C. কে যথেষ্ট গুরুত্ব ও মর্যাদা দিয়ে একজন অধ্যাপক মহাশয়কে A.N.O. পদে নিযুক্ত করেছেন এবং তাঁর প্রশিক্ষণের যথাযথ ব্যবস্থাও সম্পন্ন হয়েছে। বর্তমানে A.N.O. মাননীয় অধ্যাপক তপন পাত্র মহাশয় লেফট্যানেন্ট পদ মর্যাদায় থেকে মহাবিদ্যালয়ের N.C.C. তে যথাযথ ভূমিকা পালনে ব্রতী হয়েছেন। আমাদের 56 BN পরিচালনায় Commanding Officer Yash Bhatnagar মহাশয় এই মহাবিদ্যালয়ের উৎসাহী cadet দের Service Selection Board (SSB) ও National Defence Academy (NDA)-এর প্রশিক্ষণ দিয়ে cadet দের ভবিষ্যতে Army, Navy ও Airforce -র Officer হতে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন। Group Commander Brigadier P.S. Panesar প্রমুখ মহাশয়দের সক্রিয় শিক্ষাদান ও সহযোগিতা আমাদের cadet দের অনুপ্রাণিত করে। আমাদের মহাবিদ্যালয়ে N.C.C. একটা একান্নবর্তী পরিবারের মতো। পরিবারের যেমন বড়োদের মেনে চলতে হয় এবং ছোটোরা স্নেহ পায়, তেমনি N.C.C. তেও Senior দের মেনে চলতে হয় এবং Junior রাও স্নেহ মিশ্রিত অনুশাসনে জীবন গঠনের শিক্ষা পায়। Cadet রা প্রত্যেকেই Practical ও Theory শিক্ষা গ্রহণ করে। Run, Yoga সহ Physical Training করানো হয়। এর পাশাপাশি Parade Marching এবং Fining শেখানো হয়। মহাবিদ্যালয়ের পরিচালন সমিতি T.S.C. Camp-এর Obstacle Race হয়, তা নির্মাণ করার কাছে হাত দিয়েছেন এবং আমাদের খুব ভালো লাগছে যে একটা Complete Firing Range তৈরির কাজ ও শুরু হয়েছে - এই দুটি নির্মাণ সম্পূর্ণ হলে মহাবিদ্যালয়ের N.C.C. আরও সফল ও স্বয়ং সম্পূর্ণ হবে। কুচকাওয়াজে অংশ নেওয়ার জন্য নিজস্ব Band কেনার প্রস্তুতিও সম্পূর্ণ হয়েছে। প্রতি বছর আমাদের Cadet রা 26 January তে মাননীয় মহকুমা শাসকের সামনে কুচকওয়াজ প্রদর্শন করে এবং 15 August ও 23 January মহাবিদ্যালয়ে যথাযথ মর্যাদার সাথে দিনগুলিকে উৎপাদন করা হয়।

<u>বর্তমান বছরের N.C.C.-র সাফল্য</u>

1. 56 BN Best Cadet SD - Biplab Singha Mahapatra
2. 56 BN Best Cadet SW - Soma Patra
3. Chief Minister Rally, Red Road, Kolkata (LRDC) - Tamanna Khatun
4. Inter BN Kabade Competition এ Winter Captain - Biplab Singha Mahapatra
5. TSC (THAL SENA CAMP) এ JD anbd FS পরীক্ষায় Group (Kharagpur)-এ প্রথম স্থানাধিকারী - Sourav Mandal.

6. TSC (THAL SENA CAMP) এ Onbstacle Race event এ Kharagpur Group এ প্রথম স্থানাধিকারিণী - Soma Hansda
7. TSC (THAL SENA CAMP) - West Bengal and Sikim Directorate JD and FS eventএ দ্বিতীয় স্থানাধিকারী - Sourav Mandal
8. TSC (THAL SENA CAMP) - Delhi Camp এ West Bengal and Sikim Directorate থেকে অংশগ্রহণকারী - Jagannath Roy, Silver Medal, Golden Rank.
9. TSC (THAL SENA CAMP) - Delhi Camp এ West Bengal and Sikim Directorate থেকে অংশগ্রহণকারী - Bireswar Kumbhakar - Bronze Medal, Golden Rank.
10. ALC (Advance Leadership Camp) - Kharagpur - অংশগ্রহণকারী - Sutapa Pramanik
11. All India Trackking Camp (AITC) - Nalanda, Bihar এ অংশগ্রহণকারী - Lashmikanta Mahata
12. NIC (National Integration Patra, Najan Banerjeee, Sourav Mandal
13. College Annual Marathon Race - প্রথম স্থানাধিকারী Cdt. Gopal Bauri.
14. College Annual Cricket Tournament - প্রথম স্থানাধিকারী দল - N.C.C. Team.

Cadet দের এই সাফল্য শুধুমাত্র কলেজের মধ্যে সীমাবদ্ধ থাকছে না, ক্রমে ক্রমে তাদের কর্মজীবনেও প্রতিফলিত হচ্ছে। বিভিন্ন ছাত্রছাত্রী ও বেশ কিছু Ex-Cadet Team বিভিন্ন Fome Dept. এ কর্মরত। এছাড়াও আমাদের N.C.C. Team শুধুমাত্র মহাবিদ্যালয়ের উন্নতির কাজেই নয়, সমাজের জন্যে ও কল্যাণমূলক কাজে অংশগ্রহণ করে। উদাহরণ দিয়ে বলা যায় - Blood Donation Camp, Anti-Tobbaco Rally/Camp, Tree Plantation Camp, Safe Drive-Save Life, Campus Clean-ing Operation, Saccha Bharat Mission ইত্যাদি। বর্তমানে Cadet দের এই সাফল্য কিন্তু N.C.C.-র মূল লক্ষ্যের কাছে অত্যন্ত নগণ্য। N.C.C. র মূল লক্ষ্য বর্তমান সাফল্য তার প্রথম পদক্ষেপ বলা যেতে পারে। এখনো পর্যন্ত মুষ্টিমেয় Cadet-দের মধ্যেই লক্ষ্য করা যাচ্ছে। প্রতিটি Cadet-এর মধ্যে এই সাফল্যকে ত্বরান্বিত করাই আমাদের উদ্দেশ্য।

Cadet দের এই সাফল্য কেবলমাত্র নিজেদের প্রচেষ্টা নয়, তার পিছনে আছে অনুপ্রেরণা, উৎসাহ। এই উদ্দীপনার ইন্ধন যুগিয়ে চলেছেন একজন মানুষ, যিনি সমগ্র মহাবিদ্যালয়ের পাশাপাশি Cadet-দের 'এগিয়ে যাওয়ার ডাক' দিয়েছেন। সবরকম সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন, তিনি হলেন সবার প্রিয় শ্রদ্ধেয় ড. পার্থসারথি হাটি মহাশয়। তিনি এইভাবে না এগিয়ে এলে সাফল্যকে এইভাবে আমরা ছুঁতে পারতাম না। এছাড়াও অনুপ্রেরণা যুগিয়েছেন আমাদের শ্রদ্ধেয় A.N.O. মাননীয় তপন পাত্র। যিনি তার নিরলস পরিশ্রম ও সাহায্যের মাধ্যমে আমাদের পাশে এসে দাঁড়িয়েছেন। এছাড়াও 56 BN এর মাননীয় C.O. Yash Bhatnagar ও শ্রদ্ধেয় Brigadier P.S. Panswar প্রমুখ উদার ব্যক্তিত্বগণ আমাদের সর্বতভাবে সাহায্য করেন। এছাড়াও আছেন একজন Senior Cadet যিনি সব সময় প্রতিটি Cadet কে প্রতি মুহূর্তে সাহায্য করে চলেছেন, তিনি হলেন বিপ্লব সিংহমহাপাত্র।

আমাদের N.C.C. Dept. কলেজের জন্য সমাজের জন্য। সর্বোপরি দেশের জন্য যে টুকু করতে পেরেছে, তা আমাদের সকলের গর্বের বিষয়। আমরা যেন সমাজকে, দেশকে সুশৃঙ্খল ভাবে গড়তে পারি, সে জন্য সমগ্র মহাবিদ্যালয়ে সর্বাঙ্গীন সাহায্য, উৎসাহ ও সমবেত সংকল্প কামনা করি।

# উত্তরণ-২০১৭

মিলন বাউরী (তৃতীয় বর্ষ)

মানুষ মননশীল জীব, অন্যান্য জীবদের থেকে মানুষ, চিন্তা-চেতনা আবেগ অনুভূতি উপলব্ধিতে এগিয়ে, তাই মানুষ জীব শ্রেষ্ঠ। আর এই চিন্তা-চেতনা আবেগ-অনুভূতি উপলব্ধিগুলি একই সুতোই বেঁধে উপস্থাপনই হল সাহিত্য। যা আমাদের চিত্তকে আন্দোলিত করে। আমাদের মতো গ্রামবাংলা তথা মফঃসল শহরগুলোতে প্রতিভার অভাব নেই। তবে প্রতিভাগুলো বিকশিত হওয়ার যথেষ্ট অনুকূল পরিবেশ নেই। ফলে অনেক প্রতিভাই অঙ্কুরে বিনষ্ট হয়ে যায়। তাই আমাদের মহাবিদ্যালয়ের বর্ষজীবি পত্রিকা 'উত্তরণ' সেই প্রতিভাবানদের উৎসাহ দেওয়ার মাধ্যমে। মনের কোনে জমানো শব্দবাক্যের সগ্রাহক ও সংবাহক আমাদের এই 'উত্তরণ'। শীতের জড়তা ও রুক্ষতার ভাবটা কাটিয়ে উত্তরণ নববসন্তের আহ্বান জানাবে, আগামী দিনের লেখক ও পাঠকদের উর্বর ভূমি হয়ে উঠবে এই উত্তরণ আশা রাখি।

# আমাদের বাংলা বিভাগ

সৌরভ মণ্ডল (দ্বিতীয় বর্ষ)

"বর্ষে বর্ষে দলে দলে আসে বিদ্যামঠ তলে
চলে যায় তারা কলরবে,
কৈশোরের কিশলয় পর্নে পরিণত হয়,
যৌবনের শ্যামল গৌরবে।।"

- কবির এই সম্ভাবনা খুবই সহজ এবং সত্য। প্রতি বছর দলে দলে ছাত্র-ছাত্রীরা ভর্তি হয় এই বাংলা বিভাগে। তাদের চোখে থাকে নতুন স্বপ্ন, ভবিষ্যতের সম্ভাবনা। কিন্তু তারা আসে-শেখে-চলে যায়' - এতো সবার জানা কথা। এর মধ্যেও যেঠা ভাবনার বাইরে থেকে যায়, সেটা হল - কীভাবে এই কিশলয়গুলো পর্নে পরিণত হয়?

-পরিচর্চা, যত্নই পারে কবির লিখিত ভাষ্যগুলোকে রূপ দিতে, সম্ভাবনাগুলো সত্যি করতে - এখানেই বাংলা বিভাগ তাঁর স্বার্থকতা খুঁজে পায়। দিনের পর দিন নিয়মানুবর্তিতা, শৃঙ্খলা, আদর্শ দিয়ে তৈরি হয়েছে সাহিত্যের একটা 'আবহ'। পেয়েছে অনুকূল পরিবেশ। সব ছাত্রই যে একদিন সফল হয় - তা আমরা দাবী করি না। তবে চেষ্টার কোনো ত্রুটি হয় না। খড়-মাটি দিয়ে কুমোর যেমন প্রতিমা গড়ে তোলেন, এই বিভাগের প্রতিটি শিক্ষকই তেমনি করে আমাদের গড়ে তোলার চেষ্টায় ব্রতী। আর থাকে স্নেহ, ভালোবাসা। তবে মনে হয়, একজন মানুষের নাম না করলে এই নিবন্ধ কোথাও অসম্পূর্ণ থেকে যায়। তিনি হলেন আমাদের সবার প্রিয় শ্রদ্ধেয় ড. পার্থ সারথি হাটি। আজ আমাদের থাকিছ সাফল্য। যা কিছু ভবিষ্যত্যের লক্ষ্য, তিনি তার ইন্ধন যুগিয়ে চলেছেন। তার কাছ থেকে আমরা শিখেছি ছড়িয়ে পড়তে, কাজে লাগতে।

# আমি এক হারিয়ে যাওয়া মেয়ে

পূজা মল্লিক (তৃতীয় বর্ষ)

রিমা ঃ আমি একা, অনেক ছোটবেলায় মা বাবার সাথে মেলা দেখতে এসে হারিয়ে গেছি কাউকে খুঁজে পাইনি, জানি না, কোনো দিনও পাব কিনা। কিন্তু ছোটবেলায় ঠাম্মা বলত যা হারিয়ে যায় তা যদি পৃথিবীর মধ্যে থাকে তাহলে ঠিক খুঁজে পাওয়া যাবে।

তবে আমি কেন খুঁজে পাচ্ছি না সবাইকে। তাহলে ঠাম্মার কথা কী মিথ্যে হয়ে যাবে।

ভদ্রলোক ঃ একদিন হঠাৎ এক ভদ্রলোকের সাথে আমার দেখা হল। তিনি আমাকে জিজ্ঞেস করলেন কোথায় যাচ্ছ মামনি।

রিমা ঃ আমি কাঁদতে কাঁদতে বললাম মা-বাবাকে খুঁজতে।

ভদ্রলোক ঃ কোথায় আছে ওরা তুমি জানো কি?

রিমা ঃ 'না',

ভদ্রলোক ঃ তাহলে কোথায় যাবে ?

রিমা ঃ 'জানি না'।

ভদ্রলোক ঃ তবে তুমি আমার বাড়ি চলো, আমার সাথে থাকবে। যতদিন না তোমার মা-বাবা সবাইকে খুঁজে পাচ্ছ।

রিমা ঃ আচ্ছা ঠিক আছে তাহলে চল একটা কথা জিজ্ঞেস করব। তোমার নাম কী?

ভদ্রলোক ঃ আমার নাম বলি, তুমি আমাকে বলি কাকা বলে ডেকো। আমি তোমায় একটা কথা জিজ্ঞাস করি। তুমি কীভাবে হারিয়ে গেলে।

রিমা ঃ 'হ্যাঁ'

আমি পরিবারের সবার সাথে মেলা দেখতে এসেছিলাম আমার হাতটা মা ধরেছিল ভিড়ের সময় কখন হাতটা ছেড়ে ফেলে তা বুঝতে পারিনি।

বলি কাকা ঃ ঠিক আছে আর কাঁদতে হবে না। চল খেয়ে নে সকাল থেকে কিছু খাওয়া হয়নি।

(কয়েক মাস পর)

রিমা ঃ আমি এখন অনেকটা বড় হয়ে গেছি বলি কাকা আমায় স্কুলে ভর্তি করেছে। নিয়মিত স্কুলে যায়। স্কুল থেকে ফেরার সময় দেখি মা-বাবা পেরিয়ে যাচ্ছে। আমি ছুটে গিয়ে মাকে জড়িয়ে ধরি মা আমায় চিনতে না পেরে ঠেলে ফেলে দেয়।

মা ঃ কে তুমি এভাবে আমাকে জড়িয়ে ধরলে।

রিমা ঃ মা আমি তোমার সেই হারিয়ে যাওয়া রিমা। মেলায় ভিড়ের মধ্যে আমার হাতটা ছেড়ে ফেলেছিলে।

মা ঃ কে, রিমা আমি চিনি না।

রিমা ঃ চিনতো পারছো না? কত খেলনা কিনেছিলে, আইসক্রিম, বেলুন আরো কত কি।

মা ঃ 'না' আমি চিনি না কোনোদিন মেলা দেখতে যাইনি।

রিমা ঃ বাবা তুমি আমায় চিনতে পারছ না।

বাবা ঃ 'না' কোথা থেকে যতসব উটকো মানুষ এসে জুটে।

রিমা ঃ দিদি তুই বলিস না যে আমায় চিনতে পারছিস না।

দিদি ঃ 'হ্যাঁ' - ঠিকই এই কথাটাই আমরা অনেকখন থেকে বোঝাতে চাইছি তুই বুঝতে চাইছিস না। ভিখারি গুলো যে কোথা থেকে এসে জুটে আমাদের কপালে। কি চাই তোর টাকা।

রিমা ঃ 'না' দিদি - তোদের সবাইকে আর ভালোবাসা আশীর্বাদ। ঠাম্মা তুমি আমায় আদর করে ডাকতে রিমু দিদি ভাই। আয়না বাগানে ফুল তুলে দিবি আমায়।

ঠাম্মা ঃ দয়া করো - আর আমার রিমু দিদিভাই বোধ হয় মারা গেছে।

রিমা ঃ না ঠাম্মা ও কথা বলো না আমি বেঁচে আছি। দাদু তুমি সবাইকে বোঝাও।

দাদু ঃ বার বার এক কথা বলতে ভালো লাগে না।

রিমা ঃ রঘুদা তুমি আমায় চিনতে পারছো বলো।

রঘুদা ঃ এই বাড়ি আমি নুন খাইতাছি গুন গাইতে পারুম না।

রিমা ঃ আমি যে তোমার কাছে ফ্রিজ থেকে বরফ চাইতাম তুমি বলতে ছোটি খুকুমণি বিরক্তি কর না দেখি ঐখানে গিয়া চুপটি কইরা বইস দেখি খেল খেলনা দিতাছি।

রঘুদা ঃ আমার কিসু মনে পড়ুম না তোমারে দেখে এই নাই কোনদিন 'হে আল্লা দেখতছে নিজের বাড়ির মাইয়াটীরে চিনতে পারল নাই।

রিমা ঃ দেখলে বনি কাকা কেউ চিনতে পারল না বড়োলোকদের বাড়িতে ভালোবাসা থাকে না থাকে অহংকার আর টাকা।

বনিকাকা ঃ তুই ভুল বুঝছিস তুই অনেক বড় হয়ে গেছিস তাই তোকে চিনতে পারছে না।

রিমা ঃ দেখ বনি কাকা তোমার এই ছোট কুঁড়েঘরে আমার জন্য কত ভালোবাসা।

রিমা ঃ বিধাতার এটাই লিখন সব কিছু দিয়ে আবার কেড়ে নেয়।

হঠাৎ গ্যাস দুর্ঘটনায় সবাই মারা যায়। সব ফিরে পেয়েও আমি হারিয়ে গেলাম আমি সত্যি একা একা বনি কাকা।

("সবাইকে ভালোবাসে হারিয়ে যেও না
তা না হলে আর কিছু ফিরে পাবে না")

> "অপরকে সম্মান করিতে শেখো, তবেই অন্যে তোমাকে সম্মান করবে।"
>
> - হজরত মহম্মদ।

# আলো ও অন্ধকার

সুজাতা বরাট (বিদায় বর্ষ, বাংলা সাম্মানিক)

পৃথিবীতে দুটি সম্পূর্ণ বিপরীতধর্মী দিক হল আলো ও অন্ধকার। এখন যদি প্রশ্ন করা হয় যে এই আলো ও অন্ধকারের মধ্যে তুমি কাকে বেশি পছন্দ করো? তাহলে বেশিরভাগেরই উত্তর হবে আলো কিংবা সকলেই হয়তো বলবে আলো। কেননা আলোর জন্য পুরো পৃথিবী আমাদের চোখে দৃশ্যমান হয়ে ওঠে। কিন্তু যদি একটু ভেবে দেখা যায় তাহলেই বোঝা যাবে আলো ও অন্ধকার বিপরীত হলেও একে অপরের পরিপূরকও বটে। আলো না থাকলে যেমন অন্ধকারকে বোঝা যায় না - ঠিক একইভাবে অন্ধকার যদি না থাকতো তাহলে আলো আমাদের কাছে এত প্রিয় হত না।

পৃথিবীতে দিন ও রাত হয়। দিনের বেলায় সূর্যিমামার আলোর ছটায় চারিদিক ঝলমল করে ওঠে। আবার রাত্রে বিরাজ করে ঘন কালো অন্ধকার। রাত্রির অন্ধকার যদি না থাকলো তাহলে দিবাভাগে আলোর উপস্থিতি কারোর কাছেই গুরুত্ব পেত না। অন্ধকারে আমরা পথ হারাই বলেই আলোর সন্ধান করি। একটি ঘরে যদি প্রদীপ জ্বালানো হয় তাহলে সেই আলো ঘরের প্রতিটি কোনাকে উজ্জ্বল করে তোলে। কিন্তু প্রদীপের তলাতেই থাকে অন্ধকার। প্রদীপের তলার অন্ধকার যদি না থাকতো তাহলে আমরা ঘরের কোনার আলোকে এত ভালোবাসতাম না। আবার পূর্ণিমা ও অমাবস্যা রাত্রির কথাও এক্ষেত্রে বলা চলে। পূর্ণিমার রাত্রে চাঁদ তার সোনালী আলোর আঁচলে ধরণীকে মুড়ে ফেলে কিন্তু অমাবস্যাতে বিশ্বজগৎ অন্ধকারে মুখ ঢাকে। সুতরাং এটা বলা যেতে পারে যে অমাবস্যা না থাকলে পূর্ণিমার আলো প্রাধান্য পেত না।

মানুষের চরিত্র বিশ্লেষণেও আমরা আলো ও অন্ধকারের পরিবর্তে যথাক্রমে ভালো ও মন্দ বিপরীতধর্মী দুটি শব্দ প্রয়োগ করে থাকি। সমাজে বসবাসকারী ব্যক্তিদের মধ্যে কেউ হয় ভালো আবার কেউ হয় খারাপ। কিন্তু খারাপ ব্যক্তি আছে বলেই ভালো মানুষের কদর এত বেশি। পৃথিবীতে যদি কেবলমাত্র আলোর জগতের অর্থাৎ ভালো মনের মানুষ থাকতো তাহলে ভালো ও মন্দের বিচার করা যেত না। বিশ্বে অন্ধকার জগতের মানুষ আছে বলেই ভালো মানুষের সম্মান বেড়ে যায় এবং আমরাও ভালো মানুষ হতে চেষ্টা করি ও ভালো কর্ম করতে উদ্যোগী হই।

সুখ-দুঃখকেও আলো ও অন্ধকারের মতো পরিপূরক হিসেবে ব্যাখ্যা করা যায়। আলোর অনুভূতি যেমন অনুভব ছাড়া হয় না - তেমনই মানুষের জীবনে দুঃখ ছাড়া সুখের আস্বাদন অসম্ভব। জীবনে যদি আমরা সর্বদা সুখকে বহন করে চলতে থাকি তাহলে একদিন না একদিন জীবনটা আমাদের কাছে বোঝা মনে হবে। তাই দুঃখ মাঝে মাঝে আমাদের দরজায় কড়া নাড়ে বলেই সুখকে স্বাগত জানানোর জন্য আমরা উদগ্রীব হয়ে থাকি। আর তার জন্যই মানব জীবন এত বৈচিত্র্যে ভরা।

সর্বোপরি বলা যায় আলো ও অন্ধকারের মতো আরও অন্যান্য যেসব বিপরীতধর্মী দিকগুলি রয়েছে, তারা সত্যই সকলে একে অপরের পরিপূরক। একটিকে ছাড়া অপরটির কোনো প্রাধান্য নেই। আমাদের ধারণা আলোতেই বস্তু দৃশ্যমান হয়ে আমাদের চোখে ধরা দেয় - হ্যাঁ একথা অবশ্যই সত্য। কিন্তু অন্ধকারে যে আমরা কিছু দেখতে পাচ্ছি না এই অনুভূতিটা দেয় অন্ধকারই। তাই যদি অন্ধকারের অনুভূতি না থাকতো তাহলে আমরা আলোর প্রত্যাশী হতাম না। সুতরাং এ কথা বলাই যায় যে আলো ও অন্ধকার বিপরীত হলেও একে অপরের পরিপূরক। কিম্বা বলা যায় অন্ধকারই হলো আলোর উৎস। রবীন্দ্রনাথের ভাষায় -

'অন্ধকারের উৎস হতে উৎসারিত আলো সেই তো তোমার আলো।'

হাস্যকৌতুক

# 'গো'-এলার্জি

গিরিধারী চন্দ (অতিথি শিক্ষক)

গো-পাচার কান্ডে বর্ডারে ধৃত হয়, 'গো-মাংস ভক্ষণে নয়া নির্দেশিকা', সাত সকালে খবরের কাগজের প্রায় প্রতিটি পাতায় এইসব শিরোনাম চোখে পড়ে মেজাজটা বড়ো বিগড়ে গেল গোপালবাবুর। রোদ ঝকমকে সকালে পেয়ালা হাতে খবরের কাগজটা নিয়েছিলেন একটাই আশাতে, সেটা হল - হয়তো আজকের রাশিফলে শান্তিযোগ থাকতে পারে, কিন্তু দেখা গেল গোপালবাবুর কপালে তা আজ নেই, বরং চিন্তামহল থেকে ডাক এল তাঁর সহধর্মীনীর - 'হ্যাঁ গো শুনছো; বাজার থেকে আজ একটু কটা পোনা এনো'। এতো সুন্দর বক্তব্যে যে কোনো স্বামীর আনন্দিত হওয়ারই কথা কিন্তু এ কথা শুনে আজকের সুন্দর সকালটা দফারফা হয়ে গেল গোপালবাবুর। বাটাপোনা কেনো, পানার ইলিশ আনতে বললেও গোপালবাবুর এমন মেজাজ খারাপ হতো না, যদি না বলত 'হ্যাঁ গো' কথাটা।

এখানে গোপালবাবু সম্পর্কে একটু বলে রাখা দরকার। গোপালবাবু গোঁড়া হিন্দু হলেও কোনো নামের সঙ্গে বা কথার সঙ্গে 'গো' শব্দটাকে একেবারেই বরদাস্ত করতে পারেন না। তিনি মনে করেন 'গো' শব্দে নিরীহ, নির্বুদ্ধি সম্পন্ন গৃহপালিত পশু গোরুকেই বোঝানো হয়। প্রতিটি কথার সাথে 'গো' যুক্ত করলে নাকি তার অর্থ অত্যন্ত অপমান সূচক হয়ে পড়ে। তাই তিনি তার স্ত্রীকে বহুবার বলেছেন 'হ্যাঁ গো শুনছো' নাম বলে শুধু 'শুনছো' বলতে। তাতে স্ত্রী ঘোরতর প্রতিবাদ জানিয়ে বলেছেন - 'গোমাতা বা গরু হল হিন্দুদের পবিত্র দেবতা, আর হিন্দু স্ত্রী-রা তাঁদের স্বামীকে দেবতা জ্ঞানেই পূজা করে। দেখোনি শিবের সঙ্গে তার বাহন গরু থাকেন?' স্ত্রীর এরূপ অদ্ভুত যুক্তি শুনে গোপালবাবু আর কিছু বলতে পারেননি, কেবল মনে মনে ভেবেছেন - তাকে শিবের সঙ্গে তুলনা করলেও ঠিক ছিল, একেবারে শিবের বাহন? বৌয়ের 'গো' শব্দটা আরো বেশি করে বুকে বিঁধে, যখন থেকে জেনেছেন - 'গরু গৃহপালিত পশু'। কারণ শ্বশুর-শাশুড়ির মৃত্যুর পর সমস্ত সম্পত্তি পেয়ে তাদেরও একমাত্র মেয়ের স্বামী অর্থাৎ গোপালবাবু শ্বশুরবাড়িতে প্রতিপালিত হচ্ছেন, তা কি আর ভোলার?

বাজারের থলি নিয়ে রাস্তায় বেরোলেই প্রতিবেশীদের সৌজন্যে পড়তে হয় গোপালবাবুকে। কেউ বলেন 'গোপালদা ভালো আছেন?' কেউ বলেন 'কি গো বাবু বাজারে যাচ্ছেন?' সকাল থেকে রাত্রি পর্যন্ত যেন 'গো-মেধ' যজ্ঞ করতে হয় গোপালবাবুকে। পাড়াপ্রতিবেশী ছোকরাদের তিনি বুঝিয়েও পারেননি যে 'গোপাল দা' না বলে শুধু 'দাদা' শুনতেই তার ভালো লাগে। তিনি 'গো' শব্দটাকে এতটাই অপছন্দ করেন যে 'গোঁফ' শব্দে 'গো' আছে বলে তিনি কোনদিন গোঁফ রাখেননি। প্রাচীনকালে আদায়কারী কর্মচারীদের 'গেমস্তা' বলা হত বলে তিনি খাজনা আদায়কারী বা ট্যাক্স কালেক্টরের চাকরীর ইন্টারভিউ দিতে যাননি। গোপালবাবু বিয়ের দেখাশোনার সময় পাত্রী একেবারে পছন্দ হয়েই গিয়েছিলো, কিন্তু পাত্রীর পদবি 'গোস্বামী' বলেই সেই সম্বন্ধটা ক্যানসেল করেছিলেন তিনি নিজেই। বাজার পথে পুনরায় 'গো' শব্দ শুনে মুখটাই 'গোমড়া' হয়ে গেল গোপালবাবুর।

বাজারে প্রবেশ করেই তিনি দেখলেন তরিতরকারি সমাবেশ নিয়ে বহু ব্যবসায়ী বসে দরদাম হাঁকাচ্ছে। তিনি সোজা মাছওয়ালার কাছে গেলেন। বাজারে 'গোটা' মাছ তিনি কক্ষনো কেনেন না। সুতরাং কাটাপোনা কেনার সময়ও মাছওয়ালাকে নির্দেশ দিলেন মাছগুলো অর্ধেক করে কেটে দিতে। দাম দিয়ে টুকিটাকি সবজি কিনে বাড়ির উদ্দেশ্যে যাত্রা করলেন।

গোপালবাবুর এই গো এলার্জিটা কীভাবে হয়েছে তিনি নিজেই জানেন না। তবে হ্যাঁ, গ্রামের বাড়িতে

থাকার সময় গো অর্থে গরু প্রাণীটিকে ঠিক তার ধাতে সইতো না। ওনার মনে হতো গরু নামক জীবটি পৃথিবীতে না থাকলেই ভালো হত। সারাদিন এদিক ওদিক চরে বেড়ায় আর বিশ্রী হাম্বা-হাম্বা ডাকে যেন কানে তালা ধরে যায়। জীবটির আচরণ যেমন বেয়াক্কিলপড়া তেমনি তার নামের অর্থও অপমানসূচক।'

(২)

